

স্বামী অভেদানন্দ

আত্মবিকাশ

॥ বাংলা গ্রন্থ॥

ৰামী অভেদানৰ-প্ৰণীভ	मुला	সামী প্রজানানন্দ-প্রণীত স্লা
षांगांत जीवनकथाः	30'00	বাণী ও বিচার (১ম ভাগ) ১৪'০০
খামী অভেদানম :		তীপরেণু: ৮'••
(কালীডপর্য	ही) २'६०	বিবেকানন্দের দাধনার
মরণের পারে:	25.00	মন্ত্ৰভাবনা ও সঞ্চীত :
বোগশিকা:	9.00	রাগ ও রূপ (৪র্থ সং)
পুনৰ্জন্মবাদ :	40	(১ম ভার) ১৬:০০
भिका, नमाज ७ धर्म :	8.00	ঐ (২ন্ন ভাগ) ১৪'০০ ভারতীয় সদীতের ইতিহাস:
মনের বিচিত্র রপ:	8'40	ৰম্বিত ২য় সংকরণ
ভালবাসা ও ভগবংপ্রেম :	5.00	জান্স ভান ১৫.০০
কাশ্মীর ও ডিব্রডে:	30'00	হিতীয় ভাগ ১৫'০০
हिन्द्नात्री :	0.6.	পদাবলীকীর্ডনের ইতিহাস:
আত্মভান	\$minute.	(2月 報告) 25 ***
ভোত্র-রত্বাকর:	8000	দদীতে রবীক্সপ্রতিভার
শাষী বিবেকানন্দ	*16*	माम ३२ '**
वर्षना :	+.≷€	নাট্যসন্দীতের রূপায়ণ:

স্বামী অভেদানন-প্রতিষ্ঠিত

জীরামক্ষ বেদান্ত মঠের মুখপত্র মালিক পত্রিকা "বিশ্ববাদী"

জীরামকৃষ্ণ বেদান্ত মঠ
(পুন্তৰ-প্রচার-বিভাগ)
১৯বি, রাজা রাজকৃষ্ণ স্ট্রীট, কলিকাতা-৬
ফোন—৫৫-১৮০০



कल १ रहा इस १ करती प्रस्त

अ शिविका

স্থার্মী এওেদানন্দ



প্রীরামকৃষ্ণ বেদান্ত মঠ ১৯বি,রাজা রাজকৃষ্ণ স্থীটি কলিকাতা

প্রকাশক: ব্রহ্মচারী প্রণবেশচৈত্তন্ত শ্রীরামকৃষ্ণ বেদাস্ত মঠ ১৯বি, রাজা রাজকৃষ্ণ রীট, কলিকাতা-৬

নৃতন প্ৰকৃষ সংবরণ ১৯৫৭ সাল

মূক্রক : মোহন চাম শীল প্রিশ্ট ও প্রিশ্ট ৬, শিবু বিশ্বাস লেম, কলিকাতা-৬

সূচীপত্ৰ

প্রথম অধ্যায়

বিষয়

9क्षा

॥ আত্মসংযম॥

भु°3-१७

মূপা ও গোণ ধর্ম—ধনের প্রকৃত স্থাপ—আত্মসংয়ম ও আত্মজ্ঞান—মনীয়ী হিরারিটাদের উল্লি—প্রকৃত যোগী কে—যোগশান্তের শিক্ষা কি—পদ্ভাবকে দমন করাই আত্মসংয়ম— স্বশংগত জীবন—যথাধধ বিচারঃ আত্মসংয়মের পণপ্রদর্শক—ইন্দ্রির ও আসন্তি—শরীরের উপর ননেব প্রভাব—বাক্সবিষয়ে কথের অন্তেহণ—প্রব ও দুংধদায়ক বস্তু কি—ইন্দ্রির ও বিশরতোগ—মনের অবচেতন প্রর ও সংস্থার—অধ্যাপক বেনেক (Prof. Bonake) ও উাহার অভিমত—প্রার উইলিয়ান প্রামিশটন ও স্থা সংস্থার—সংস্থারের উল্লেখ ও নৃত্তন সংস্থাব—সংস্থার ও বাসনা—ভোগতৃক্ষার বিবাম—চঞ্চল মনের উলাহরণ—পশুপ্রকৃতির উপর প্রভূত লাভ—ধ্যান ও ধারণা—দুচসংক্রেই আত্মসংয়মের উপার।

দিতীয় অধ্যায়

॥ शाम ७ शांत्रण ॥

9°48-85

হিবাপজির বিকাশ ও আধাাত্মিক প্রাবন—বিচিত্র প্লচি ও দাধনপ্রণালী—রাজ্যোগ
—যোগ অর্থে কি প্রায়—রাজ্যোগী ও মানসিক শক্তি—মনের শক্তি ও মনঃসংয্য
—মনোনোগ কাহাকে বলে—মনোনোগশিক্ত প্রকৃতির অবদান—ইতরপ্রেমীর প্রাণীক্ষর মনোনোগশিকি—মহাযোগশিক কক—মানসিক ও দৈহিক শক্তি—বৈজ্ঞানিক প্রাক্রিয়র প্রতিজ্ঞা মনোনোগশিক্তর কক—মনোনোগশিক্ত কিরপে উত্তর প্রক্রিপ্রাপ্ত হিকাপে উত্তর প্রক্রিপ্রাপ্ত মনীরী এমানন ও একারতা—ইচ্ছাশক্তি ও ধারণা—বাসনা ও চিত্তবিকারের মিরোধ—ধারণা-অভ্যানের প্রণালী—মনীয়ী ডিহেলী—পর্মপুক্রার্থই আত্মান—বোগী ও বিক্তিপ্ত মন—মানসিক অবস্থাব পাঁচটি বিভাগ ও তাহাদের পরিচয়—ব্রক্তামুভূতি ও নিক্ত অবস্থা—অধ্যান—ভদ্কতৈভাজ কম ও তাহার উদাহরণ—ধ্যান ও ধারণার—অভ্যান—বারণাশক্তি ও একারতা—ডাঃ পুই (Dr. Lowes) ও মনোনোগশক্তি—পুইনে সারেণীই ও মানসিক শক্তি—ধ্যান ও ভাহার বিবর্ত্ত নাধক বোগাভ্যান—সাধনার লক্ষা ও কর।

তৃতীয় অধ্যার

🛚 ব্ৰহ্মানুভূতি ॥

983--

ৰনীৰী রাল্ক ওরাল্ডো 'এমার্স নের উজি-পরামান্যা, জীবান্ধা ও জ্ঞান-মহামানব কাহারা-ব্রহ্মজানী দিবাম্বভাব-সাধারণ মামুহ আন্মপ্রভারিত হয়-প্রকৃতির সহিত মানবেব সংগ্রামই জীবন-জড়প্রকৃতির উপর প্রত্ব লাভ-আন্মপ্রকৃতির বিরেশ-আধাান্দিক সংগ্রাম কথন আরম্ভ হয়-মীতিপরারণ বাজির বভাব-স্প্রবৃত্তি ও কৃপ্রবৃত্তি -ত্রিপ্রণাতীত অবহা ও গৌতম বৃদ্ধ-সমাধি বা দিবাজ্ঞানই ক্রেই-'অহং'-অভিনান-জীবান্ধার তিনটি অবহা-সাধক ও সিন্ধি-অস্তোর হারা সভালান্ত হয় বাচিত্তওছি-নিম্মের্থপ্রের ও নিজাম কর্ম-সাধনচতুইর ও অভ্যাস-অভঃপ্রকৃতির ক্রমিক বিকাশ-পর্যসভা জানিবার ক্রমিক সাধন-'এগিরে হাও' এবং কাট্রিরার উপাধ্যান-অলোকিক শক্তিলাত ও সিন্ধি এক বয়-দিবাচকু লাভ ও চরমতবের আভাস সমাধির বন্ধা-প্রত্যাও প্রক্র-লোকনামক বীরামকৃক ও সমাধি-অমুভৃতি ও ব্যান-সমাধির বন্ধা-অনুভৃতি ও ব্যান-সমাধির বন্ধা-অনুভৃতি ও ব্যান-সমাধির স্বাণ্টান্য ও মার্কাস্-অতীব্রিয় ভূমি ও মন-প্রভাইরিয়াস্ ও ডাইওসিনিয়াসমর্মী রাশনিক একহাট-মন ও বৃত্তিপ্রতা-সমাধি ও মূর্জা এক বন্ধ নয়-আন্তর্জানী পুরুবের অবস্থা- ব্রহ্মদর্শনের বিচিত্র পথ-স্বলাকাজাহীন কর্ম-বেদান্তের বাণী-প্রকৃত ধর্ম কাছাকে বলে-নিজ্বক্রপের উপলব্ধি।

॥ উপসংহার ॥

9-68-64

অন্তা হি অন্তনো নাথো কো হি নাথো পরো সিয়া।

—ধন্মপদ, অন্তবগ গো ৪ স্লোক

আত্মাই আত্মার আত্রয়, আত্মাই আত্মার একমাত্র প্রত্, ইহার আর

অন্ত কোন প্রভু নাই।

অন্তা হবে জিতং সেয়ো যা চায়ং ইতরা পজা।

অন্তদন্তস্স পোসস্স নিচ্চং সংযতচারিনো ॥

নেব দেবো ন গন্ধবেবা ন মারো সহ ব্রহ্মনা।
জিতং অপজিতং করিয়া তথাক্রপস্স জন্তনো ॥

—গদ্পদ, সহস্দ বস্পো। ৫-৬

আবাজগী মহাপুরুষ সকলের অপেকা শ্রেষ্ঠ। তিনি সর্বদা সংঘতচিত ! এই প্রকার আত্মবিজ্য়ী পুরুষের বিজয়গৌরব দেবতা পদ্ধর্ব অথবা ব্রহ্মাসহ মার ইহার কেহই নট করিতে পারে না।

॥ ভূমিকা ॥

বাসনাই সংসারের মূল, বাসনা হইতে বিশ্বসংসারের কটি চয়। ঈশর ম্থন ইচ্ছা করিলেন 'বিশ্ব সৃষ্টি হউক' তথনই তাঁহার প্রিত্র ইচ্ছার ইব্লিভে বিশ্বচরাচর ফটি হইল। ঈশ্বরের ইচ্ছাশব্দির প্রতিমৃতি কার্যবন্ধ হিরণ্যগর্ভ দেই দিব্যইচ্ছার মৃতপ্রতীক। মাত্র্যের মধ্যেও ইচ্ছাশক্তি নিহিত এবং সেই ইচ্ছাশক্তির বিচিত্র বিকাশ হইলে সংসারস্থি হয় এবং তাহা কেন্দ্রীভূত, শাস্ত সমাহিত হইলে সংসারের লয় হইয়া থাকে। আতাসভার পূর্ণ-অভিব্যক্তির নাম 'আঅবিকাণ'। বিকাশের কারণ বাসন। 🐵 বাস্নার কারণ মন। মনের জ্পুর নাম অন্ত:ক্রণ। অন্ত:ক্রণকেই মন, বুদি, চিত্ত ও অহফারের থকপ বলে। চিত্তের মৃকুরে অহুসন্ধান করিয়া মাহুধ যাবডীয় বহুকে জানিবার ইচ্ছা প্রকাশ করে, মনের খারা শংকল ও বিকল্প সৃষ্টি করিয়া মামুষ বস্তুর খথার্থ অরুপ নির্ণয় করে, বুদ্ধির হারা ভাছা নিশ্চয় করিয়া সমত বস্তর রহত উদ্ঘাটন করে এবং অহঙ্কারে আপনার দৃদীম আয়তে দকল বস্তুকে সীমাবস্থ করে। আসলে অস্তঃকরণই স্প্রির মূল ও আধার। অস্তঃকরণ বা মন বে বিশ্বস্থানীর কারণ তাহা যোগবাশিষ্টকারও উল্লেখ করিয়াছেন। মাতৃক্য-উপনিষ্দের কারিকায় আচার্য গৌড়পাদেরও ইক্ষিত ভাই। বৌদ্ধ দার্শনিক নাগার্ক্ন প্রভৃতিও মনের সংকল্পকে বিশ্বস্তীর কারণ বলিয়াছেন। সকল দর্শন ও ধর্মগ্রন্থে প্রবৃত্তিকে সংসারের স্টেবীজ বলিয়া নির্দেশ করা হইয়াছে। মনের বৃত্তিচাঞ্চল্যই বিনববৈচিত্রা 🕫

মন শান্ত চইলে আহারপে অবস্থিতি ও শান্তি লাভ হয়। মনকে কি করিয়া জন্ম করা যায়, মনকে বহিম্পী ও বৈচিত্রাগামী না করিয়া কিভাবে আহাবিকাশে নিয়োজিত বা কেন্দ্রীভূত করা যায়, সেই দাধনার উপায় ও ইন্থিত নির্দেশ করিবার জন্মই ক্রমিক দাধনরহন্তের উদ্যাটন করিয়া স্বামী অভেদানন্দ মহারাজ যথার্থ তত্ত্বভানী ও যোগীর দৃষ্টিভঙ্গীতে এই 'আহাবিকাশ'-গ্রন্থ রচনা করিয়াছেন।

'আত্মবিকাশ' Spiritual Unfoldment এই ইংরাজী-গ্রন্থের বলাহবাদ। মূল ইংরাজী গ্রন্থের ভাষা যেমন সহজ্ব-সরল ও প্রসরগন্তীর, তাহার প্রকাশভন্ধীও তেমনি সাবলীল। একদিকে স্থতীক্ষ বিচারশক্তি ও বিশ্লেষণনৈপুণ্য ও অপর দিকে অসুভূতিলক প্রজ্ঞার আলোকে সহজ স্বচ্ছল সরসভা এই গ্রন্থের প্রতিটি পূর্চা সভ্যান্থেষী সাধককে অমুপ্রাণিত ও উদীপিত করে। 'আত্মনংখম', 'ধ্যান ও ধারণা' ও 'ব্রহ্মান্সভৃতি' এই তিনটি আলোচনায় স্বামীল্লী প্রতিপাদন করিয়াছেন মুখ্য ও গৌণ-ধর্য, ধর্মের আসল উদ্দেশ্য আত্মসংখ্য লাভ করিয়া ব্রন্ধজানের অধিকারী হওয়া এবং ধ্যান ও ধারণার ছারা বিকিপ্ত মনকে অন্তম্থী করিয়া আর্জ্ঞাননিষ্ঠ করা মানব্জীবনের উদ্দেশ্য ও লক্ষ্য। ভাই সংকীর্ণ বা 'কাচা-আমি'-রূপ অজ্ঞানতাকে বিচার করিয়া দূর করিতে হয় এবং ইহাই নিংসার্থ প্রেম ও চিগুড়দির উপায়। মনের বৃত্তিশৃক্তটোই মন-নিরোধ বা সমাধির অরপ। এই সকল রহশ্র অন্ধবিদ্বরেণ্য স্বামী অভেদানৰ মহারাজ ঈশ্বর বা আগ্রাকে জানিবার উপান্ন বলিয়া বিরুত করিয়াছেন। সাধনার ক্রমিক উন্নতির পথে অসংখ্য বাধা-বিপত্তি এবং বিভূতির মোহে পাছে সাধক উদ্বেখহীন হন সেইজল্ল সম্বর্পণে মনের বিচিত্র ভরগুলির পরিচয় ও বিকাশের কথা বলিয়া সামীলী মহারাজ প্রম্মত্যের দিকে সাধকের মন আকুট ও প্রিচালিড ক্রিয়াছেন।

মসুস্থানীবনের উদ্দেশ্য আত্মসাক্ষাৎকার করা। বর্ধার্থ যোগী

কথনও যোগজ বিভৃতি ও তুক্ত সাংসারিক বিবয়রপ ভোগবিলাস ও স্থ-সাচ্চল্যের অধিকারী হইতে ইচ্ছা করেন না। মাহুষের ভাল ও মন্দের জন্ত কৃতকর্মই একমাত্র দায়ী এবং কৃতকর্মের সকল দংকার পুরীভূত হইয়া মনের অবচেতন-ভবে বীজাকারে স্থা থাকে। কার্য-কারণহত্ত্তে ঐ সংস্কার কখনও কাব, আবার কখনও কারণরূপে প্রতিভাত হয়। জন্ম-জনাত্তরের পুঞাকৃত হপ্ত সংসাররাশিই ভাগানিয়ন্তা-রূপে মাত্র্যকে সংস্থারকর্মক্ষেত্রে পরিচালিত করে। সংস্থাররাশিই কিন্তু ष्यकान, প্রকৃতি বা মায়া। সংকর্মের অষ্টানের ওয় সং-সংস্কার ভোগপ্রবৃত্তির দিক হুইতে মাগুষকে ফিরাইয়া আনিয়া চিরনিবৃত্তিরূপ আত্মজানের দিকে নিয়োজিও করে। Conquer habit by counterhabit-এই সাধননীতিকে অমুদরণ করিয়া মার্থ ইচ্ছা করিলে সংসার-বন্ধন হইতে এ-জন্মেই মৃক্ত হইতে পারে। একনিট শাধনাই মৃক্তির পথনির্দেশক ৷ সাধনচভুইয়সম্পর মাত্র বিচারজ্ঞানের শরণাপর হইলে অস্ক:প্রকৃতির সকল রহজের সমাধান করিতে পারে, তথন অতীক্রিয় জগতের কোন কথা আর জানিতে তাহার বাকি থাকে না। সভ্যন্তই। লোকোন্তর মহামানবদের লাধনার জলন্ত আদৃশ অন্তব্রণ করিলে মানুষ তাহার মনের দকল রহস্ত ভেদ করিতে পারে। পূবে বলিয়াছি, শাংসারিক বাসনায় আসক্ত মনই মানুষের বন্ধনের কারণ, কিন্তু বিষয়-মোহমুক্ত বিশুদ্ধ ও বিচারণম্পন্ন বৃদ্ধিই আন্মতত্বের নিগৃঢ় রহক্ষের সমাধান করিতে পারে।

অসত্যের বারা সত্য লাভ হয় না; সত্যধরণ অধ্বের প্রবণ, মনন ও নিদিধ্যাসনের সাহাব্যেই আবাসাকাৎকার হয়। দৃদ্দকর, সাধনায় একান্ত নিষ্ঠা, উপরাহ্রাপ, ব্যাকুলতা ও স্বর্গোপরি আত্মজানের অস্ত্র বিচার, অবিরাম বন্ধ, অভ্যাস ও চিন্তা বারা অধ্যাত্মচেতনার পথ উন্ত্রু হয়, ভাহাতেই প্রমের মরিচীকা দূর হয় এবং ব্রশাস্ত্তির অমৃতধারায় পরিপ্ত হইয়া মাহ্ব জাবনে কতকতার্থ হয়। সামী অভেদানন্দ মহারাজ তাঁহার অপূর্ব মনীবাছার। অধ্যাত্মজীবনে উন্নতিকামী সাধকগণকে এই গ্রাছে দিশ্দর্শন করিয়াছেন। এই গ্রন্থে তাঁহার ইঙ্গিত অতীব ফুল্পট। শাশ্বত সভালাভের ছ্রধিগমা রহস্তভেদ করিবার স্থানিতিত নির্দেশ, অমোহ সাধনা ও অমুভূতির প্রতিটি তার অভিক্রম করিয়া সাধন কিরণে নিবিয়ে দিবাজ্ঞান লাভ করিছে পারে তাহারই স্থাংশত ও জ্যিক সাধনার আশাস তিনি এই গ্রন্থে দিয়াছেন।

বর্তমান পঞ্চম সংস্করণে অন্তবাদ অনেকাংশে সংশোধিত ও পরিমাজিত করা হইয়াছে। একটি উপসংহার ও বিভৃত স্থচীপত্র এই সংগ্রণে সংযোজিত হইল।

সামী প্রজানানন

প্রথম অধ্যায়

। আত্মসংযম ॥

প্রত্যেক ধর্ম মুখা ও গৌণ ছুইভাগে বিভক্ত। সাম্প্রদায়িক মতবাদ ও বিধাস, আচার-অনুষ্ঠান, পূজা-পার্বণ ও পৌরাণিক কাহিনী প্রভৃতি প্রত্যেক সঙ্গবদ্ধ ধর্মের গৌণ ব্দেখবা অসার অংশ। তাই বলিয়া এই সকল যে অনাবশ্যক একথা বুঝায় না, বরং ধর্মসাধনার ক্রমিক উল্লভির জ্ঞ প্রাথমিক কোন কোন অবস্থায় ধর্মবিশ্বাসীদের পক্ষে বিশেষ সহায়ক। আমার বক্তবা এই শুধু এই অসার অংশগুলিই যে মামুষকে আখ্যাত্মিক ভাবাপন্ন করিবার জন্ম একান্ত প্রয়োজনীয় এইরূপ মনে করা যুক্তিসঙ্গত নয়, বরং কোনও বিশেষ ধর্মসম্প্রদায়ের বা শান্তবিধানের অমুযায়ী এই সমস্ত আচার-অনুষ্ঠান, পূজা-পার্বণ প্রভৃতি না মানিয়াও যে কোন পুরুষ বা নারী উচ্চতর আধ্যাত্মিক সম্পদ লাভ করিতে পারে। সাম্প্রদায়িক মতবাদ, আচার, বিশ্বাস, পৌরাণিক কাহিনী ইত্যাদি না মানিয়াও মানুষের পক্ষে প্রকৃত ধার্মিক হওয়া অসম্ভব নয়। যাঁহারা মনে করেন যথার্থ ধর্মলাভের জ্ব্য **धरे नमत्र ज्ञात ज्ञानकान ज्ञानकार्यकाल आर्याजनीय कें**श्रिता

আত্মবিকাশ

ধর্মনাধনার প্রকৃত মর্ম জানিতে পারেন নাই। তাঁহারা ভ্রমবশত
ধর্মের অসার অংশগুলিকে সারবস্ত বলিয়া মনে করেন।
এই সকল ব্যক্তির আধ্যাত্মিক অনুভূতিসঞ্জাত অন্তর্নৃষ্টি নাই।
কিন্তু যাঁহারা ধর্মের প্রকৃত স্বরূপের সহিত পরিচিত তাঁহার।
এই সব অসার ও অবাস্তর আচার-অনুষ্ঠানে সময় ও সামর্থাের
অপবায় না করিয়া নিজেদের দৈনন্দিন জীবনে ধর্মের
মূলনীতিকে প্রতিপালন করিতে সচেষ্ট হন। যথাসম্ভব
অল্পকালের মধ্যে এই শ্রেণীর ঐকান্তিক ও সরলচিত্ত সাধকেরা
ধর্মসাধনার গস্তবাস্থলে উপনীত হইতে সমর্থ হন।

শার্দাংযম এবং আত্মজানই ধর্মের প্রাকৃত অথবা মুখ্য অংশ।
নিজের প্রকৃত স্বরূপ অথবা দিব্যপ্রকৃতি উপলব্ধি করার কলে
যে পরিপূর্ণ জ্ঞান লাভ হয় তাহাই আত্মজ্ঞান আর স্বার্থান্ধতা
ও পশুপ্রতিকে সম্পূর্ণ জয় করাকে আত্মসংযম বলে। মান্তবের
পশুপ্রতিকে সম্পূর্ণ জয় করিতে পারিলে আত্মজান
লাভ হয়। প্রাচীন যুগে গ্রীক দার্শনিকগণ আত্মসংযম ও
আত্মজানকে ধর্মের সারবস্ত বলিয়া ব্ঝিতে পারিয়াছিলেন।
সেইজ্ল ডেল্ফির (Delphi) বিখ্যাত মন্দিরের তোরগুলীর্ষে
'আপনাকে জানো' ('আত্মানং হৈ বিজ্ঞানথ') অথবা Know
thyself এই মহাবাণী স্পষ্টাক্ষরে প্রস্তর ফলকে খোদিত করা
হইয়াছিল। প্রাচীন গ্রীসের দার্শনিক মনীষী হিরাক্লিটাস
(Heraclitus) এই উক্তির ব্যাখ্যা প্রসঙ্গে বলিয়াছিলেন:
শিএই উক্তি (Know thyself) সমস্ত ব্যক্তিকে ভাহাদের

দিব্যস্বরূপ উপলব্ধি করিবার জন্ম আত্মসংযম অভ্যাস করিতে অমুপ্রাণিত করে"।

প্রাচীন ভারতের সত্যন্তর্থা আর্যঋষিগণ ধর্মের প্রকৃত আদর্শ এমন নিখুঁৎভাবে আয়ত্ত করিয়াছিলেন যে, অজ্ঞ জনসাধারণের মধ্যে ধর্মের নামে প্রচলিত অবাস্তর ও অযৌক্তিক সমস্ত ব্যাপার হইতে ধর্মের এই বিশুদ্ধ ভাবের স্বাভন্তা রক্ষা করিবার জক্ম ভাঁহার। সর্বপ্রকার যত্ন ও চেষ্টা করিয়াছিলেন। ঋষিদের এই প্রাণপণ প্রচেষ্টার ফলে যোগসাধনার বিচিত্র বৈজ্ঞানিক পদ্ধতি উদ্ভাবিত হইয়াছিল। ধর্মের সারবস্তকে জীবনে পরিণত করা অথবা তাহার সম্বন্ধে বিচার ও বিশ্লেষণে মানুষকে প্রবৃত্ত করাই যোগশান্তের কার্য। যিনি আত্মজনী অর্থাৎ সর্বতোভাবে সমস্ত নীচ প্রবৃত্তি ও পশুভাবকে জয় করিয়া আত্মজানসম্পন্ন তিনিই প্রকৃত যোগী। আত্মসংযম কি ? কি প্রকারে ইহা লাভ করা যায় ? আত্মজ্ঞানের যথার্থ স্থরূপ কি ?—এই সকল বিষয়ের সমাধান করাই যোগশাস্থের বিশেষর। সেইজন্ম যোগদাধনায় অধিকারী সাধকেরা ধর্মের অসার ব্যাপারে পিপ্ত হইয়া অয়থা শক্তিক্ষয় করিতে চাহেন না। তাঁহারা যোগশান্তনির্দিষ্ট বিধিবিহিত সাধনপদ্ধতি অবলম্বন করিয়া এবং ধর্মের চরমগন্তব্যস্থলে উপনীত হইয়া ষাধ্যাত্মিক পরিপূর্ণতা লাভ করেন।

১। হিরাক্রিটাস খ্রীকের অন্তর্গত একিনাস (Ephesus) নগরে ৫০০ ব্রীষ্টপূর্বাকে করেন। ৪৭০ খ্রীক্রপূর্বাকে ঐ নগরীতেই জাহার মৃত্যু হয়।

আত্মবিকাশ

ধর্মের গৌণ বিষয়গুলি যেন একটি প্রকাশ্ত ত্ষের স্ত্পা এবং সত্যের সাবাংশ বা তত্ত্ব ফলের শাঁসের ফায় ভাহার মধ্যে লুকায়িত থাকে। যেথানে এই গৌণভাবের আধিক্য দেখানেই ধর্মের কলুবতা, কুসংস্থার ও কৃত্রিম ধর্মশান্ত্রের উন্তব হইয়া থাকে এবং সেখানেই ক্রিয়াকাও, অনর্থ আচার প্রভৃতি গৌণভাগগুলি ধর্মজীবনের জন্ম অবশ্য পালনীয়—এই ভ্রান্তি ছারা অজ্ঞ জনসাধারণকে অভিভূত করিয়া থাকে। কিন্তু যোগশাস্ত্র সর্ববিধ গোঁড়ামীপূর্ণ মত ও ক্রিয়াকাণ্ড হইতে মুক্ত বলিয়া কোনরপ কলুষতা অথবা কুসংস্কার উহার ভিতরে প্রবেশ করিতে পারে নাই, সেইজন্ম উহা কোন বিশিষ্ট ধর্মতেরও মুখাপেক্ষী হয় না, কারণ উহা বিশুদ্ধ ও সরল। অধ্যাত্মজীবন, উচ্চতবাধেষী একান্থিক এবং অকপট ব্যক্তিগণই যোগশান্ত্রের উপদেশকে সাদরে গ্রহণ করেন এবং সেইজন্ত ধর্মের সারভত্তলিকে উচ্চতম আদর্শরূপে তাঁহার! বরণ করিয়া আপনাদিগকে ধর্মভাবাপন্ন করিতে চেটা করেন। সুতরাং কি উপায়ে তাঁহারা আত্মসংযম ও পরমাত্মাসম্বন্ধে জ্ঞান লাভ করিতে পারিবেন যোগশান্ত্র তাহাই শিক্ষা দান করে।

জীবাত্মার মধ্যে স্প্রভাবে অবস্থিত উন্নত শক্তিসমূহের বিকাশ দারা নীচ প্রকৃতি অথবা পশুভাবকে দমন করাকে 'আত্ম-সংযম' বলে। নিমুশ্রেণীর প্রাণী হইতে ক্রমবিকাশের উত্তরোত্তর স্তরগুলিকে একে একে অভিক্রম করিয়া মানুষ প্রথমে কৈব বা পভস্তরে অবস্থান করে। পরে সে যেরূপে উচ্চ হইডে উচ্চতর অবস্থা লাভ করিতে থাকে সেরপে ভাহার প্রস্থু শক্তিসমূহ ক্রমশ বিকশিত হয় এবং পশুপ্রবৃত্তিগুলিকে সে সংযত ও প্রশমিত করিতে পারে।

যে ব্যক্তি অজ্ঞানে ইন্দ্রিয়বৃত্তির তাড়নায় পরিচালিত হইয়া স্বীয় বৃত্তিরূপ কাম ক্রোধ লোভ মোহ মদ মাৎসর্য প্রভৃতি রিপুদের সেবায় অন্ধভাবে নিজেকে নিয়োজিত করে তাহার চরিত্রে কখনও আত্মসংযমের বিকাশ হয় না। যাঁহারা আপনাদিগকে সংঘত রাখিতে ও মনের বিষয়াভিম্থী উদ্দাম গতিকে দমন করিতে পারেন এবং সঙ্গে সঙ্গে সাধনপথের অস্তরায় বা শত্রুরূপ পশুবৃত্তি গুলি হইতে বিরুত হইয়াছেন তাঁহারাই মুক্তি লাভ করিয়া আজীবন নির্বচ্ছি**র** শান্তি উপভোগ করেন। (কিন্তু যাহারা অবিরত কাম ক্রোধ ঈধা ও ঘুণাদির আক্রমণে অভিভূত তাহাদের মন অস্থির ও চঞ্চল এবং তাহারা সর্বদাই অশাস্ত ও অসুখী।) যাহার। ইন্দ্রিয়ের দাস তাহারা কিরুপে সুখের আশা করিতে পারে। মুক্তির অবস্থাই সূখ, দাসতে সুখ নাই আর সেই মুক্তি বা স্বাধীনতা একমাত্র আস্থসংসম অভ্যাদের স্বারাই লাভ করা যায়। অভএব যাঁহারা ইহজগতে অপার আনন্দ ও শান্তিলাভের অভিলাষী ভাঁহাদিগকে আত্মসংযম অভ্যাস করিয়া আত্মসাধীনতা বা মুক্তি গাভের জন্ম যত্নবান হইতে হইবে।

নিজের মনকে যাঁহারা পরীকা করিতে শিখিয়াছেন এবং নিজের তুর্বলতা জানিতে পারিয়া চরিত্র সংশোধনে সচেষ্ট

আত্মবিকাশ

ইয়াছেন তাঁহাদের পক্ষেই আত্মসংষম লাভ অতি সহজ।
নিম্নশ্রেণীর প্রাণীদের স্থায় কেবল তুদ্ধ ঐহিক সুখের অধ্যেশ
ও ছংখের পরিহার করাই মানবের স্বাভাবিক প্রবৃত্তি। যতদিন মানুষ অজ্ঞানরূপ অন্ধ্রকারে সমাচ্ছন্ন থাকে, যতদিন সে
নিজের সুখ, স্বাচ্ছন্দ্য ও ছংখের প্রকৃত কারণ নির্ণয় করিতে
অক্ষম, যতদিন সে সুখ ও আনন্দ বাহ্যবন্ত অথবা অন্তর
ইইতেই উৎপন্ন হয় ইহা ব্ঝিতে অসমর্থ হয়, ততদিন সে নিজের
উপর প্রভুত্ব লাভ করিতে পারে নাং। প্রকৃতপক্ষে সুখ ও ছংখ
কিরাপ অবস্থার উপর নির্ভর করে ভাহার যথার্থ বিচারই
আ্মুসংয্মলাভের উপায়।

একণে আমাদের মনের বর্তমান অবস্থা কিরূপ তাহা পরীক্ষা করিয়া দেখা যাক। মানুষের মন স্বভাবত ইন্দ্রিয়স্থকর পদার্থ অথবা অন্তরের তীব্র বাসনা ও ভোগের উদ্দেশ্রসিদ্ধির সহায়ক বস্তুসমূহের প্রতি আকৃষ্ট হয়। অধিকাংশ ব্যক্তি ইন্দ্রিয় ও মনের স্বথদারক বিষয়ে আসক্ত এবং তৃপ্তি না পাইলে ভাহারা কোন বিষয় বা যাক্তির প্রতি কথনও সন্তুষ্ট হয় না। এরূপে ইহা হইতে বুঝা যায় তুংখ ও মানসিক ক্লেশ হইতে দূরে থাকাই মানবমনের স্বাভাবিক প্রবৃত্তি। চক্ষু প্রতিকর বর্ণে আকৃষ্ট হইয়া ভাহার দর্শনে আনন্দ পায়, কর্ণ শুমিষ্ট বাক্য স্মধ্র স্বর ও স্কলিত সঙ্গীত শ্রবণে তৃপ্তিলাভ করে। আমরা স্থান্ধ জ্বের আল্রাণ লইতে ও রসনাতৃপ্তিকর খাত আম্বাদন

শলোভীইছৰ বঃ সোচং প্ৰাক্ণৱীরবিমোকণাৎ। কামক্রোধান্তকং বেগ স্বৃত্তঃ সূত্ৰী বরঃ।

করিতে ভালবাসি। কিন্তু একই বস্তু আবার একজনের পক্ষে যেমন ইন্দ্রিয়ন্থকর অস্তের পক্ষে তেমনি কষ্টদায়ক হইতে পারে। চীনদেশবাসীদের পক্ষে চীনদেশীয় সঙ্গীত পরম-উপভোগ্য হইয়া থাকে, কিন্তু ভারতবাদী আমাদের কর্বে তাহা কষ্টদায়ক। আবার আমাদের কর্ণেযে সঙ্গীত আনন্দশায়ক চীনবাদীরা তাহাতে কোনরূপ ভৃগ্রিলাভ করে না। পাশ্চাতা সঙ্গীতে অনভাস্ত হাক্তিগণের নিকট পাশ্চাভ্য সঙ্গীতের স্থর বিকট চিৎকার বলিয়া মনে হয়। অনেকে খাছে উগ্র গন্ধ ও নানাপ্রকার মশলাদি ব্যবহার করিতে ভালবাদে, কিস্ক ব্দনেকে উহাতে বিরক্ত হয়। জিহ্বায় ও কণ্ঠনলীতে লঙ্কার ভীব্র আখাদ কোন কোন ব্যক্তির পক্ষে অভ্যস্ত ক্লচিকর, কিন্ত অপরের নিকট ভাহা আবার কটদায়ক বলিয়া পরিভাক্ত হয়। একই বর্ণ, শব্দ বা আশাদ—একজনের নিকট তৃপ্তিকর হইলেও অপরের নিকট আবার বিষম যদ্রণা-দায়ক হইয়া থাকে। স্তরাং ইহা হইতে প্রমাণ হয় সুথ ও ছঃখ ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর অন্তর্নিহিত কোন গুণবিশেষ নহে, বরং ঐ বস্তুর সহিত শরীর ও মনের যে সাক্ষাৎসংযোগ হয় ভাহাদের অবস্থার উপর স্থুখ ও ছঃখের অমূভব নির্ভর করে। শরীরের উপর মনের প্রভাব বিশেষ প্রবল। কোনও একটি ভাব মনকে অধিকার করিলে শরীরের উপর তাহার প্রভাব বিস্তৃত হয় এবং সমগ্র দেহ সেইভাবে পরিবর্তিত হয়। যে মন এক সময়ে কোন বস্তুবিশেষে অত্যস্ত আনন্দ

পাইভ সেই মনই আবার কোন নূতনভাবে ভাবিত হইলে পূর্বেকার প্রিয় বস্তুর দৃষ্টি পর্যস্ত আর সহ্য করিতে পারে না। মাংসাশী ব্যক্তি যভদিন মনে করে মাংসই ভাহার উপযুক্ত খাল ততদিন মাংসভোজন ভাহাকে তুল্ডিদান করে, কিন্তু নিরামিষ আহারের উপযোগীতার প্রতি আকৃষ্ট হইয়া যথন সে আবার নিরামিষাশী হয় তথন মাংসের গন্ধ পর্যন্ত তাহার পক্ষে অসহা হইয়া উঠে এবং উহাতে বরং সে অখন্তি বোধ করে। তাহার পাকস্থলী আর তথন মাংস পরিপাক করি চাহেনা, মাংস আহার করিলে বরং সে যন্ত্রণা অনুভব করিয়া থাকে। অতএব বলা যাইতে পারে জগতে এমন কোন পদার্থ নাই যাহা হইতে সকল ব্যক্তি অবিমিশ্র সুথ বা ছুংখ লাভ করিতে পারে, অথবা যাহা একই বাক্তিকে সকল সময়ে সুখ বা হঃথ দান করে। যাহারা বাহ্যবস্ত ইইতে সুখ অন্নেষণ করে ভাহারা সকল সময়ে কোন-না-কোন একটি দ্রবাের ভোগে আসক্ত থাকিতে পারে না। প্রত্যহ একটি বস্তু উপস্থোগ করিতে চেপ্তা করিলে শীন্নই তাহাতে ভাহাদের অকচি জন্মিয়। থাকে, কেননা/ভোগের অবশ্যস্তাবী পরিণাম হইল ভোগ-বিভ্ঞা 🕽 সেই সঙ্গে উদাসীনতাও আসিয়া উপস্থিত হয়।

মনে করুন গীতিনাটো অত্যন্ত অমুরক্তা কোন মহিলা অক্স কিছু কাজ না করিয়া শুধু যদি দিবারাত্র একই গীতিনাটা ক্রমাগত প্রবণ করিতে থাকেন ভাষা হইলে নিশ্চয়ই অভি অল্প দিনের মধ্যে উহার প্রতি ভাঁহার বিরক্তি দেখা দিবে। সেইজক্ত

যাহারা কেবল বহির্জগতেই সুখ অন্বেষণ করে ভাহাদের পক্ষে ভোগ্যবস্তুর অবিরত পরিবর্তন হওয়া একান্ত আবশ্যক। ভাই দারিদ্র্যবদত নানাবিধ ভোগ্যবস্তুসংগ্রহে অক্ষম অনেক ব্যক্তি অর্থরাশিকে নিজেদের বাসনাপূরণের একমাত্র উপায় ভাবিয়া আত্ম প্রতারণা করে এবং ঐশ্বর্যশালী ব্যক্তিগণই সুখী এই ভ্রান্ত ধারণার বশবর্তী হইয়া ভাহাদের প্রতি ঈধাপরায়ণ হয়। সেইজক্য যে সকল আনন্দ তাহাদের আয়ত্তের মধ্যে থাকে ভাহাও ভাহারা উপভোগ করিতে পারে না এক এইরূপে জীবনকে তাহার। ছবিসহ করিয়া ভূলে। বিষয়-ঐশ্বর্য কিরূপে ছঃখ ও ছশ্চিন্তা উৎপাদন করে এবং তাহা দারিদ্র্য অথবা ছঃখ অপেক্ষা যে বড় কম হুঃসহ নহে ইহাঞ ব্যক্তিরা বুঝিতে পারে না। আসপে যিনি মনকৈ সংযত করিতে সক্ষম একমাত্র তিনিই প্রকৃত সুথের অধিকারী হইয়া আনন্দে থাকেন। সেইজক্ত অসুখী ব্যক্তিগণের পক্ষে আত্মসংযমের অভ্যাস মহাকল্যাণকর এবং উহাতে ভাহাদের জীবন স্বচ্ছন্দ ও সুথকর হয়।

বাহাবিষয়ে সুখের অয়েষণে মনের যে সাভাবিক প্রবৃত্তি তাহা দমন করিবার পূর্বে আমাদিগকে উপলব্ধি করিতে হইবে যে, সুখানুভব জুঃখবোধের উপরই নির্ভর করে। যদি আমাদের কোনরূপ জুঃখবোধ না থাকে তাহা হইলে আমরা কোন সুখকর অবস্থাও উপভোগ করিতে পারি না, কেননা জুঃখের সহিত তুলনা করিলেই কেবল সুথকে সুথ বলিয়া অমুভব

আত্মবিকাশ

করা ধায়। যেমন বখন আমরা একটি অনুভবের অবস্থা বা মনোভাবকে অপর একটি মনোভাবের সহিত তুলনা করি তখনই তাহাদের একটি যে অন্যটি অপেক্ষা অধিকতর সুখদায়ক তাহা বুঝিতে পারি এবং সেজগু যেটি অপেকাকৃত অল্প ভৃপ্তিকর দেটিকে সাধারণত আমরা ছঃখদায়ক বলিয়া অভিহিত করি। বর্তমানে আমরা যে দকল বস্তু উপভোগ করিভেছি ভাহাদের অপেকা অধিকতর সুখদায়ক বস্তুর অরেষণ করাই আমাদের মনের স্বাভাবিক বৃত্তি এবং দেজগু অধিকতর আনন্দ দিতে পারে এরূপ কোন বস্তুর সন্ধান পাইলে তাহাকে লাভ করিবার জন্ম আনাদের প্রবল বাসনা উদ্ভূত হয়। পুনরায় সেই বাসনা চরিভার্থ হইলে যদি তুলনা করিয়া বুঝিতে পারি যে, পরবর্তী ভোগের অবস্থা পূর্ববর্তী ভোগের অবস্থা অপেকা অধিকতর সুথদায়ক নয় তাহা হইলে আমরা পূর্বের স্থায় আবার অভ্প্ত থাকি, এমন কি পূর্বাবস্থাকে পুনরায় ফিরিয়া পাইবাৰও ইক্তা করি। অতএব ইচা হইতে আমরা বুঝিতে পারি, একই বিষয়ের সংস্পর্শে ভিন্ন ভিন্ন ব্যক্তির সুখ দুঃখ উৎপন্ন হওয়া সম্ভব হইলেও সুখাল্লেষণ ও ছঃখকে পরিহার করাই মনের স্বাভাবিক গতি বা প্রবৃত্তি। যাহরে সংস্পর্ণে আমাদের সুখলাভ হয় সেই বিষয়ে আমরা আসক হইতে ইচ্ছা করি, কিন্তুষে মুহূর্তে আবার আমাদের আকাজ্ঞিত বিষয়গুলি আমাদিগকে তৃপ্তিদান করিতে পারে না দেই মুহুর্তে আমরা তাহাদের প্রতি উদাসীন হুইয়া পড়ি।

কথন কথনও ভাহাদের প্রতি আমাদের ঘৃণার উদ্রেক হয় ও ভাহাদের সংস্রব হইতে দূরে পলায়ন করিতে ইচ্ছা হয়।

আমাদের মন সর্বদা ইন্দ্রিয়পথ দিয়া নৃতন নৃতন উপভোগের বপ্তা অত্যেষণ করে এবং কোন নৃতন বস্তা হইতে সুখকর অমুভূতির উদ্রেক হইবে বলিয়া জানিতে পারিলে তাহাতে আসক্ত হয়। যভদিন এই আসক্তি থাকে তভদিন মনও আসক্তির দাসরূপে থাকে। ঘটনাবশত যদি কোন প্রতিবন্ধক মনকে ভোগের বিষয়লাভে বাধা দান করে ভাহা হইলে মন আবার সেই বাধা অভিক্রম করিতে চেষ্টা করে। সেই বাধার শক্তি ষত প্রবন্ধ হয়, মনের প্রতিহত করিবার চেষ্টাও ততো দৃঢ় হয়। পুনরায় বাসনা অভ্যন্ত প্রবল হইচে এবং সাধারণ উপায়ে ভাহা চরিভার্থ করিতে না পারিলে আমরা প্রায়ই ক্রোধান্ধ হইয়া কোন অভুত উপায় অবলম্বন করি এবং *সেই সঙ্গে* মান্দিক শান্তিলাভের সকল সম্ভাবনাকে জলাগুলি দিতেও কুণ্ঠাবোধ করি না। সামান্ত সামান্ত ভোগবাসনা ক্রেমে প্রবল কামনায় পরিণত হইয়া সমস্ত মনটীকে বিক্সুক্ত করিয়া ভূপে । ক্রেনে ভাহা ক্রোধ ও চাঞ্চল্য পরিণত হয় এবং মনের সেই বিচলিত অবস্থায় যখন আমরা সদস্ভিচারশৃত্ত হই তথনই আমাদের স্মৃতিবিভ্রমওবুদ্ধিভ্রংশ হয়। তখন অপরিণামদশী হইয়া আমরা পশুর স্থায় ব্যবহার করি। বাসনার প্রবল্ভর ভাবই 'কাম' আর দেই প্রবল বাসনাই বাধাপ্রাপ্ত হইলে ক্রোধের আকার ধারণ করে। প্রথম অবস্থায় 'বাসনা', দ্বিতীয় অবস্থায়

আত্মবিকাৰ

কাম' ও তৃতীয় অবস্থায় 'ক্রোধ'-এর উৎপত্তি হয়। কাম ও ক্রোধ গইতে আবার ঘূণা ঈর্ষা প্রভৃতি নানাপ্রকার অকল্যাণকর ভাবের সৃষ্টি হয়। জগতের ভীষণ যত পাপকার্য এই সকল কুভাবেরই বহিবিকাশ মাত্র। যিনি মনকে কাম ও ক্রোধ ঘারা বিচলিত হইতে না দিয়া সংযত রাখিতে পারেন তিনিই প্রতৃত আত্মসংযম লাভ করেন। মন যথন আর বাহ্যবিষয়ে সুখ অধ্যেশ করে না, যখনই উহা পূর্বের অভিজ্ঞতা হইতে ব্রিতে পারে যে ইন্দ্রিয়ন্ত্রথ ক্ষণস্থায়ী এবং সেই কুখ প্রকৃতপক্ষে জাগতিক বিষয়ে নিহিত নহে, বরং তাহা ভোক্তার লারীরিক ও মানসিক অবস্থার উপরই অধিকাংশ স্থলে নির্ভর করে তখনই সেই মন কাম ও ক্রোধকে দমন করিতে পারে।

পূর্বে বলিয়াছি কাম ও ক্রোধ বাসনার দিতীয় ও
তৃতীয় অবস্থা। যোগীদিগের মতে এই বাসনাসমূহ সকলের
মনে সুপ্ত বা অব্যক্ত অবস্থায় থাকে। একণে প্রশ্ন
হইতে পারে এই বাসনাগুলি কেন হয় ? যোগীগণ ইহার
কারণ অধ্যেণ করিতে গিয়া বলিয়াছেন আমাদের মনের
স্থুপ্ত সংস্কাররাশি হইতে বাসনার সৃষ্টি হয় অর্থাৎ সংস্কার—
গুলির জাগ্রত অবস্থাই 'বাসনা'।' যোগীরা আরও বলেন
বহির্জগতের কোন বিষয় ইন্দ্রিয়দ্বারা উপভোগ করার

 [।] গারতো বিষয়ান্ পুসে: সক্তের্ পঞ্চারতে।
সঙ্গাৎ সপ্তারতে কাম: কামাৎ ক্রোধাংইভিজানতে।
ক্রেগান্ ভবতি সম্মোধ্য সম্মোধাং প্রিবিজ্য় ।
ক্রিজানান্ বৃদ্ধিনাশো বৃদ্ধিনাশাৎ প্রনগুতি।

সময় সেই বিষয়ের সহিত সাক্ষাৎ সংযোগের ফলে আমাদের
মনে কতকগুলি পরিবর্তনের ছাপ পড়ে। একটি আপেন্স
থাইলে তাহার আদের একটি ছাপ বা সংস্কার এবং কোন
সঙ্গীত আবণ করিলে তাহার একটি ভৃত্তিকর বা অতৃপ্রিকর
অনুভূতি আমাদের মনে থাকিয়া যায়। এইরূপে বহিবিষয়ের
যে সকল সংস্কার মনের উপরে অন্ধিত হয় সেই সমন্ত সংস্কার
মনে বীজাকারে স্প্রভাবে অবস্থান করে, কারণ কোন
শক্তি কখনও বিলুপ্ত বা সম্পূর্ণভাবে নত্ত হয় না। স্বভরাং
সংস্কারগুলির কোন্টিরই নাশ হয় না।

আমরা জীবনে যে সকল মুখ বা গুংখ ভোগ করিয়াছি ভাহা মনের অবচেতন স্তরে বীজাকারে বা স্থা সংস্থাররূপে সঞ্চিত থাকে। সুপ্ত সংস্থারগুলিই বাসনার কারণ। পাশ্চাত্যদেশের কোন কোন বৈজ্ঞানিকও যোগীদের এই মত সমর্থন করিয়াছেন। অধ্যাপক বেনেক্ (Prof. Benke) তাঁহার Elementary Psychology (প্রাথমিক মনস্তম) নামক পুস্তকে বলিয়াছেন: "মনে একবার যাহা স্তি হয় বাহিরে ভাহার উদ্দীপনা বদ্ধ হইলেও স্ক্লুরূপে ভাহার সন্তা থাকিয়া যায়। যাহা সচেতন বা ব্যক্ত ছিল ভাহা কেবল অবচেতন বা অব্যক্ত রূপে বা অন্তঃপ্রকৃতিতে লীন থাকে"। সার উইলিয়ম হ্যামিণ্টনও মনের এই স্থা সংস্থারের সন্তা স্বীকার করেন। তিনি বলেন: "বাক্ত অবস্থায় যাহা কিছু আমাদের জ্ঞানগোচর হয় সেগুলি

আত্মবিকাশ

অব্যক্ত অবস্থা হইতে স্ট্"। তিনি শ্রেণীবদ্ধ কয়েকটি বিলিয়ার্ডবলের সহিত ঐ সকল সংস্কার অথবা চিস্তাপরস্পরার ভুলনা করিয়া মনের অবচেতন স্তরে (subconscious) মানাসক ক্রিয়ার ব্যাখ্যা করিয়াছেন । ঐরপ শ্রেণীবদ্ধ বলগুলির এক প্রান্থে প্রথম বলটিতে আঘাত করিলে অপর প্রান্থে শেষ বলটিই কেবল গতিশীল হয় ওসেই স্পান্দনটি অন্ত বলগুলির াভতর দিয়া আবার সঞ্চারিত হয়। কিন্তু যোগীগণ বলেন এই সুপ্ত সংস্কারগুলিই সকল বাসনার বীজ বা যথার্থ কারণ। দৃষ্টান্তস্বরূপ মনে করা যাইতে পারে আমাদের চিত্ত যেন একটি সমুদ্র, অমুভূতিশ্বর তাহার উপরিভাগ এবং মুপ্ত সংস্থারগুলি ভাহার উপরিভাগ হইতে বহুনিয়ে বা তলদেশে নিহিত। এক্ষণে আমাদিগকৈ স্বরণ রাখিতে হইবে যাহা কিছু অব্যক্তভাবে থাকে অনুকূল অবস্থার সমাবেশ ইইলে ভাহা বাহিরে ব্যক্ত বা প্রকাশিত হয়। সুপ্ত সংক্ষারগুলি যথন ভাহাদের অন্তর্বতী স্বাভাবিক শক্তিতে বাহিরে বিকশিত হয় তথন যেন উহারা চিত্তসমূদ্রের তলদেশ হইতে অভিস্কা বৃদ্ধরূপে ধীরে ধীরে উপরে উঠিতেছে বলা যায়। এই বুদ্ধকে বাসনার স্ক্র অবস্থা বা সংস্কারের উদ্দীপনা বা উন্মেষ বলা ঘাইতে পারে। ভাষার পর উহারা ক্রমে মনের উপরিভাগে উঠিতে থাকে ও ক্রমশ বৃহৎ হইতে বৃহত্তর আকার ধারণ করে। এই জাগ্রত সংস্কারের বৃদ্দ অবস্থাকে 'বাসনা' বলা হয়। পরে

১। স্থানী অভেদানন: True Paychology, pp.41-4-4

বাসনারপ বৃদ্ধ মনসমূদ্রের উপবিভাগে বিছুকাল ক্রিয়া করিয়া পরিবর্তিত হয় ও তরঙ্গের আকার ধারণ করে এবং সমগ্র মন-সমূদ্রকে আলোড়িত করিয়া অবশেষে এক প্রবল শক্তিপুঞ্জে পরিণত হয়। তথনই আমাদের মন চঞ্চল ও বৃদ্ধি বিদ্রাস্থ হয়, আমাদের বিচারশক্তি নিস্তেজ হইয়া পড়ে। আমরা দেই সকল প্রবৃত্তির বশীভূত হইলে তাহাতে কি ভাল অথবা কি মনদ ফল হইবে তাহাও বৃদ্ধিতে পারি না। আমরা তখন যেন বলপূর্বক বাসনার বিষয়াভিমুখে তাড়িত হই এবং সেইগুলি ত্রাকাজ্কা ও অস্ক্রারাদি মান্দিক ভাথবা ইন্দ্রিয়ের বিষয় নামে পরিচিত।

এই বাসনাতরক্ষ আমাদেব সংথ্যের সীনা অথবা শক্তিকে অতিক্রম করিলে আমরা আর তাহাকে 'বাসনা' বলিতে পারি না। উহা কিছুকাল প্রবল প্রবৃত্তি অথবা কামের প্রচণ্ড আকার ধারণ করে ও সেই প্রবল প্রবৃত্তি আমাদের সায়, মাংসপেশী ও সমস্ত শরীরকে অভিভূত করিয়া কেলে। আর তথনই বাসনাটি চরিতার্থ করার জন্ম আমরা বিশেষ চেটা করি, কিন্তু সেই বিষয়টি পাইলেও আমাদের বাসনা পূর্ণ হইলে দেখি বাসনাজনিত ভৃপ্তি বা আনন্দ অতিশয় ক্ষণিক। যে প্রবল তরক্ষ আমাদের আঅসংযম বিধান্ত করিয়াছিল তাহা তথন ক্রমশ শান্ত হয় এবং যে বাসনা আমাদের মনকে উত্তেজিত করিয়াছিল তাহা পুনরায় অব্যক্ত অবস্থায় অবচেতন ক্ষরে কিরিয়া যায়। তথ্ন ক্ষণিকের জন্ম আবার আমাদের

ভাত্তবিকাশ

মানসিক শাস্তি ফিরিয়া আসে এবং আমরা কিছুক্ষণ মাক্র ষ্মানন্দ ও সুখ অমুভব করি। কিন্তু ইতিমধ্যে আর একটি সুপ্ত সংস্কার বৃদ্ধাকারে প্রকাশিত হওয়ার জন্ম উভ্যম হয়। তাহার পর ধীরে ধীরে উহা মনের অবচেতন স্তর হইতে সচেতন স্তবে প্রকাশিত হয় এবং পূর্বোক্ত প্রক্রিয়ার পুনরাবৃত্তি .ঘটে। যাহার। মনকে সংযত করিতে শিক্ষা করে নাই ভাহাদের দৈনন্দিন জীবন এইরূপ বাসনাসমষ্টির ঘাত-প্রতিঘাত ও সেগুলির ক্ষণিক পরিতৃষ্টিকে লইয়াই গঠিত হয়। মনেব এই ক্ষণস্থায়ী শাস্তিব। তথাক্ষিত স্থলাভের পর বাসনাটি অল্লাধিক কালের জন্ম সুপ্ত বা অব্যক্তাবস্থায় প্রভ্যাবর্তন করে। অবশ্য প্রতিমৃহুর্তে মানুষের মনে এই ব্যাপার সংঘটিত হইতেছে। যেমন কোন ব্যক্তি কোন ভোজে নিমন্ত্রিত হইয়া ষ্মতি স্থাত্ন কোন সামগ্রী আহার করিল এবং ঐ দ্রব্য পূর্বে কথন আহাদন করে নাই বলিয়া সে অভিশয় তুপ্তিলাভও করিল। এখন ভোজন শেষ হইয়া গেলে কি সেই স্বাদের অসুভূতি তাহার মন হইতে লোপ পাইবে ় কখনই না। উহা সুগুভাবে ভাহার মনেই অবস্থান করে এবং পুনরায় ভাহার সেই বাসনা জাগ্রত হইয়া থাকে। স্মৃতিই ঐ পূর্বসংস্কার জাগ্রত করিয়া দিবে এবং উহা পুনরায় নৃতন বাসনার কারণ হইবে। এইরূপে দেখা যায় প্রত্যেক নৃতন সংস্কার আর এক নৃতন বাসনার বীজ বা কারণফরূপ হয়।

যখন কোন ব্যক্তি মাদক জব্য সেবন করিতে আরম্ভ করে

তখন ভাহার কভকগুলি অস্তুত অনুভূতি হয়। উহা যেমন তাহার জড়তা দূর করে, মনে আনন্দ আনিয়া দেয়, তাহার স্বায়্মণ্ডলীকে উত্তেজিত করে এবং কিছুক্ষণের জন্ম তাহাকে মুখী করে তেমনি উত্তেজক পদার্থের কার্য শেষ হইয়া গেলে তাহা হইতে উৎপন্ন স্থকর অনুভূতির ছাপ অথবা সংস্কারও ভাহার মনের মধ্যে থাকিয়া যায়, কিছুকালের জব্য উহা প্রক্লব্ধ বা অব্যক্ত থাকে কিন্তু পরে আবার বাসনা অথবা বৃদ্ধুদাকারে মনঃসমূদ্রের উপরিভাগে ভাসমান ও ক্রিয়াশীল হয়। সেখানে উহা কার্যাকারে তরঙ্গ অথবা তীব্র প্রবৃত্তি সৃষ্টি করে এবং ক্রেমে তীব্রতর হইয়া পুনরায় তাহাকে সেই মাদক জ্ব্য সেবনে প্রবৃত্ত করে। তখন আর একটি নৃতন সুখকর সংস্কার পূর্বসংস্কারের উপর আরোপিত হয় এবং পুনঃপুনঃ এই প্রণালী অমুবর্ভিত হইতে থাকে। প্রত্যেকবার বাসনার বশবর্তী হওয়ার সঙ্গে সঙ্গে পুরাতন সংস্কারটি দৃচতর হয় এবং অবশেষে সঞ্চিত সংশ্বাররাশি এত প্রবন্ধ হইয়া উঠে যে, উহ। এ ব্যক্তির স্বভাবে অর্থাৎ অভ্যাদেই পরিণত ইইয়া যায়।

বিভিন্ন দেশে ভিন্ন ভিন্ন জাতির ভাল ও মন্দ যত প্রকার জভাস দেখিতে পাই সে সমৃদয় এ' ভাবেই সৃষ্টি হয়। আমরা যাহাকে নিমুশ্রেণীর প্রাণীদের সহজ বা স্বাভাবিক জান (instinct) বলি ভাহাও ঠিক ঐ প্রকারে উৎপন্ন হয়। এক জন্মের সঞ্চিত সংস্কাররাশি শরীর বিনাশের সঙ্গেই নত হইয়া যায় না, ভাহারা কিছুকালের জন্ম অব্যক্ত

আন্থবিকাশ

অবস্থায় থাকে এবং পরজন্মে ভাবী বাসনাসমূহের কারণস্বরূপ হয়। আমরা প্রত্যেকে পূর্বজন্মের সক্তিত সংস্থারসমষ্টি
সাইয়া জন্মগ্রহণ করি এবং সেগুলি নানাবিধ প্রবৃত্তি, বাসনা ও
স্বভাবরূপে পরে অভিব্যক্ত হয়। একই পরিবারভূক বিভিন্ন ব্যক্তিতে এত অধিক বৈষম্য হওয়ার কারণও ইহাই,
ভাই কেবল মাত্র বংশগত গুণামুর্ত্তি অথবা পারিপাশ্বিক অবস্থা ও বংশামুক্রমিক ঐ বৈষ্ণ্যের সমাধান করিতে পারে না।

পূর্বে বলা হইয়াছে সংস্থারের সংখ্যা যত অধিক ছইবে বাসনাও তত বৃদ্ধি পাইবে। যদি বাসনাকে জাগ্রত হইতে ও মনের উপর ক্রিয়া করিতে দেওয়া যায় তাহা হইলে উহা কাম ও ক্রোধের আকার ধারণ করিয়া মানসিক স্বাচ্ছন্য নষ্ট করে এবং পুরাতন সংস্কার আবার মূতন সংস্কার ও বাসনার সৃষ্টি করে। অভএব বাসনা চরিভার্থ করিয়া মনকে আয়ত্ত করিবার আশা করা যায় না। উপভোগ্য বস্তু-লাভের হারা ভোগাকাজ্ঞা পরিভৃপ্ত করার কোনই সম্ভাবনা নাই, উহাতে কেবল অগ্নিতে ইন্ধন সংযোগ বা অগ্নিশিখায় তৈল নিক্ষেপের মভো প্রবল করিয়া ভোলা হয়। যভ ভোগ করিবে, বাসনাও তত বৃদ্ধি পাইবে। যে সকল অজ্ঞানী বাক্তি কখনও মনকে বিশ্লেষণ বা বিচার করিয়া দেখে নাই ভাহারাই বাসনার বশবর্তী হয় ও বাহাবস্তুতে সুথের অন্বেষণ করে। বাসনার দাস হইয়া কেহ কখনও আত্মসংযম লাভে কুতকার্য হয় নাই এবং বাসনা চরিতার্থ করিয়াও কেহ কখনও

বাসনামুক্ত হইতে পারে নাই। সেইজন্ম যোগীগণ বলেন: "অগ্নি যেরূপ দুভদারা নির্বাপিত করা যায় না বাসনারূপ অগ্নিও সেরপ ভোগাবস্ত দারা প্রদমিত হয় না। অগ্নিতে যতই মুভাছতি দেশ্যা যায় অগ্নিশিখা ততই আরও প্রজলিত হইয়া উঠে। বিষয়ের ভোগের ছারা সেইরূপ বাসনাও বৃদ্ধিপ্রাপ্ত হয়। যদি কেই পুথিবীর যাবভীয় ভোগ্য বস্তুর অধিকারী হয় তথাপি ভাহার ভোগস্পুতা মিটিবে না, বরং ভাহা আরও অধিক কিছু লাভের অরেষণ করিবে। এখন যদি জিজ্ঞাসা করা যায়, যে ব্যক্তি লক্ষপতি ইইবার জন্ম কঠোর পরি≅ম করিতেছে সে সেরূপ ধনসম্পদ প্রাপ্ত হইলে কি তুপ্ত হইবে অথবা স্থারও অধিকতর লাভের চেষ্টা হইতে বিরত থাকিবে ? না, বরং যতদিন সে জাবিত থাকিবে ততদিন আরও ধনবৃদ্ধি করিতেই। চেপ্তা করিবে। দরিদ্র ধনী হইতে চায়, ধনী লক্ষপতি হইতে ইচ্ছা কবে ও লক্ষপতির মনে কোটিপতি হইবার বাসনা হয় এবং এইরূপে বাসনা বাড়িয়া চলে। তাহা হইলে শাস্তি কোথায় ? সুথই বা কোথায় ? আর মানবেক বিষয়-বাসনার অথবা ভোগতৃঞ্চার বিরামই বা কোথায় ? বাসনাসক্ত ব্যক্তি কি কথনও মনের উপর আধিপত্য লাভ করিতে পারিবে ? সম্ভবতঃ এ জন্মে নয়। ভোগভৃষ্ণাই আমাদের জীবনে প্রকৃত ব্যাধি; আর কাম ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য ঈর্য্যা ও হুণা

১। ন জাতু কাম কামানাং উপজোগেন শাম্যতি। হবিষা কুকাৰ্ম্মের ভুগ্ন এবাভিবর্ষতে —নারদগরিবাজক উ এ৩৭।

আন্তবিকাশ

প্রভৃতি ইহার উপসর্গ। চঞ্চল মন যাহাতে কাম ও ক্রোধরূপ ভরক্ষের আকার ধারণ করিতে না পারে ভাহা লক্ষ্য করিতে হইবে এবং তাহাকে সংযত করিতে হইলে তীব্র ইচ্ছা ও মনোবল থাকা আবশ্যক। কাম ও ক্রোধের দাসস্বরূপ সাধারণ মানবের দারুণ মানসিক চঞ্চলভাকে কোনও যোগী অভি স্করভাবে বর্ণনা করিয়াছেন এবং অফ্স কোন যোগ্যতর উপমা না পাইয়া তিনি উহাকে একটি স্বভাবচঞ্চল বানরের সহিত তুলনা করিয়াছেন। শুধু তাহাই নহে, উহা যথেই হয় নাই ভাবিয়া তিনি বানরটিকে সুরাপানে উন্মত্ত ও বৃশ্চিকদণ্ট বলিয়াছেন। বুশ্চিকদন্ত বাব্রি সারাদিন ছটফট করে, সুতরাং বানরটি এইরপ হইলে বানর বেচারীর অভিরতাও কল্পনা করিয়া দেখিবাব বিষয় ৷ যোগী দেখিলেন তথাপি যেন তাঁহার উপমা অসম্পূর্ণ থাকিয়া গেল। অবশেষে বানর আবার ভূতগ্রস্ত এই বলিয়া তিনি উপমা শেষ করিয়াছেন। অতএব বানর বেচারার ছুরবস্থা বর্ণনা করিবার ভাষা বাস্তবিকই থুঁজিয়া পাওয়া যায় না।

সাধারণত আমাদের মনের অবস্থা এইরূপ। মানুষের মন সভাবতই চঞ্চল। বিষয় বাসনারূপ সুরাপান করিয়া সে আরও চঞ্চল হইয়া ওঠে ভাহার পর সর্বারূপ রুশ্চিক দংশনে সে আরও চঞ্চল হয় এবং অভিমানরূপ অসুর ভাহার মনের মধ্যে প্রবেশ করিয়া উহাকে অভিভূত করিলে সেই চঞ্চলতা আরও চরম হইয়া থাকে। সুতরাং এরূপ অবস্থাগ্রস্থ মনকে বশীভূত করা কভ কঠিন। এক্তপ্ত সমগ্র জগং জয় করা অপেক্ষা মনকে জয় করা আরও কঠিন। যিনি মনকে জয় করিয়াছেন তিনিই শ্রেষ্ঠ বীর ও প্রকৃত বিখ-বিজয়ী। কথিত আছে: "যিনি আত্মজয় করেন তিনি রাজ্যবিজয়ী অপেক্ষাও শ্রেষ্ঠ যোদ্ধা"।

যোগীরা বলেন: "যদি কোন ব্যক্তি যুদ্ধে সহস্র সহস্র ব্যক্তিকে জয় করেন আর অন্য কেহ যদি কেবলবাত্র আপনাকে জয় করেন তবে শেষোক্ত ব্যক্তি বিজয়ীদিগের মধ্যে শ্রেষ্ঠ"।° অভএব মনঃসংযম অফুশীলন করিবার জগু আমাদের বিশেষ যত্রবান হওয়া উচিত এবং মানস প্রকৃতির বিশ্লেষণের সঙ্গে সঙ্গে সর্বদা উহার বিচিত্র পরিবর্তন স্থিরভাবে লক্ষ্য করিয়া আমাদের ইচ্ছাশক্তিকে দৃঢ় ও বর্ধিত করিবার প্রণালী শিক্ষা করা একান্ত কর্তব্য। যোগীপুরুষ প্রতিদিন অভ্যাসের ছারা স্বীয় ইচ্ছাশভিকে ক্রমণ বর্ধিত এবং উচ্চতর শক্তি-সমূহকে জাগ্রত করিয়া যতক্ষণ না সিদ্ধিলাভ হয় ততক্ষণ তুর্ধর্য রিপুগণের সহিত দৃঢ় সঙ্গলসহকারে অবিরত সংগ্রাম করেন। মনের যে অবস্থায় কোন প্রকার কাম অথবা বাসনা উদিত হইয়া চিত্তের শাস্তি কিশ্বা প্রশাস্ত ভাব নষ্ট না করে তাহাকে যোগীগণ পরিপূর্ণ আত্মসংযম বলেন। বাসনাসমূদ্রের জলবিন্দুগুলি কাম-রিপুর আকার ধারণ করিবার পূর্বেই

শংকা করে রাজবল বোধ করে বদ কই।
 আপ মনকো বদ করতা সবসে সেরা এই (--- তুলদীপাস

২। যোচ সহস্সং সহস্দেন সঙ্গামে যাত্রসে জিনে একক জেরমন্তানং স বে সংগ্রামজুন্তনো।

তাহাদিগকে দ্রীভূত করিলে, অর্থাৎ ক্ষীণ বা গুর্বল অবস্থাতে উহাদিগকে প্রতিবোধ করিলে অপেক্ষাকৃত সহজে আত্মসংযমের অবস্থা লাভ করা যায়। বাসনার প্রকৃতিসম্বন্ধে যথার্থ বিচার করিয়া অথবা শাস্ত সমাহিত ও অবিচলিত মনের সহিত বিষয়ভোগ হইতে উৎপন্ন কণন্থায়ীমুখের তুলনা করিয়া এরূপ অবস্থা লাভ করা যায়। সর্বদা অরণ রাখিতে হইবে ইন্দ্রিয়মুখ অথবা কাম ও বাসনার দাসত আমাদের জীবনের সর্বোচ্চ আদর্শ নহে, নীচ পশুপ্রকৃতির উপর প্রভূত্ব লাভ ও ব্রহ্মস্বর্গ প্রতার বিকাশই আমাদের আদর্শ ও জীবনের একমাত্র শক্ষা।

ধ্যান ও ধারণা আত্মসংযম লাভের অক্সভম উপায়। অতএব আমাদের মনকে পরমায়ার প্রতি নিবিষ্ট করিতে এবং সে সময়ে অক্স কোন বাসনা অথবা চিন্তা দ্বারা মন যাহাতে আদৌ বিচলিত না হয় সেই চেষ্টা করিতে হইবে। থাহারা শ্রুর এড়ুইন্ আনজ্রের 'লাইট অফ এসিয়া' (Light of Asia) নামক ইংরাজী কাব্যগ্রন্থটি পাঠ করিয়াছেন তাঁহাদের শ্রুরণ থাকিতে পারে বৃদ্ধদেব যথন বোবিক্রমতলে ধ্যানময় অবস্থায় ছিলেন তথন নানা মুপ্ত সংস্কার তাঁহার মনোমধ্যে জাগ্রভ হইয়াছিল। বৌদ্ধসাহিত্যে উহাদিগকে মূর্তিমান্ পাপপুরুষ মাবের সহচর বলিয়া বর্ণনা করা হইয়াছে। কিন্তু বৃদ্ধদেব সেই সময়ে বলিয়াছিলেনঃ "পরাজিত হইয়া

उत्यदिकः लोनसं आचानः च्या वाटः।
 विमुख्यः।

^{·—}মুগুকোপনিব**ং** ২(২)¢

আ্যাসংগ্ৰ

সামাস্য ইন্দ্রিয়শ্বথের জন্ম লালায়িত ক্রীতদাসের স্থায় হীন
জীবনযাপন করা অপেক্ষা রণক্ষেত্রে শক্রর সহিত সংগ্রাম
করিতে করিতে মৃত্যুলাভও শ্রেয়স্থর" এইরপ দৃচসঙ্করের
দারা বৃদ্ধদেব আত্মজয় করিয়াছিলেন। যে কোন ব্যক্তি এরপ
ঐকান্তির দৃচসঙ্করা ও চরিত্রবলসপ্রম হইবেন তিনিও নিশ্চিত
আত্মসংযমের অধিকারী হইবেন। বাঁহারা আত্মসংযম লাভ
করিয়াছেন তাঁহারাই একমাত্র এ জীবনে শাশ্বতী শান্তি, ও
অশেষ আনন্দ ভোগ করেন এবং সবধর্মের একমাত্র লক্ষ্য সেই
পরম ও দিবাজ্ঞান লাভ করিয়া ধন্য হন।

দ্বিতীয় অধ্যায়

॥ भाग ७ भोत्रका ॥

ইব্রিয়সংযম, রিপুদমন ও মামুষের অন্তনিহিত দিবাশক্তিসমূহ বিকাশের উপরে প্রত্যেক নরনারীর আখ্যাত্মিক জীবন নির্ভর করে। রুচির ভিন্নতা অনুসারে এরূপ অধ্যাত্মিক জীবন লাভ করিবার সাধনপ্রণালীও বিভিন্ন। এই সাধনপ্রণালী বা পদ্ধতিগুলিকে সংস্কৃতভাষায় 'যোগ' বলে। ইহাদের মধ্যে ধ্যান ও ধারণার পথ অথবা সাধনপ্রণালীকে সংস্কৃত ভাষায় 'রাজযোগ' বলে। সত্যানুভূতির ইহা রাজপথ বা প্রশস্ত উপায়। 'রাজযোগ'-শব্দ বিশ্লেষণ করিলে দেখা যায় 'রাজ' অর্থে প্রধান এবং 'যোগ' অর্থে ধারণা বা মনের কেন্দ্রীকরণ। এই ধারণা অর্থ চিত্তকে একাগ্র করার প্রণালী। যোগের অন্যান্ত প্রণালী অপেক্ষা ইহাকে শ্রেষ্ঠ বলা হইয়াছে, কারণ ধারণা ব্যতীত কোন চেষ্টা সিদ্ধ হইতে পারে না । ধারণার ছারা যে শক্তির বিকাশ হয় ভাহা অপেকা জগতে আর কোন উচ্চতর শক্তি নাই। ধারণার অভ্যাসে যে শক্তি লাভ হয় ভাহা বিশ্বপ্রকৃতির যাবভীয় জড়শক্তির উপরে প্রভূত্ব করিতে পারে। রাজ্যোগী বলেন যেইস্থানে তিনি চিন্তারাশিকে কেন্দ্রীভূড করেন সেইস্থানে প্রাকৃতিক কার্যাবলীকে স্বীয় আয়তে আনিতে পারেন। রাজযোগের মতে মন সমগ্র বিখের সর্বপ্রধান শক্তি বা সর্ব বস্তুর নিয়ামক। ভারভীয় হোগীগণ যে অমিত মানসিক

শক্তির অধিকারী বলিয়া পরিচিত, বর্তমান যুগের বিশাস বলে ও মানসিক শক্তির সাভায্যে রোগ আরোগ্যকারিগণ (Faithhealers and Mental-healers) ও খৃষ্টান সায়েণ্টিষ্টগণ (Christian Scientists) ভাছার শতাংশের একাংশ মাত্র আয়ত্ত করিতে পারিয়াছেন।

মনের সমস্ত শক্তি যথায়থভাবে পরিচালিত ও কোন বাহ-বস্তুতে প্রয়োগ ও সন্নিবিষ্ট করা হইলে সেই বস্তুর প্রকৃত স্বরূপ প্রকাশিত হইয়া পড়ে এবং তাহার ফলে এই দৃশ্যমান জগৎপ্রপঞ্জের নিয়ামক প্রাকৃতিক নিয়মসমূহও আবিদ্বত হইয়া থাকে। চারিদিকের বিবিধ বস্তুর প্রকাশকারী বৈহ্যতিক আলোকের রশারাশির স্থায় মনের সমস্ত শক্তিও নানাবিষয়ে বিক্ষিপ্ত চইয়া থাকে। একটি বৈহাতিক আলোক তাহার কুদ্র সীমার অন্তর্গত ধাবতীয় বস্তুকে আলোকিত করে কিন্তু যদি আমরা উহার রশ্মিরাশিকে একস্থানে কেন্দ্রীকৃত করিবার কৌশল অবগত হইয়া সেই কেন্দ্রীভূত আলোক-প্রবাহকে বহুদূরবভী কোন বস্তুর উপর নিক্ষেপ করিছে পারি তাহা হইলে তাহার দারাই সমস্ত বস্তু প্রকাশিত হইয়া উঠিবে। সন্ধানী-আলোক বা সার্চলাইটে (search light) ঠিক এই প্রণালীই অবলম্বন করা হয়। যোগীর কেন্দ্রীভূত বা একাগ্র

>। গৃষ্টিয়ান সামেণ্টাষ্ট্ৰ, কেব হিলাস্তিবং মেন্টাল হিলাস্থানেরিকা ও চ্চোলের নধ্যেত্বত সম্প্রদায়। ইহারা দাবী করেন বে, বীংগৃষ্ট অথবা অপ্তান্ত মহাপুরবগণের স্থায় উচ্চারাও অলৌকিকভাবে লোকের যে কোন যোগ সারাইয়া বিতে পারেন।

আস্বিকাশ

মনকে আমরা একটি মানসিক সাচলাইটের সহিত তুলনা করিতে পারি। সাধারণ দীপের এবং সার্চলাইটের কেন্দ্রীভূত প্রথর আলোকে যেইরূপ প্রভেদ, সাধারণ মানবের বিশ্বিপ্ত মন ও যোগীপুরুষের একাগ্র মনের সহিতও ঠিক সেইরূপ প্রভেদ। যোগী তাঁহার মনের এই সার্চলাইট অজ্ঞাত ও অদুশ্রলোকে যে কোনও দূরত্বের মধ্যে সূক্ষ্রতম বস্তুগুলির উপর নিক্ষেপ করিতে এবং সেই সেই বস্তুসম্বন্ধে যাবতীয় জ্ঞাতব্য বিষয় অভি সহজে অবগত হইতে পারেন। যোগীর সেই একাগ্র মন আবার অন্তর্জগতের দিকে পরিচালিত হইলে অস্ত:প্রকৃতির স্ক্ষাতম তথগুলি উদ্রাসিত হয় এবং আধাাত্মিক প্রকৃতির নিয়ামক যাবভীয় নিয়মকৌশলও আবিস্কৃত হয়। অল্লাধিক পরিমাণে প্রত্যেক ব্যক্তির এই ধারণা-শক্তি আছে এবং প্রত্যেকেই জ্ঞাত বা অজ্ঞাতসারে নিজের দৈন-দিন জীবনে ইহা প্রয়োগ করে। ধারণা অথবা একাগ্রতা আমাদের নিকট সাধারণতঃ 'মনোযোগ' (attention) নামে পরিভিত। মনোযোগ না দিলে আমরা যাহা দর্শন, প্রবণ অথবা অনুভব করি ভাহার স্বরূপ উপলব্ধি করিতে কখনই পারি না। কোনও পুস্তক পড়িবার সময়ে যদি পাঠ্য বিষয় হইতে আমাদের মন জন্ম কোন ব্যাপারে চলিয়া যায় ভাহা হইলে চক্ষু ধন্ত্রের ক্রায় সেই অক্ষরগুলি পাঠ করিয়া ৰাইবে কিন্তু সে পাঠ্য বিষয়ের কোন অর্থ বা তাৎপর্যাই আমরা আদৌ জানিতে পারিব না। যেমন কেই কোন কথা বলিবার সময় আপনি অশুমনস্ক থাকিলে উচ্চারিত বাকাগুলি আপনার কর্লে প্রবেশ করিবে, উচ্চারিত বাকার বায়কম্পন শ্রবণেন্দ্রিয়ের সায়ুগুলি দারা মস্তিক্ষের কেন্দ্রন্থলে নীত হইয়া সেখানকার কোষশ্রেণীতে আণবিক পরিবর্তন সৃষ্টি করিবে এবং এই রূপে শব্দপ্রতীতির জন্ম আবশ্রকীয় শরীরবিজ্ঞান সম্বন্ধীয় যাবতীয় ব্যাপার সংঘটিত হইবে, কিন্তু মনোযোগের শহ্যবে আপনি উহা শুনিতে পাইবেন না। কোন বক্তৃতা শুনিবার সময়ে বক্তৃতা অপেক্ষা অধিকতর হৃদয়গ্রাহী কোন বিষয়ে মনোযোগ নিবিষ্ট থাকিলে বক্তৃতার ভাবরাশিকে আপনি হৃদয়সঙ্গম করিতে পারিবেন না। এইরূপে ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়ামুভ্তির প্রত্যেক ব্যাপারে আপনি দেখিতে পাইবেন ইন্দ্রিয়ের সহিত্ত মনের সংযোগ না থাকিলে প্রকৃতপক্ষে কোন কিছুই অনুভব করা যায় না।

মনোযোগশক্তি আবার সম্পূর্ণরূপে একটি অজিত রুত্তিমাত্র
নহে, উচা প্রধানতঃ প্রকৃতির একটি বিশেষ দান । জনাবস্থা
ইইতেই অনেকের মধ্যে এই শক্তিটিকে আবার সমধিক পরিপুষ্ট
অবস্থায় দেখিতে পাওয়া যায়। যেইস্থানে মনের বিকাশ
সেইস্থানে এই মনযোগশক্তির অল্লাধিক অভিব্যক্তি দেখা যায়,
কেননা ইহা মনের একটি স্বতঃবিকশিত বৃত্তি। মানবের স্থায়
ইতর প্রাণিদের মধ্যেও এই একাগ্র মনোযোগশক্তির বিকাশ
হইয়া থাকে। তবে উহাদের মধ্যে কেবল পরিমাণের
ভারতম্যে, প্রকৃতিগত কোনও পার্থক্য অবশ্য সেখানে

লাগুবিকাশ

কিছু নাই। সকল প্রাণীই প্রথমত নিজ নিজ আহার অংশ্বেশের প্রতি মনোযোগ দেয়। শকুনি তাহার শিকারে মনোযোগ নিবিষ্ট করে এবং দূর হইতে শিকারের প্রতি লক্ষ্য করিয়া ভাহার উপর পতিত হয় ও তাহাকে আক্রমণ করে। ইন্দ্রকে ধ্রিবার সময় বিড়াল অথবা শিকার আক্রমণ করিবার সময় ব্যান্ত প্রথমে মনকে একাগ্র করে, ইন্দ্রিয়চাঞ্ল্য দূর করিয়া দেহ ও মনের বিক্ষিপ্ত যাবতীয় শক্তিকে সে একস্থানে কেন্দ্রীকৃত করে এবং নিজের বাসনা চরিভার্য করিতে কুতকার্য্য হয়। সেই সময় এই শিকারী জন্তদের মনোযোগ এরপভাবে কেন্দ্রীভূত বা একাগ্র হয় যে, অবশেষে শিকারের লক্ষবস্তু ভিন্ন অগ্র কিছুই আর তাহাদের দৃষ্টি আকর্ষণ করিতে পারে না। শিকারীরাও এই ব্যাপারটি সুন্দরভাবে জানে এবং সেজগু বগুজন্তুর শিকারে বহির্গত হইয়া ভাহারা ঐ সুযোগটি অবলম্বন করে। প্রাচীন-কালে ভারতের কোন এক মহাযোগী একদিন দেখিলেন নদীতীরে একটি বক নিশ্চলভাবে দাঁড়াইয়া আছে এবং একটি মংস্তের উপর ভাহার মনোযোগ এরপ গভীরভাবে সন্নিবিষ্ট যে ভাহার পশ্চাতে ভাহাকে বিনাশ করিতে উত্তত শিকারীর প্রতি তাহার আদৌ লক্ষ্য নাই। ইহা দেখিয়া যোগী বলিয়া উঠিলেন: "হে বক, তুমিই আমার একাগ্রতা শিক্ষার গুরু; চিত্তের একাগ্রতা সাধনার সহন্ধে আমি তোমার দৃষ্টাস্কই অনুসরণ করিব"। শিকারী জন্তগণ যেভাবে আহার সংগ্রহ করে ভাহাতে স্পষ্টই দেখা যায় একাশ্রতা অথবা মনোযোগ তাহাদের পক্ষে কতদূর প্রয়োজন। হঠাৎ কোন শব্দে অথবা কোনরপ বাধাদারা যদি তাহাদের মনোযোগ বিক্ষিপ্ত হয় তবে শিকার পলায়ন করিবার বিশেষ সন্তাবনা। নিয়প্রেণীর প্রানীদিগের স্বতঃপ্রবৃত্ত মনোযোগশক্তির এরূপ বহু দৃষ্টাস্ত আছে। এরূপ ক্ষেত্রে মনের সমস্ত শক্তি কেন্দ্রীভূত ও কোন একটি নির্দিষ্ট বিষয়ের দিকে পরিচালিত হয়, প্রত্যেক ইন্দ্রিয় সজাগ ও সম্পূর্ণ সংযত থাকে। কর্মশীলতাও একটি নির্দিষ্ট শারীরিক বিষয়ে নিবিষ্ট হয় এবং দেহের চঞ্চলতা স্তব্ধ হইয়া যায়। নিজেদের অভিজ্ঞতা হইতে প্রাণিগণ এরূপ কার্যপ্রণালীর আবশ্যকতা শিক্ষা করিয়াছে।

মনঃশক্তির যে বিচিত্রধারা বা গতি সমগ্রদেহযন্ত্রটিকে বিভিন্ন
দিকে গতিশীল করে ভাহাকে একটি কেন্দ্রে নিবদ্ধ করিয়া সেই
কেন্দ্রীভূত শক্তিপুঞ্জকে কোন একটি বিশেষ দিকে পরিচালিত
করিলে মনের শক্তি বর্ধিত হইয়া থাকে। সেই মানসিক
শক্তি কথনও দৈহিক বা পৈশিক (muscular) শক্তিরূপে
প্রকাশিত হয়। আমাদের দৈনন্দিন জীবনে আমরা ঐ প্রকার
স্বভঃবিকশিত মনোযোগশক্তির অভিবাক্তি সর্বদা দেখিতে
পাই। যে শিল্পী স্বীয় কার্যে চিত্ত নিবিষ্ট করিয়া ভাহাতে বৃদ্ধি ও
মনকে একত্রে নিবদ্ধ করিতে পারেন, তিনি মহুশ্বচালিত যন্ত্র
(machine) অপেক্ষা প্রেষ্ঠ। মোটরগাড়ীর চালকভাহার কার্যে
সম্পূর্ণ মনঃসংযোগ না করিলে কথনও মোটরগাড়ী চালাইতে
পারে না। এই বিষয়টি স্কবিদিত এবং ভাহার প্রমাণ এই যে

মোটরগাড়ী-চালকগণের যাহাতে চিত্তবিক্ষেপ না হয় সেজস্ত ভাহাদিগকে রাস্তার মধ্যে আরোহীদিগের সহিত বাক্যালাপ করিতে দেওয়া হয় না। অশ্ব অথবা সাইকেলে আরোহণকারী ব্যক্তি যদি চারিদিকের বস্তুর প্রতি ভাহার মনোযোগ আরুষ্ট হইতে দেয় তাহা হইলে হঠাৎ তাহার পড়িয়া যাইবার সম্ভাবনা। কোনও নিপুণ ও অভিজ্ঞাদাবা-খোলোয়াড়কে একদঙ্গে ছয়জনের সহিত খেলায় নিযুক্ত থাকিবার সময় অতি অন্তুত একাগ্র মনোযোগের শক্তি প্রয়োগ করিতে হয়। মৃত্য, গীত, ছবি আঁকা প্রবন্ধ রচনা বা অন্ত কোন কার্যে কেহই আশামুরপ সাফল্য লাভে করিতে পারে না যদি না সে তাহার নিজকার্যে মনের সমস্ত শক্তিকে কেন্দীভূত করিতে পারে। মনের শক্তিকে একাঞ না করিলে কোন বিখ্যাত শিল্পী, ভাস্কর, দার্শনিক, গণিতজ্ঞ বৈজ্ঞানিক, রাসায়নিক, জ্যোতির্বিং, গায়ক অথবা সাহিত্যিকের অভ্যুদয় সম্ভব হইত না। এই শক্তি যতই বিকশিত হইয়া উঠে ইহার ফলও ডক্ট আশ্চর্যজনক হয়। প্রকৃতিরাজ্যের নানাবিধ আবিষ্কার, বিভিন্ন প্রকার বৈজ্ঞানিক যন্ত্র ও দ্ব্যাদির নির্মাণ, আধুনিক বিজ্ঞানের বিশায়কর উদ্ভাবন। ও আবিকার প্রভৃতি যাহা কিছু আমরা দেখিতে পাই সে সমস্তই বৈজ্ঞানিক উদ্ভাবক ও আবিষ্কারকদের অসাধারণ একাঞ্র মনোযোগশক্তির ফল ভিন্ন আর কিছুই নয়। আজন্ম প্রতিভাশালী কোন ব্যক্তি যদি অকন্মাৎ এই শক্তিহইতে বঞ্চিত হন তাহা হইলে তাঁহারও কার্যকলাপ সাধারণ মানুষের স্থায়

হইয়া পড়িবে। কারণ যাহাকে আমরা প্রতিভা বলি, প্রকৃতপক্ষে তাহা মনেরই বিরাট একাগ্রতা শক্তি ছাড়া আর কিছুই নয়। সেই শক্তি ছারা মনের সমস্ত বৃদ্ধি নিদিষ্ট কোন এক বিষয়ে কেন্দ্রীভূত হইয়া এরপ আশ্চর্যকলপ্রদান করে যে, আমরা সেই অন্তুত কার্যদক্ষতার প্রকাশক অথবা সেই শক্তির অধিকারীকে জনসাধারণ অপেকা উচ্চতর স্তরের মনুগ্র বলিয়া গণ্য করি।

আবার যদি জড়বৃদ্ধিসম্পন্ন কোন ব্যক্তি কেবল এই কেন্দ্রীভূত মনোযোগশক্তির উৎকর্ম ও বিকাশসাধন করিতে পারে তাহা হইলে দেও জগতের প্রতিভাশালী ব্যক্তিগণের অক্তভম বলিয়া গণ্য হয়। মনের একাগ্রভাশক্তি এই প্রকারই অপরাজেয়। ইহা আমাদের সমস্ত জ্ঞানের উৎসম্বরূপ এবং সংক্ষেপে বলিতে গোলে আমাদের জীবন এই মনোযোগশক্তির উপর সম্পূর্ণ নির্ভর করে। এই শক্তি সামাত্র পরিমাণে প্রয়োগ না করিলে যে সকল আকম্মিক ছর্যটনা ও বিপদরাশি আমাদের জীবনে আসিয়া উপস্থিত হয় তাহা হইতে আমরা পারিব্রাণ পাই না। তথন আবার অক্তের দ্বারা রক্ষিত না হইলেও আমরা প্রাণ রক্ষা করিতে পারি না। তাহা ছাড়াও আমাদের জীবনে শতকরা নিরানকাইটি ব্যাধিও আক্ষিক ছর্যটনার কারণও জীবনধারণ ও স্বাস্থ্যক্ষার নিয়মসমূহের প্রতি আমাদের সম্পূর্ণ অমনোযোগিতা মাত্র।

মানবশিশু ভাহার জীবনের প্রথম অবস্থায় কোন চাকচিকাময় জব্য, জননী কিংবা ধাত্রীর চক্ষু ও মুখের প্রভি

আত্মবিকাশ

একদৃষ্টে ভাকাইয়া অন্তর্নিহিত এই মনোযোগ শক্তির পরিচয় দেয়। শিশুদের এই সাধারণ, অপরিণত ও সতঃ-বিকশিত মনোযোগশক্তি বয়োবৃদ্ধির সঙ্গে সঙ্গে এবং পার্থিব বস্তুর সংস্পর্শে ক্রমশ পরিপুষ্ট হইতে থাকে।

ইতর প্রাণী, শিশু ও জজ্ঞানী ব্যক্তিগণের মধ্যে ক্ষীণভাবে প্রকাশমান সেই স্বভঃবিকশিত মনোযোগণিক্তি প্রথমে প্রাসাচ্ছাদন প্রাণধারণ প্রভৃতি একান্ত প্রয়োজনীয় বিষয়েই প্রযুক্ত হইয়া থাকে। ক্রমে যথন শিক্ষা ও সাধন দারা আমরা সাধারণ জীবের তার অভিক্রম করিয়া উচ্চতর অবস্থা প্রাপ্ত হই তথন আমাদের মনোযোগশক্তিও বিভিন্নভাবে প্রকাশিত হয়, তথন কেবল ইন্দ্রিয়াক্ষক বা শরীররক্ষার উপযোগী বস্তুতে মনোযোগ না দিয়া বৃদ্ধি ও উচ্চতর প্রকৃতির প্রতি আরুষ্ট বিষয়সমূহের উপরও মনোনিবেশ করিতে আমরা শিক্ষা করি। প্রকৃতপক্ষে তথনই স্বতঃপ্রবৃত্ত অথবা ইচ্ছা ও বৃদ্ধির দারা স্কৃথতে ও স্থারিচালিত মনোযোগের ক্রিয়া আরম্ভ হইতে থাকে। তাহার পর আবার উহা দ্বারা বৃদ্ধিবৃত্তির অনুশীলন, মানদিক শক্তিপাত ও নব নব চিম্ভান্তোতের সৃষ্টি হয়।

এই একই মনোযোগশক্তি নৈতিক নিয়মাবলী পালনে এবং আমাদের সমাজভুক্ত ব্যক্তিগণের কল্যাণকর সংকর্ম সাধ্যে নিয়োজিত হইলে আমাদের মনের আরম্ভ অধিকতর বিকাশ ও উৎকর্ম সাধিত হয়! আবার যখন আমাদের স্বতঃপ্রবৃত্ত মনোযোগ আধ্যাত্মিক জীবনের অভিমূখে পরিচালিত হয়

তখন উহা আমাদিগকে পুণ্যবান ও ধার্মিক করিয়া আমাদের অস্তর চরিত্রের যথেষ্ট উন্নতিসাধন করিয়া থাকে। পরিশেষে উহা একাগ্র হইয়া আত্মা অথবা পরমেশ্বরের ধ্যানে অভিনিবিষ্ট হইলে মামুষ দিবাজ্ঞান লাভ করে। এই দিব্যক্তান জীব লাভ করিলে অবিভা, মোহ ও স্বার্থপরতার বন্ধন হইতে মুক্তি লাভ করে এবং নিরবচিছর আনন্দের অধিকারী হয়। এই আধ্যাত্মিক চরমাবস্থার নাম 'সমাধি' অথবা ব্রহ্মস্বরূপতা প্রাপ্তি। অভএব যে পরিমাণে মানবজাতিকে এই বর্তমান সভাতা ও শিক্ষা উন্নতির অবস্থায় আনয়ন করিয়াছে, যে কোন কার্য হইতে দৈহিক এবং নৈতিক কল্যাণ, মানসিক ও আধ্যাত্মিক-উন্নতি এবং উপলব্ধি সম্ভব হইয়াছে সে সমস্তই স্থানিয়ন্ত্রিত ও একাগ্র মনোযোগশক্তির ফল বা বিকাশমাত। দার্শনিক মনীধী এমার্স নe (Ralph Waldo Emerson) বলিয়াছেন : "একাগ্রভাই মানবজীবনের একমাত্র কল্যাণ। রাজনীতি, যুদ্ধকৌশল, বাণিজ্ঞা এবং মানবজাতির অন্ত সমস্ত কর্মকেত্রে একাগ্রতাই একমাত্র সমস্ত শক্তির উৎসম্বরূপ"। যে স্বতকুর্ত মনোযোগের গতি প্রকৃতির দানস্বরূপ তাহা ইচ্ছাপ্রণোদিত চেষ্টার দারা পরিচালিত হইলে যাবতীয় হজের সভ্য ও বিশ্বের নির্বিশেষ সত্তাকে ধারণা করা যায় ৷ বাস্তবিক শক্তিকে সংযত করিরার কৌশল অবগত থাকিলে ঐ সামান্ত শক্তিই সুবিপুল ও সুদৃঢ় হয়। বাগানের মালি যেইরূপ কুজ কুজ পল্লব ক্রমাগত কাটিয়া ছাটিয়া গাছের সমস্ত রস্টুকু

আত্রবিকাশ

বহুশাখা ও প্রশাখায় বিক্ষিপ্ত হইতে না দিয়া ছই একটি সভেজ পুষ্পমুকুলেই মাত্র কেন্দ্রীকৃত করে, যোগীও সেইরূপ তাঁহার মনের সমস্ত বিক্ষিপ্ত শক্তিরাশিকে সংযত এবং সমগ্র আন্তর শক্তিপুজকে একন্থানে কেন্দ্রীভূত করে। যোগী মনের অন্য সমস্ত কর্মপ্রকৃতি নিরোধ করিয়া এরূপ শক্তি সঞ্চয় করেন যে, প্রতি কার্যে তাহা অতি অন্ত ফল প্রদান করে।

ইচ্ছাশক্তি দারা মনোযোগকে আয়ন্ত বা কেন্দ্রীভূত কবাকে সংস্কৃত ভাষায় 'ধারণা' বলে । পরিপূর্ণ ধারণাশক্তি অথবা একাগ্রতা হইতে অস্কর ও বহির্জগতের উপর পূর্ণ-আধিপত্য লাভ করা যায়। মহর্ষি পতঞ্জলি তাঁহার যোগস্করের ভূতীয অধ্যায়ে এই প্রকার উচ্চাঙ্গের ধারণাশক্তি সম্বন্ধে বর্ণনা করিয়াছেন। মন যথন বিভিন্ন রূপধারণে প্রতিনিবৃত্ত হইয়া দেহের ভিতরে অথবা বাহিরে কোন একটি বস্তুবিশেষে অভিনিবিত্ত হইয়া দিহের ভিতরে অথবা বাহিরে কোন একটি বস্তুবিশেষে অভিনিবিত্ত হইয়া দিহিত্যাভ করে ভথনই তাহাকে 'ধারণা' বলে।

ক্রমাগত অভ্যাস ছারা অস্থিরতা, কুপ্রবৃত্তি,—নীচ বাসনা ও চিন্তবিকার প্রভৃতি নিরোধ করিঙ্গে মনের সমস্ত শক্তিকে এক কেন্দ্রে আনয়ন ও কোন লক্ষ্য বস্তুতে নিবিষ্ট করা যায় এবং

>। "দেশবৰ্জ চিত্ত বাৰণা" !—পাতপ্ৰসদৰ্শন ০/১ , বেদান্তমারেও (২০৫-২০৬) বলা হইগাছে: "ইন্দ্ৰিরাণাং স্থাবিবয়ে গ্রাতাগ্রণঃ প্রত্যাকারং। অভিটারনস্থান স্থাবিক্রিস্থারণং ধারণা।"

সেই প্রণালীকে 'ধারণা' বলে। একাগ্র মনঃশক্তিকে যে নির্দিষ্ট বস্তুতে প্রয়োগ করা হয় দেই নির্দিষ্ট বস্তুর প্রকৃতি অনুসারে ঐ প্রকার ধারণার ফলও বিভিন্ন হইয়া থাকে। সর্বশ্রেষ্ঠ ফল-লাভের জন্ম ধারণার প্রধান সহায় প্রথমতঃ ধারণার বিষয় ও সম্বন্ধ নির্ণয়ে যথার্থ বিবেক বা বিচার; দিতীয়ত ঈন্দিত বস্তুসম্বন্ধে স্পষ্ট ও নির্দিষ্ট জ্ঞান; তৃতীয়তঃ, আত্মবিশ্বাস এবং চতুর্থত, দৃঢ়সঙ্কল্ল, স্থির উদ্দেশ্য ও অধাবসায়। মনীধী ডিস্রেলী (Distaeli) বলিয়াছেনঃ "দীর্ঘকালবাণী গভীর চিম্তার পর আমি এই সিন্ধান্তে উপনীত হইয়াছি যে, স্থিরসঞ্চল্লবন ব্যক্তির পক্ষে সিন্ধিলাভ অবশ্যস্তাবী এবং তিনি যে ইচ্ছাটিকে পূর্ণ করিবার জন্ম সম্ভন্ন করেন কোন ব্যক্তিই ভাহাকে প্রতিরোধ করিতে পারে না"। যোগীর মতে দৃত্ ও স্থিরসম্বন্ধ, কৃতনিশ্বয় এবং উদ্দেশ্যসাধনে অটল মন অল্পকালের মধ্যেই উন্নত ধারণাশক্তি লাভ করে।

সরপদন্তার রহস্ত উন্মোচন অথবা আয়জ্ঞানলাভে মানবের পরমপুরুষার্থ লাভ হয়। দেইজন্ত প্রকৃত যোগী সংসারী বাক্তিদিগের স্থায় নশ্বর শ্রুথের অন্বেষণে মনকে একাগ্র ও নিয়োজিত করিতে চাহেন না। এমন কি ক্ষণকালের জন্মও অতৃপ্রিকর বস্তগুলিকে ত্যাগ করিবার জন্ম তিনি মানসিক শক্তি ক্ষয় করেন না। তিনি অপরের ব্যাধিতে মনোনিবেশ করিয়া মানসিক শক্তিগুলিকে বিক্ষিপ্ত করিবার কোন চেষ্টাও করেন না। তথাক্থিত সভাজগতের একচেটিয়া ব্যবসাদির স্থায়

আত্মবিকাশ

অস্তের ক্ষতি করিয়া নিজ স্বার্থসিদ্ধির জন্ম যোগী কথনও নিজের সমস্ত শক্তিকে কেন্দ্রভূত করেন না অথবা যাহ্যবিদ্যা প্রভৃতি অভ্যাস করেন না। প্রকৃত যোগী কখনই ঐশ্বর্যের ধ্বংসশীল ছায়ামৃত্তির অনুসরণে অসার পার্থিব উচ্চাকাঞ্জনায় মনকে একাগ্র কবিতে ইচ্ছুক নহেন। আধ্যাত্মিক তত্ত্ব উপলক্ষি করিবার জন্ম এই একাগ্রভাশক্তিকে ক্ষয় না করিয়া বহুল পরিমাণে সঞ্চিত করিয়া রাখা আবশ্যক ৷ যোগীদের মতে উক্ত প্রকার বিক্ষিপ্ত মন অথবা একাগ্রহীনডাদ্বারা শক্তির অপচয় হয়। পার্থিব সমস্ত বস্তুই আধ্যাত্মিক উন্নতির পথে বিশ্বস্থরূপ। জাগতিক বস্তুসকল কেন যে ধর্মোন্নতির অস্তরায় এ বিষয় পৃথিবীতে অতি অৱ লোকে বৃথিতে পারে। কিন্তু যিনি মিখ্যা হইতে সভ্যকে, অসং হইতে সংকে এবং জড়বস্ত হইতে চৈতত্য অথবা আত্মাকে বিচার দারা পৃথক বলিয়া উপলব্ধি করিতে পারেন তিনিই যথার্থ ধোগী। প্রকৃত যোগী ক্ষাস্থায়ী ও অনিতা বস্তলাভের জন্ম অথবা শক্তিক্ষয় করিতে ইচ্ছা করেন না। জীবনের সর্বোচ্চ আদর্শ শাভ করাই ভাঁহার একমাত্র অভিলায়। সেজগু তিনি প্রম-সত্যের বা বিশ্বের অখণ্ড সত্তাকে লাভ করিবার জন্ম তাঁহার চিন্তা নিবিষ্ট করেন। এরূপ ধারণার ফলে সমাধি অথবঃ চিত্তের সমাহিত ও অতীব্রিয় অবস্থালাভ হয় এবং কেবলমাত্র <u>দেই অবস্থাতে ঈশরের সাক্ষাংকার অথবা ব্রহ্মের সহিত</u> একাত্মতা উপলব্ধি করা সম্ভব ।

হিন্দু মনোবিজ্ঞানবিদ্দের মতে সমস্ত মানসিক অবস্থাকে পাঁচ শ্রেণীতে বিভক্ত করা হইয়াছে; যেমন (১) ক্ষিপ্ত, (২) মূঢ়, (৩) বিক্ষিপ্ত, (৪) একাগ্র ও (৫) নিরুদ্ধ। প্রথম, ক্ষিপ্ত অবস্থায় মন চতুর্দিকে ছড়ানো অর্থাৎ স্বদা চঞ্চল খাকে। এইপ্রকার মন কোন-না-কোন কাজে সর্বদা ব্যাপৃত থাকিতে চায়, কখনও শাস্ত থাকে না। এইরূপ অবস্থায় সমগ্র মন মত্ত হস্তীর ভায়ে যথেচছভাবে যে কোন দিকে ধাবিত হয় , তখন তা লক্ষ্যভষ্ট অথবা উদ্দেশ্যহীন হইয়া ইতপ্ততঃ ছুটিয়া বেড়ায় এবং কিছুতে বশীভূত হয় না। সুভরাং যাহাদের মানসিক সবস্থা এইরূপ ভাহারা মনের উদ্দেশ্যহীন চাঞ্জ্য-দমনের চেঠা করে না, কারণ ভাহাদের বিশ্বাস যে উহাই ভাহাদের সহজ অবস্থা এবং অন্যান্ত অবস্থাগুলি অস্বাভাবিক ও বিকৃত। কিন্তু ভাহাদের মন্যন্ত্র এতই উদ্দামগতিতে ক্রিয়া কবিতে থাকে যে, সেই গতিকে সামাগুভাবে হ্রাস করিতে ও ক্রণিক বিশ্রাম-লাভ করিতে বলিলে ভাহারা আপনাদের অন্তিমের লোপ হইবার অথবা স্বাতন্ত্র্য নাশের ভয়েও ভীত হয়। তাহাদের ধারণা যে বিশ্রামের অর্থ নিজা কিংবা মৃত্যু।

দ্বিতীয় শ্রেণী হইল মৃচ্ অর্থাৎ নির্বোধ, বিহুবল ও বিকৃত বৃদ্ধিসম্পন্ন অবস্থা। যাহারা জড়বৃদ্ধি, অলস, নিজিয় ও নির্বোধ তাহারাই এই শ্রেণীর অন্তভুক্ত। এইপ্রকার অবস্থায় মেধা, বৃদ্ধি ও বিচারশক্তি যেন অজ্ঞানের অন্ধকারে আচ্ছন্ন হইয়া থাকে।

ভান্থবিকাশ

যাহা হউক এই অবস্থা-চুইটি যেন মনের অস্থিরতা ও জড়তার চরম সীমা। ভৃতীয় অবস্থার নাম 'বিক্ষিপ্তাবস্থা', অর্থাৎ মন এই অবস্থায় কখনও কৰ্মশীল আবার কখন বা জড়বং থাকে। চড়ুর্থ অবস্থার নাম একাগ্র অর্থাৎ একনিষ্ঠ অবস্থা অথবা কোন বিষয়ে সম্পূর্ণ অভিনিবিষ্টতা। পরিশেষে যে স্থনিয়ন্ত্রিত ও একাগ্রীভূত অবস্থায় সৰ্বপ্ৰকার কৰ্মপ্ৰবৃত্তি রুদ্ধ হয় এবং যাহা ছারা মন ভাহার সমস্ত সীমার গড়ী অভিক্রম করিয়া অভীব্রিয় ভূমিতে সমাহিত হয় ও ব্ৰহ্মাত্মভূতি লাভ করে তাহাই 'নিক্দ্ৰ' নামক পঞ্চম অবস্থা। প্রথম অবস্থা-ভিনটি সাধারণ মানুষের মধ্যে দেখা যায়, উহাদের কোনটিই আধাাত্মিক জীবনে সহায়তা করে না। শেষোক্ত অবস্থা-চুইটিই কেবল আধ্যাত্মিক উন্নতির সহায়ক। চতুৰ্থ অবস্থায় সমগ্ৰামন যখন একটি বিষয়গত বা একাগ্র হয় তখন আমরা সমস্ত বস্তুর প্রকৃত স্বরূপ উপলক্ষি করিতে পারি। তথন মনের অশান্তিকর বিকারগুলি হ্রাস প্রাপ্ত হয় এবং পার্থিব বিষয় ও ইন্দ্রিয়ন্থভোগের বাসনা-গ্রন্থিতলি শিথিল হইয়া যায়, মানসিক সমতা আর নষ্ট হয় না। মনের এই চতুর্থ অবস্থা হইতে ক্রেমণ পঞ্ম অবস্থা লাভ হয়। তখন মনের উপর মাযুষের সম্পূর্ণ আধিপত্য লাভ হয়। অভএব যাহারা আধ্যাত্মিক পূর্ণতা লাভ করিতে অভিলাষী তাঁহাদিগকে শেষোক্ত অবস্থা ছুইটিডে উপনীত হুইবার জগু একাস্ত প্রবলভাবে চেষ্টা করিতে হইবে।

ধারণার পঞ্চম স্তবে অতীন্দ্রিয় অবস্থা লাভ হইলে জ্ঞাতা বা আত্মার প্রকৃত স্বরূপ প্রকাশিত হয়, কিন্তু সময়ে জ্ঞাতা চিত্তের বিকারের সহিত অভিন্ন বলিয়া প্রতীয়মান হয়। কখনও ভাল কখনও বা মন্দভাবের উদ্রেক, কখনও মানসিক আবেগ, সুখ ও ছঃখকর অমুভূতি এবং কথনও বা স্থূলশরীর ও নানাপ্রকার দৈহিক ব্যাধির সহিত জ্ঞাতা তদাকার-কারিত হইয়া যায়। দেহ ও মনের বিকারগুলির সহিত আবার এই অভিন্ন ভাবের প্রভীয়মানভা অথবা একত্বের অধ্যাস^১ আমাদের যাবভীয় বন্ধন ও ছঃখ-কটের কারণ। শোক ও ছঃখের জ্ঞাতা জীবাত্মা উহাদের (শোক ও ছঃখের) সহিত আপনাকে অভিন্ন বলিয়া মনে করিলে শোক-ছঃখভোগীরূপে প্রভীয়নান হয়। কিন্তু প্রকৃতপক্ষে জ্ঞাতা জ্ঞেয়বস্তু হইতে সর্বদা স্বতন্ত্র ও পৃথক। এই অবস্থার দৃষ্টাম্ভ এই যে, একটি লৌহপিণ্ড অগ্নিকুণ্ডের মধ্যে বহুক্ষণ থাকিলে উত্তপ্ত প্রেলাহিত দেখায়। অজ্ঞ ব্যক্তি জ্বলম্ভ লৌহপিণ্ডের প্রতি দৃষ্টিপাত করিয়া উহাকে অগ্নি বলিয়া ভ্রম করে। বৃদ্ধি, মন ও দেহকে লোহপিত্তের সহিত এবং চৈতক্তকে অগ্নির সহিত তুলনা করা যায়। বৃদ্ধি, মন ও দেহ আত্মার প্রকৃত সত্ত্বা চৈতন্তরূপ অগ্নিতে উত্তপ্ত বা প্রজ্ঞানত হইয়া অজ্ঞানীর নিকট চৈতক্সময় বলিয়া প্রাতভাত হয়। ভ্রমের জন্ম দেহ ও মনের বিকারকে নিতাশুদ্ধ

১। এই 'অধাস' বলিতে প্রকৃতপকে কি বৃ্ধায় এবং কিরপে বা তাহা হয় আচার্য
শক্ষর ব্রহ্মপুত্রের অধ্যাসভাগ্রে ভাহা বিভৃতভাবে আলোচনা করিয়াছেন।

<u>আত্মবিকাশ</u>

চৈতক্সধরণ আত্মার সহিত অভিন্ন বলিয়া মনে হয়। যেইরূপ
অগ্নি হইতে লৌহপিওকে পৃথক করিশে আমরা তাহার বথার্থ
স্বরূপ জ্ঞাত হই সেইরূপ সমাধির অবস্থায় চৈতক্তরূপ অগ্নি
হইতে চিত্তরূপ লৌহপিওকে পৃথক করিয়া দেখিলে তাহারও
প্রকৃত স্বরূপ অবগত হওয়া যায়। সে সময়ে আমরা উপলব্ধি
করি উহাও (চিত্তও) লৌহপিওের ক্যায় স্বরূপতঃ জড়,
কেবলমাত্র শুদ্ধচৈতক্ত বা আত্মার আলোকে উদ্থাসিত হইয়া
জীবস্ত অথবা সচেতন বলিয়া প্রতীয়মান হয়।

অন্ত দৃষ্টান্ত ঘারাও ইহা ব্ঝানো ঘাইতে পারে। যেমন একখণ্ড বিশুদ্ধ ফচ্ছ ফটিকের নিকট উজ্জ্জন্বর্ণ কোন রঙীন বস্তু থাকিলে ফটিক ভাহার উপর রঙের ঘারা এরপভাবে রঞ্জিত বলিয়া মনে হয় যে, কেবলমাত্র অতি সুক্ষদশী বৃকিতে পারেন শুদ্ধ ফটিকের ফভাবত কোন বর্ণ নাই। এইরপ আসক্তি, চিন্তা, ভাব ও বাসনা প্রভৃতি চিন্তের সভত পরিবর্তনশীল বিকারসমূহের ঘারা চৈত্যু বা আখ্যার প্রকৃত স্বরূপ আরুত থাকে এবং আত্মারূপ শুদ্ধ ফটিকটি সভ্য সভাই ঐ সকল বিকারপ্রস্ত বলিয়া ভ্রম হয়। প্রভীয়মান পদার্থ হইতে সভ্যবস্তুকে যথার্থভাবে পৃথক করিবার যে বিচারশক্তি ভাহাই আমাদিগকে উক্ত উভয় ক্ষেত্রে প্রকৃত ভব্ব জানাইয়া দেয়। যদি কেহ মুহুর্ভের জন্ম ভাহার প্রকৃত তব্ব জানাইয়া দেয়। যদি কেহ মুহুর্ভের জন্ম ভাহার প্রকৃত স্বরূপকে মানসিক ক্রিয়াসমূহের পরিবর্তনশীল প্রতিবিশ্ব হইতে মুক্ত করিতে পারেন ভাহা হইলে সেই মুহুর্ভে তিনি আত্মাকে উপলব্ধি

করিতে পারেন তিনি আর ভ্রমে পতিত ইইবেন না এবং দৈহিক ও মানসিক বিভিন্ন বিকারসমূহের সহিত নিজেকে আর এক বলিয়াও মনে করিবেন না।

এই উপলব্ধিলাভের একমাত্র উপায় ধাান ও ধারণার অভ্যাস। মনের ধারণাশক্তি বৃদ্ধি করিবার বিভিন্ন প্রণালীও পাছে। যেসকল ধর্মগুরু বহুকাল ধরিয়া যাগ্যজের সমস্ত প্রণালী সাধন করিয়াছেন এবং গাঁহাদের জীবন পবিত্র নির্মল ও নিক্ষলঙ্ক ভাঁহাদের নিক্ট হুইভেই সাধনার সেই প্রণালীগুলি শিক্ষা করা উচিত। যে কোন ব্যক্তি রাজ-যোগ বা যোগশান্ত্রীয় কোন পুস্তক হইতে অবশ্য কয়েকটি প্রণালী অভি সহজেই শিক্ষা করিতে পারে, কিন্তু যোগসিদ্ধ গুরুর সাহায্য ভিন্ন সেগুলি অভ্যাস করিতে চেষ্টা করা উচিত নয়। একমাত্র মানসিক অথবা শারীর-মানসিক (physicomental) উপায়ে ধারণাশক্তি লাভ করা যায়। নির্দিষ্ট কোন বিন্দু, ভাব বা অমুভূতিবিশেষে মনকে স্থির করাব চেষ্টা হুইতেই মানসিক একাগ্রতার সাধন আরম্ভ হয়। মনে কর যথন ভূমি ভোমার কনিষ্ঠ অঙ্গুলিতে মন স্থির করিতে চেটা করিতেছ তথন ভোমার কেবলমাত্র কনিষ্ঠ অঙ্গুলি অন্থভব করিবে এবং সমগ্র শরীরে বিক্ষিপ্ত মানসিক শক্তিসমূহকে একত্র করিয়া সেই অঙ্গুলিতে কেন্দ্রীভূত করিবে। সে সময়ে অগু কোন চিন্তা অথবা কোন ভাব মনোমধ্যে ভোমার উদিত হুইতে দিবে না এবং তাহার দ্বারা মনোযোগ বিক্তিপ্ত ও বিচলিত

আত্মবিকাশ

হইতে অথবা অস্ত কোনদিকে মনকে হাইতেও দিবে না। কয়েকদিন যাবং অভ্যাসের পর দেখিবে যে, তুমি মনকে আয়ত্ত ও নির্দিষ্ট একটি বিষয়ে স্থির করিয়া রাখিবার কিঞিং শক্তি লাভ করিয়াছ। এইরূপে স্বেচ্ছাকুত মনোযোগশক্তির উপর পূর্ণ আধিপতা লাভ করিলে তুমি বাহিরের বা অভরের সাকার অথবা নিরাকার, মূর্ভ বা অমূর্ভ, জড় বা আধ্যাত্মিক যে কোন বিষয়ে মনকে একাগ্র করিতে পারিবে। পূর্ণ ধারণাশক্তির প্রকাশ অথবা একাগ্রতার সময়ে দেখিতে পাত্যা যায় শ্বাসপ্রশাসের প্রবাহও পরিবর্তিত হইয়াছে এবং উহা ধীর ও শাস্ত গতিবিশিষ্ট হইয়া হয়তো দেই সময়ের জন্ম একেবারে বন্ধ হইয়া গিয়াছে। ডাক্তার লুই (Dr. Lewes) নামক একজন বহুদর্শী ফরাসী দার্শনিক বলেনঃ "মনোযোগশক্তি লাভ করার অর্থ খাসপ্রখাসের ধারাবাহিক প্রবাহের সহিত মানসিক অবস্থার সমতা রক্ষা করিতে শিকা করা"। মনের ক্রিয়া ধা গতির সহিত যুসফুসের ক্রিয়াব ঘনিষ্ঠ সম্বন্ধ আছে। মানসিক কর্মপ্রবণতা বা চঞ্চতাকে দমন করিতে পারিলে ফুসফুসের ক্রিয়াকেও যেরূপ সংযত করা যায় আবার ফুসফুসের ক্রিয়াকে আয়ত্ত করিতে পারিলে মনও অপেকাকৃত সেরপ অল্প চেষ্টাতে আয়ত্ত হয়। ফুসফুসের ক্রিয়া সম্পূর্ণরূপে আয়ত্ত হইলে প্রত্যেক ইন্সিয়—এমন কি দেহের প্রাতি প্রমাণু পর্যস্ত নিজের অধীন হয়। এইরপে নিজের সাধনার দার। মনের উপর পূর্ণ আধিপতা লাভ হইকে

দেখের যেকোনও স্থানে মনোযোগ নিবিষ্ট করিতে পারা যায়। তখন নানাবিধ অলৌকিক ভাব ও অতীন্ত্রিয় শক্তিরও বিকাশ হয়। শরীরের যে কোন অংশে মনোযোগ দৃঢ়ভাবে নিবদ্ধ করিলে যে সহজে বেদনা অনুভূত হয় তাহা সকলের নিকট স্বিদিত। ঠিক ঐপ্রকার প্রণালীর দ্বারা দৈহিক বেদনা হইতে মৃজিলাভ করা যায়। আধুনিক যুগে মানসিক শক্তির বলে বাাধি আবোগ্যকারিগণ এরূপ ব্যাপারের সহিত বিশেষভাবে পরিচিত, কিন্তু তাঁহাদের অনেকে রোগশাস্তির মূলকারণ নির্ণয়ে অক্ষম। দেহের ব্যাধিগ্রস্ত স্থানে মনের শক্তিকে একাগ্র করিয়া তাহার দিকে বিপরীত চিস্তাশ্রোত চালিত করিলে দেহকে বোগমুক্ত করা যায়। অধুনা গ্রীষ্টান সায়েন্টিইগণ (Christian Scientists) ও মানসিক শক্তির সাহায়ে চিকিংসককারীরা (Mental healers) বিভিন্নভাবে এই প্রণালীটি সাধারণত প্রয়োগ করেন। কিন্তু ইহা বিশেষভাবে শ্বরণ রাখা উচিত প্রত্যেক ব্যক্তিই এরপ রোগ নিরাময় কবিবার শক্তি লইয়া জন্মগ্রহণ করে। সে শক্তি কেহ কাহাকেও দান করিতে পারে না এবং উহা মানবের মনের স্বাভাবিক শক্তিসমূহের অক্সতম। অক্সের মানসিক শক্তির সাহায্য লইয়া রোগমূক্ত হওয়া অপেক্ষা নিজেই নিজেকে নীবোগ করা ভাল। নিজের মনকে কখনও অস্থা ব্যক্তির মনের ছারা অভিভূত হইতে দেওয়া উচিত নয়। যাহারা মানসিক শক্তিদারা রোগ আরোগ্যকারিগণ (Mental healers) ও খৃষ্টান

আৰুবিকাশ

সায়েটিইদের নিকট সাহায়া প্রাপ্তির জন্ম গমন করে এবং নিজেদের মনকে অস্থা মনের অধীন হইতে দেয় তাহারা জানে না প্রবলতর মনের সমোহনী শক্তিতে অভিভূত হইয়া তাহারা মানসিক অধোগতির পথে অগ্রসর হয় . এইভাবে লোকে অধঃপতিত হইয়া অভা মনের দাস হইয়াছে এবং আব্দুসংযমের সমস্ত শক্তি হারাইয়াছে এরূপ অনেক দৃষ্টান্ত দেখিতে পাওয়া যায়। বাহারা অপরের মনের সাহায্য গ্রহণ করিয়া বেড়ায়, সেই সকল আত্মপ্রভারিত ব্যক্তিদের মনের অবস্থা বাস্তবিক কিরূপ শোচনীয় ৷ এরূপ বিপদসম্বন্ধে সম্পূর্ণ অবহিত বলিয়াই কখনও বোগীপুরুষেরা আপনাদের মনকে অস্তের মনের অধীন হইতে দেন মা, ববং ভাঁহারা অভ্যাস ও সাধনার দারা আপনার মধ্যে নিহিত শক্তিসমূহের বিকাশ সাধন করেন। প্রকৃত যোগী আপনিই আপনার প্রভু, ভাঁহার আর অন্য কোন প্রভু বা চালক নাই। দেহ, মন ও ইন্দ্রিসমূহ তাঁহার নিজের আজ্ঞাধীন। প্রকৃত যোগী যাবতীয় সূক্ষ শক্তি ও তাহাদের নিয়ন্ত্রণ করিবার সমস্ত বিধিই জানেন। ধারণাশক্তির সম্পূর্ণতা অথবা একাগ্রতা দ্বারা অজিত শক্তির বলে চৈতত্য বা আত্মার প্রকৃত স্বরূপ সম্বন্ধে এইরূপ মানুষের যথায়থ উপলব্ধি ও জ্ঞান লাভ হয়। ধারণাই অবশেষে 'ধ্যানে' পরিণতি লাভ করে। কোন নির্দিষ্ট আদর্শের প্রতি একটি চিস্তান্তোতের অবিরাম ও নিরবচ্ছিন্ন প্রবাহকে 'ধ্যান' বলে ৷ ব্যারণার অভ্যাসের ছারা মনের উপর

১। তর প্রায়েকভাষ্ডা ধারেন্। —প্রেপ্লর্শন ৩২

আধিপত্য লাভ করিয়া যদি আমরা চিস্তান্ত্রোতকে কোন একটি বিষয়ের উপর কিছুক্ষণের জন্ম নিবিষ্ট রাখিতে পারি তাহা হইলেও বুঝিব আমাদের ধান করিবার শক্তি লাভ হইয়াছে। এই অবস্থায় বাহিরের কোন কোলাইল অথবা বিরক্তিকর চিত্তবিকারের দারা মন বিক্ষিপ্ত বা চঞ্চল হয় না।

ধান-অভ্যাসকারিদিগের বাজিগত আদর্শের বিভিন্নত। অনুসারে ধ্যানের বিষয়টি আবার নানাপ্রকার হয়। ^১ আগ্র-বিকাশের জন্ম ব্রহ্ম অর্থাৎ পরমাত্মার সহিত জীবাত্মার এক ১ উপলব্দিই ধানের যাবতীয় বিষয়সমূহের মধ্যে শ্রেষ্ঠ "আমি দেহ, ইন্দ্রিয় ও মনের অতীত আত্মা", "পরমাত্মার সহিত আমি অভিন্ন" বা "আমি এবং পরম পিতা এক (Land my Father arc one)" এই সকল ভাবনাই ধর্মের সর্বেচ্চে আদর্শ বা লক্ষাভিলাষীদের বিশেষ সহায়তা করে। উচ্চ ধর্মানুভূতিপূর্ণ এই সকল বাণীকে ধ্যানাভ্যাসী প্রথমে মুখে মুখে ও পরে মনে মনে আবৃত্তি করিবে, উহার প্রকৃত অর্থের উপর মনকে একাগ্র করিবে এবং চিস্তা ও উপলব্ধির দারা ঐ বিষয়ে ধ্যান করিবে। সমস্ত বিক্ষিপ্ততা ইইতে মনকে একাগ্র করিয়া ঈশ্বরচিন্তার নিরবচ্ছিন্ন একটি স্রোতে পরিণ্ড ক্রিভে পারিলে ভখনই কেবল ঠিক ঠিক ধ্যান করা সম্ভব হইবে। যদি সাধকের মন অস্ত কোন বিরোধী চিন্তা, ভাব বা বাহিরের গোলযোগ হইতে চঞ্চল হয় তাহা হইলে দৃঢতার

১ | ধ্বাভিষ্টধানিখা !—পতিঞ্লদণাল ১০০০

আত্মবিকাল

সহিত উহাকে পুনরায় ইষ্টচিন্তায় নিবিষ্ট করিতে হয়। কোনরূপ কুচিন্তা উদিত হুইলে খুচিন্তার উদ্দীপনা হারা তাহা প্রতিহত করিবার জন্ম সথ্য বা মিত্রভাবের উদ্রেক করিতে হয়। ঘৃণাকে জয় করিবার জন্ম প্রেমের অনুশীলন এবং প্রতিহিংসাবৃত্তি দমন করিবার জন্ম ক্ষমাগুণের অভ্যাস করা উচিত। এরপ অসং ও অনিষ্টকর চিন্তাসমূহ তাহাদের বিপরীতভাবের দারা জয় করা যায় : নিয়মিতভাবে প্রত্যন্থ আধ্যটাকাল ধ্যান অভ্যাস করিলে একনাস পরে সাধক দেখিবেন তাঁহার সমগ্র প্রকৃতি পরিবর্তিত ও মন অনেকটা শান্ত হইয়াছে। যাহারা কখনও ধান অভ্যাস করে নাই ভাহাদের পক্ষে ইহা প্রথমে অতিশয় তুঃসাধ্য বলিয়া মনে হইবে, কারণ মনের উদ্ধাম কর্ম-প্রবণতাকে প্রশ্রম দেওয়ারূপ অভ্যাস ধর্মসাধনায় নৃতন প্রবর্তিত সাধকের সকল চেষ্টাকে বিফল করিয়া দেয়। এই প্রকার ব্যক্তিরা কথন জানে না এরপ নানাবিধ চিস্তাও ভাব স্বভঃই মনের অবচেতন তর ব। সুধুপ্তাবস্থা হইতে চিত্তের উপর দেখা দিবে এবং ভাহাদের প্রবল শক্তি প্রকাশ করিবে। নবপ্রবর্তিত সাধককে ধীরে ধীরে ও সতর্কভার সহিত একাগ্রতালাভের প্রতিবন্ধকরূপ এই সমস্ত বিরোধী চিন্তা দমন করিতে হইবে এবং ইহাদের প্রতি ভাহার মনকে আকৃষ্ট

 ⁽ফ) বিতৰ্কবাধনে প্ৰতিশক্ষ্ণাৰ্ম্য—লাভন্তল্পন্
২ ৩০

⁽ধ) বৈত্রীকরণামুদিভোগেকাণাং ত্থতুঃধপুণাপুণাবিষরাণাং ভাষনাতক্তিপ্রসাদরম্ ।—পাতিপ্রলদর্শন ১।০০

[া]প) অকোধেন জিনে লোখা অসাধ্য সাধ্না জিনে :-- ধর্মপদ ১৭।৩

ইইতে দেওয়া মোটেই উচিত নহে। যে চিস্তার ধারা বা পারস্পর্য অনুসরণ করিতে সে কৃতসঙ্কল্প তাহা হইতে মন যাহাতে বিচলিত না হয় সেজক্ত তাহাকে কঠোরতাবে অধ্যবসায় শিক্ষা করিতে হইবে। নানাপ্রকার বাধাবিপত্তি উপস্থিত হইয়া মনের চেতনস্তরে অল্পকণ ক্রীড়া করে এবং তাহার প্রতি আকৃষ্ট না হইলে তাহারা পুনরায় অন্তর্হিত হইয়া যায়। কিন্তু সাধক যদি তাহাদের প্রতি বিন্দুমাত্র মনোযোগ দেয় তাহা হইলে মনোবৃত্তিগুলি আবার প্রবলতর হইয়া আবেগের (impluse) আকার ধারণ করে এবং সমস্ত মনটিকে বলপূর্বক বিপথে লইয়া যায়; অতএব ঐ সকল অনাত্রত চিন্তা বা তাবরাশির প্রশ্রেয় না দিয়া সাধককে দৃচভাবে স্বীয় আদর্শ অথবা ইষ্টকে অবলম্বন করিয়া থাকিতে হইবে।

ভগবান অথবা যীতথুট্টের ছায় লোকগুরুগণ এবং
অতীত ও বর্তমান কালের ধর্মসাধকদের নধ্যে কেইই ধান
অভাসে না করিয়া পূর্ণ শান্তিলাভ করেন নাই। পরিপূর্ণ
মানসিক শান্তিলাভের ইহাই একনাত্র পন্থা। অর্থোপার্জন
পানাহার এবং সামান্ত দৈহিক বা নানসিক স্থা-আছ্রন্দান্য
নানাপ্রকার কর্মে নিযুক্ত থাকিয়া আমরা আমাদের মূল্যবান
জীবনকে রুধা নষ্ট করিয়া থাকি। কিন্তু মূহূর্তের জন্তও ভাবিয়া
দেখি না আমরা কি অমূল্য স্থোগ হেলায় হারাইতেছি।
দেহের খাত্র অবেষণে আমরা সর্বদা ব্যগ্র কিন্তু কথনও আত্বজ্ঞান লাভ করিবার জন্ত আমরা চেষ্টা করি না। যে সনাতন

আত্মবিকাশ

শাশ্বত সভ্য ঐকান্তিক ধার্মনের পরিণতির ফলে পূর্বতন সাধক ও যোগীদের শুক্ষ নির্মণ আত্মায় আনন্দ ও অমৃতক্রপে প্রকাশিত হইয়াছিল, সেই আনন্দ ও অমূতের আস্থাদন করিবার জ্বল তুমি তোমার আত্মার সাধনা কর। এই মহান উদ্দেশ্য-সাধনের জন্ম তোমাকে প্রতিদিনই নিয়মিডভাবে ধ্যান অভ্যাস করিতে হইবে। ধ্যান যেন তোমার জীবনে প্রতিদিন অপরিহার্যভাবে অনুষ্ঠিত হয়। কোন নিঃস্বার্থ মানবপ্রেমিকের সঙ্গলাত করিয়া যতদূর সম্ভব তাঁহার উপদেশাবলী পালন কর এবং দেই আদর্শ সর্বদ। সম্পুথে রাথিয়া সাহসী যোদ্ধা ও প্রকৃত বীরের ভায়ে মনের চঞ্চল গতি এবং তুর্বনশীয় মনরূপ শক্রর সহিত যুদ্ধ করিতে করিতে ধ্যানের পথে অগ্রসর হও। সাধনার লক্ষ্যে উপনীত না হওয়া পর্যস্ত তুমি কখনও নিরস্ত হইও না। পরিশেষে তুমি নিশ্চয়ই বিশ্ববিজয়ী হইবে এবং অধ্যাত্মরাজ্য ভোমার করতলগত হইবে। ধাানসিদ্ধি লাভ করিলে ভূমি সমাধিময় হইয়া ঈশবারভূতির অবস্থায় প্রমানন্দ উপভোগ করিবে। এইভাবে অবিশ্রান্ত সাধনার ফলে ভূমি অবশেষে সমগ্র বিশ্বব্রক্ষাণ্ডকে জয় করিতে সক্ষম হইবে এবং আধ্যাত্মিক অনুভূতির সমগ্র রাজ্য ভোমার অধিকারে আসিবে। ধ্যানলক ঐশবিক শক্তি লাভ করিয়া ভূমি সমাধির অতীব্রুয় রাজ্যে উপনীত হইবে এবং তখন যে আনন্দে প্রতিষ্ঠিত হইবে কে আনন্দ সভাই অসীম ও অবর্ণনীয়।

তৃতীয় অধ্যায়

॥ ব্ৰহ্মানুভূতি ॥

আমেরিকার সর্বশ্রেষ্ঠ দার্শনিক-কবি রালফ্ ওয়াল্ডো এমাসনি (Ralph Waldo Emerson) তাহার Over Soul বা 'প্রমাত্মা' নামক প্রবন্ধে যথার্থই বলিয়াছেনঃ "মামুষ যেন কোন একটি মন্দিরের সম্মুখভাগ আর সেই মন্দিরের মধ্যে নিথিপ ভানে ও সর্ববিধ কল্যাণ বিরাজ করিতেছে। আমরা সাধারণত যাহাকে মনুয়াবলি সেই পানাহারপরায়ণ, কৃষিকার্য-রত ও বিষয় বৃদ্ধিসম্পন্ন ব্যক্তি কখনও নিজের প্রকৃত স্বরূপকে প্রকাশ করিতে পারেনা, পরস্ত সে ভাহার মিখ্যা রূপকে প্রকাশ করে ও দেজতা প্রেবঞ্চিত হয় ৷ এই সাধারণ মানবকে আমরা মিধ্যা রূপময় বলি, কিন্তু সত্যকার মানব যন্ত্রহরূপ হইয়া ভাহার সমুদয় কার্য দ্বারা নিজের আত্মাকে প্রকাশ করিতে পারিলে তাহার সম্মুখে আমাদের মস্তক অবনত হয়"। ফে মানুষ আহার-নিজা চাষ-আবাদ ও হিসাব-নিকাশ লইয়াই ব্যস্ত সে কুন্ত্র ও অপূর্ণ। এই প্রকার আপাতপ্রতীয়মান (apparent) মাতুৰকে আমরা কুত্রিম অথবা সাধারণ মানব বঙ্গি, কিন্তু মুক্ত মানব স্বরূপত সর্বজ্ঞ, দেবস্থভাব ও সদানন্দময়। মানবাত্মা অথবা জীবাত্মা যেন কোনও একটি বুল্ডের কেন্দ্র, এই বুত্তের কেন্দ্র সর্বত্র আছে কিন্তু ইহার পরিধিকে

আক্রবিকাশ:

কোনস্থানে খুঁজিয়া পাওয়া যায় না' সে অসীম বৃত্তকে বিশ্বাপা বা প্রমাপা বলে। এই প্রমাপা অনস্ত জ্ঞান এবং সমুদ্য বিল্পা, সভা, বিজ্ঞান, দর্শন, ললিভ কলা, সৌন্দর্য ও প্রেমের অনাদি উৎসম্বরূপ। অনস্ত জ্ঞানের এই সীমাহীন বৃত্ত প্রত্যেক বাহা ও আপাতপ্রভীয়মান (apparent) মানবের প্রকৃত আধার বা অধিষ্ঠান অসীমজ্ঞানের এই নিকরিণী প্রেত্যেক মানবের অস্তরে নিরস্তর প্রবাহিত, কিন্তু তাহার সন্ধান জানে না বলিয়াই সেই সাধারণ মানব চতুর্দিকে জ্ঞানের অপ্রেয়া বেজায়। বিপুলস্রোতা ও স্বচ্ছসলিলা নদীর তীরে বাস করিয়াও পিপাসা দূর করিবার জন্ত পানীয় জলের কৃপ খনন করা যেমন নির্ক্তিতা নিজের মধ্যে অসীম-জ্ঞানসিন্ধু সম্বন্ধে সচেতন না হইয়া একবিন্ধু জ্ঞানের জন্ম মানুষ তেমনি এখানে সেখানে পাগলের ন্থায় ঘূরিয়া বেড়ায়।

আমরা যে স্বরূপত জ্ঞানস্বরূপত সমস্ত সদ্গুণের আধার তাহা
আমরা জানি না। প্রভাক জীবাত্মায় যে নিখিল জ্ঞান ও
সদ্গুণরাশি বিরাজিত তাহা উপলব্ধি করাত বহু সাধনসাপেক।
আমরা এখন বাহির হইতেই জ্ঞানাথেষণ করিতেছি, কারণ
ভ্রমবশত আমরা ভাবিতেছি যে বাহির হইতেই জ্ঞান আসিবে।
প্রত্যেক জীবাত্মার পশ্চাতে শাশত জ্ঞানের অবিজ্ঞান্ত ফল্পধারা
সর্বদা প্রবাহিত। এই অসীম জ্ঞানের প্রবাহকে যেন একটি দ্বার

> 1 "The soul in each individual is a centre of that circle whose circumference is nowhere, whose centre in everywhere"

ব্দবরোধ করিয়া আছে। সেই আবরণেব দার উন্মৃক্ত করিবার উপায় যাঁহারা জানেন ভাঁহারা অবতার, সিদ্ধপুরুষ ও দিবাজ্ঞানী মহামানবরূপে জগতে স্থপরিচিত। সর্বজ্ঞ আত্মার ঐশবিক শক্তিরাশি যথন প্রকাশিত হইতে আরম্ভ হয় তখন এই বাহ্য বা আপাতপ্রতীয়মান মনুয়াকে এখরিক শক্তির ছারা অনুপ্রাণিত সভাত্রী পুরুষ বলা হয়। তখনই মানুষ তাহার দিব্যস্থরূপ উপল্কি করে এবং ইতর প্রাণীর স্থায় অবনত জীবন যাপনে বিরত হইয়া আধ্যাত্মিক উন্নতির চরমলক্ষ্য আত্মজ্ঞান অর্থাৎ সমাধির অবস্থা লাভ করিয়া থাকে। এই সমাধি লাভ করিয়া তিনি যথার্থ ধার্মিক হন ও সর্বধর্মের একনাত্র চরমলক্ষো উপনীত হুইয়া থাকেন। জগতের সমস্ত ধর্মই যেন ইতর প্রাণীর স্তর স্ইতে ক্রমশ উচ্চস্তরে উন্নীত হুইয়া ও ইন্দ্রিয়ের রাজ্য অতিক্রম করিয়া পরমসত্যকে উপলব্ধি বা ব্রহ্মসাক্ষাৎকার লাভ করিবার জন্ম মানব-মনের বিভিন্ন প্রকার প্রচেষ্টা ভিন্ন আর কিছুই নয়। স্কপ্রাচীন বৈদিক যুগ হইতে বর্তমান কাল পর্যস্ত এই আধ্যাত্মিক পরিপূর্ণতা বা ব্রহ্ম-সাক্ষাংকার লাভই ভারতবর্ষে মানবের সর্বোচ্চ আকার্ক্সা ও চরম লক্ষা বলিয়া বিবেচিত। সানবাত্ম যখন এই ঈশ্বরের (পরমাত্মার) সাক্ষাংকারলাভ করেন তথনই তাঁচার জীবনে প্রকৃত আধ্যাত্মিকতার বা ধর্মের আরম্ভ হয় এবং তাহার পূর্বে নয়। যিনি এই ব্রাক্ষীস্থিতির অবস্থা লাভ করিয়াছেন ডিনি আর বাহিরে কোথাও কিছুই অধেষণ করেন না, তিনি দেখেন তাঁহার মধ্যেই

স্থাত্মবিকাশ

সমুদয় সত্য ও জ্ঞানরাশি নিহিত আছে। বহুপ্রাচীন বৈদিক যুগ হইতে হিন্দুগণের মধ্যে এই ব্রহ্মজ্ঞান লাভই ধনী, দরিজ, রাজা, ভিখারী, সাধু ও পাপী সকলের জীবনের একমাত্র লক্ষ্যস্বরূপ হইয়া আছে। এই সাধনায় সিদ্ধিলাভ করিবার জন্মই ভারতবর্ষে কত রাজা ও রাজপুত্র সিংহাসন ত্যাগ করিয়াছেন এবং এক কথায় তাঁহাদের ঐশ্বর্য, নাম, সুখ, স্বাচ্ছান্দ্য ও বিলা-সিতা প্রভৃতি সমুদয় প্রিয়তম বস্তুই তাঁহারা বিসর্জন দিয়াছেন। যে সদৃগুণরাজি সাধক চরিত্রের অলকার স্বরূপ, যাহা মানুষকে এই জীবনে দেবত দান করে, সে সমস্তই এই ব্রহ্মজান বা সমাধি লাভের চেষ্টার ফল। থিনি আপনার দিবাশভাবকে উপলব্ধি করিয়াছেন তাঁহার চরিত্রে প্রকাশিত হৃদয়ের অমুপম পবিত্রতা, শাস্তভাব, শিশুসুলভ সরলতা, মহান আত্মত্যাগ এবং সর্বজীবে অহেতুক প্রেম ও করুণা অপেক্ষা আরও মহতর বা উচ্চতর এবং দিবা ও অপাধিব বলিয়া কোন সম্পদ প্রকাশিত হইতে কিছু বাকি থাকে কি 🛉 না, কিছুই থাকে না। এই সমস্ত মহামানবগণ আলোকস্তন্তের হ্যায় আমাদের জীবনে অন্ধকার তুর্গম পথে সর্বদা পথনির্দেশক আলোকরশ্মি বিকীরণ করিয়া ব্রকামুভূতি বা সমাধির চিরশান্তি ভূমিতে অগ্রসর হইবার জ্বন্স স্মামাদিগকে ইঙ্গিতে আহ্বান করিতেছেন। গ্রাহারাই মানক জাতির মহানেতা, লক্ষ লক্ষ নরনারীর উপর তাঁহারা প্রভাব বিস্তার করেন। তাঁহারাই এ'জগতে ভগবানের জীবস্ত প্রতিমৃতি এবং প্রকাশস্বরূপ। জগতের অধিকাংশ নরনারী তাঁহাদিগকে

ঈশবাবতার বলিয়া পূজা করেন। তাঁহারাই নিজ জীবনে জগতের যাবতীয় ধর্মের চরম-আদর্শকে রূপায়িত করিয়াছেন।

কিন্তু সাধারণ মানুষ মোহমুগ্ধ ও আত্মপ্রভারিত বলিয়া সেই প্রমসভাকে উপল্কি করিতে পারে না। সেজগু সে অপূর্ণ ও সর্বভোভাবে সীমাবদ্ধ, তাহার আধ্যাত্মিক চরিত্র বিকশিত নয় এবং হীন স্বাৰ্থদ্বারা সে দর্বদা অভিভূত থাকে। আমরা **সকলেই** জানি আমরা এক্ষণে অল্লাধিক পরিমাণে স্বার্থপর জীবন যাপন ও নানারপ সন্ধীর্ণভার বশে কার্য করিতেছি এবং আমরা যাহা হইতে ইচ্ছা করি ভাহা এখনওহইতে পারি নাই। কিন্তু কখনও যদি আমরা জীবনের কোনও পুণাময় মৃত্তে নিজেদের দিকে দৃষ্টিপাত করিয়া অন্তভব করি আমাদের আত্মা স্বভাবত শ্যেনপক্ষীর স্থায় মৃক্ত, অনস্ত আকাশে অবাধে সে বিচরণ করিতে পারে, কিন্তু বর্তমানে স্বার্থশৃভালিত ও সুলদেহপিঞ্জরে আবন্ধ হইয়া অংছে, তাহা হই**লে** ঠিক সেই মৃহুর্তে আমর। আমাদের বন্ধনের অবস্থা উপলব্ধি করিয়া মুক্তির জন্ম আপ্রাণ চেষ্টা করিতে থাকি। অসীম আমন্দে অনস্ত আকাশের চারিদিকে সচ্ছন্দে উড়িয়া বেড়াইবার আকাজফায় আমরা তখন মোহশৃখল ছিন্ন করিতে চেষ্টা করি এবং আমাদের বন্ধনপ্রাচীর চূর্ণ-বিচূর্ণ করিয়া যে সকল পারিপার্খিক অবস্থায় আমরা বন্ধ ভাহাদের জয় করিবার জন্ম প্রাণপণে সংগ্রাম করিতে আরম্ভ করি। প্রকৃতি ও ভাহার নিয়মসমূহের সহিত সংগ্রাম করিবার জন্ম প্রত্যেক মানবের জন্ম। প্রাকৃতিক নিয়মের দ্বারা আরোপিত সমস্ত **সদী**র্ণ

আত্মবিকাশ

সীমা অথবা বন্ধন হইতে নিজেদের মৃক্ত করিবার জন্ম অবিশান্ত প্রচেষ্টার উপাদানে যেন আমাদের জীবন গঠিত। প্রাকৃতির শক্তিগুলি আত্মাকে একদিকে সবলে মোহিত ও আকর্ষণ করিবার চেষ্টা করে আর আভ্যন্তরিক সদ্বৃত্তিগুলি আবার ভাহাদিগকে দমন ও বশীভূত করিবার জন্ম আমাদিগকে উভ্নুক্ষ করে। আত্মাকখনও ক্রীভদানের ক্রায় প্রকৃতির আজ্ঞাবহ হইতে চাহে না, আত্মা প্রকৃতিকে জয় করিয়া প্রাকৃতিক নিয়মসমূহের উপর আধিপত্য স্থাপন করিবার জন্ম প্রয়াস করে। প্রকৃতির বিরুদ্ধে এই প্রাণপণ সংগ্রামই মানবজাতির সামাজিক 😮 আধ্যাত্মিক উন্নতির একমাত্র কারণ। যে ব্যক্তি প্রকৃতির সহিত যুদ্ধ করিয়া প্রাকৃতিক নিয়মসমূহের উপর আধিপতা করিতে জানে না, বরং অন্ধভাবে তাুহাদের অনুসরণ করিয়া চলে, সে অসভা, বশ্র ও ইতর জন্তদিগের সায়। প্রকৃত সভ্যতার অর্থ মানবাত্মার দ্বারা প্রকৃতিকে জয় করা এবং মানবজাতির সমগ্র ইতিহাস আমাদিগকে ইহাই শিকা দেয়। বাহ্যপ্রকৃতির বিশ্লেষণ করিয়া আমরা দেখিতে পাই প্রকৃতি আমাদিগকে যেন আদেশ করে: "ভোমরা আমার নিয়ম ও নির্দেশ পালন কর", কিন্তু আমরা বলি: "না, কিসের জক্ত ভোষার অধীন হইব ! বরং তুমিই আমাদের আদেশ পালন করিবে"। জভ্প্রকৃতি আমাদিগকে ইতর জন্তদিপের স্থায় বিচরণ করিতে এবং অনাচ্ছাদিত পর্বত গুহা ও অরণ্যের মধ্যে বাস করিতে ইঞ্চিত করে। কিন্তু আমরা বলি: "না, আমাদের

উপযুক্ত বসন ও উপযুক্ত বাসস্থান আবশ্যক"। আমরা চাই বলিয়া সেইসকল লাভ করি। প্রকৃতি আগাদের সকল আবশ্য-কীয় দ্রব্যগুলিকে ধ্বংস করিতে চায়। শীতাতপ এবং ঋতু-পরিবর্তনের দারা প্রকৃতি আমাদের জীবনধারণ অসম্ভব করিতে চায়, কিন্তু সে সমস্ত অন্তবিধা হইতে আমরা আত্মরকা করিবার চেষ্টা করি এবং কৃতকার্য হই। এক্ষণে প্রশ্ন এই যে, কিরূপে আমরা জয়ী হই ৷ প্রকৃতি ও তাহরে নিয়মাবলীর অমুশীলন ও পর্যবেকণ এবং যাহাতে দে আমাদের আজাধীন হয় এরপভাবে ভাহার শক্তিগুলিকে আমাদের ব্যবহারের উপযোগী করিয়া আমরা প্রকৃতিকে জয় করি। বিছাৎ, বাষ্প প্রভৃতি প্রাকৃতিক শক্তিগুলি কিরূপ প্রচণ্ড ও প্রবল তাহা আমরা জ্ঞানি, কিন্তু সেই সকল বিরাট শক্তিকে আমরা ব্যবহার করি ও ভূডোর ভায় কার্য করাইয়া লই। উন্নত প্রকৃতির ও ঐশ্বরিক সমস্ত শক্তিই মানবাত্মায় নিহিত আছে বলিয়া জড়প্রকৃতির উপর মানবের এই আধিপতা লাভ করা সম্ভবপর হইয়াছে। যে সকল শক্তি প্রকৃতিকে জয় করে, ভাহারা মানবের বৃদ্ধি ও ইচ্ছাশক্তি ভিন্ন আর কিছুই নহে। বিজয়ীশক্তি বিজিতশক্তি অপেকা শ্রেষ্ঠ। এই জভাই জড়প্রকৃতি মানবের বৃদ্ধি ও ইচ্ছা-শক্তি অপেকা ছুৰ্বল।

এইরপে আমরা অন্তঃপ্রকৃতিকে বিশ্লেষণ করিলে দেখিতে পাই সে স্থানেও উচ্চ ও নীচ বৃত্তিযুক্ত মনে, উচ্চ ও নীচ প্রেণীর বৃদ্ধিতে, উচ্চতর ও নিয়তর ইচ্ছাশক্তিতে এবং আধ্যাত্মিক,

আ্বাবিকাশ

বাস্তব বা দিব্যমানৰ ও আপাত সাধাৰণ বা পশুমানবের সহিত অবিশ্রান্ত সংগ্রাম চলিতেছে। দাস যেরূপ প্রভুর আজ্ঞাবহ **পেরূপ যাহা দেহের ভৌতিক ও ঐক্রিয়িক কুপ্রভাবের বশবর্তী** হয় তাহাকেই নিয়তর মন, নিয়তর বুদ্ধি, নিয়তর ইচ্ছা ও পশুমানৰ বলে: আর ভাহাকেই উচ্চতর মন, উচ্চতর বৃদ্ধি ও উচ্চতর ইচ্ছা এবং মানবের আধ্যাত্মিকতা, বাস্তবতা বা দেবত বলে যাহা সমস্ত নীচ ও হীন প্রকৃতিকে দমন ও জয় করিতে পারে এবং ভাহার উপর প্রভূষ করিতে চেষ্টা করে। ইতর প্রাণীদিগের জীবনে কিংবা ভাহাদের ন্যায় হীন ও অবনত মানবদের মধ্যে অবশ্য এই নৈতিক সংগ্রাম দেখিতে পাওয়া যায় না। এই আধ্যাত্মিক সংগ্রাম আরম্ভ হইলে আমরা আর পশু-ভাবাপর থাকি না, তখন আমরা মনুয়ুগুণসম্পন্ন বা নীতি-পরায়ণ হই। কিন্তু কেবল মনুখ্যভাবাপর বা নীতিপরায়ণ হওয়াই পরিপূর্ণ আধ্যাত্মিকভার লক্ষণ নহে। নৈতিক ও আধ্যাত্মিক স্তব্নের মধ্যেও পার্থকা আছে। নৈতিক গুর পশুস্তর ও আধ্যাত্মিক স্তরের একটি মধ্যবর্তী অবস্থা। নৈতিক মানবের মনে আংশিক পশুপ্রকৃতি ও আংশিক দেবপ্রকৃতির অবিরাম সংগ্রাম চলিতেছে। নীতিপরায়ণ ব্যক্তি তাহার অস্তবের পশুছের সহিত সংগ্রাম করিয়া ভাহা দমন করিতে পারে এবং মনের উপর সর্বদা লক্ষ্য রাখিয়া নীচ বা পশুপ্রকৃতিকে ভাহার উপর আধিপত্য বিস্তারে বাধা দিবার বিশেষ চেষ্টা করে। নীতিপরায়ণ ব্যক্তিকে প্রলোভন হইতে যথাসাধ্য দূরে থাকিবার চেষ্টা করিতে

হুইবে, কারণ ডখনও সে প্রলোভন জয় করিবার মতো যথেষ্ট শক্তিশালী হয় নাই। প্রলোভনের অতীত উন্নত স্তরে উঠিবার জন্ম তাহার সর্বদা চেষ্টা করা উচিত। যখন পশুপ্রকৃতিকে সম্পূর্ণরূপে জয় করা যায় এবং নৈতিক ভাবাপল্ল ব্যক্তি যথার্থ আধ্যাত্মিক বা দিব্যস্বভাবসম্পন্ন হয় তখনই কেবল এই সংগ্রাম ও সাধনপ্রচেষ্টার অবসান হয়। সেই দিব্যাবস্থা লাভ হইলে আর প্রলোভনের আশক্ষা থাকে না। যতদিন মানুষ তাহার পাশুস্বভাবের সহিত সংগ্রাম করে ততদিন সে নৈতিক স্তরেই থাকে, কিন্তু যখন সে উহাকে সম্পূর্ণরূপে জয় করে তখনই সে আধ্যাত্মিক স্তরে উন্নীত হয়। নৈতিক স্তরের লোক পশু-ভাবের প্রলোভনে আকৃষ্ট ও অভিভূত হইতে পারে, কিন্তু যথার্থ আধ্যাত্মিক প্রকৃতিসম্পন্ন ব্যক্তি প্রলোভনের বহু উর্ধে অবস্থিত, কেননা যে সকল নীচ আসজি ও পশুপ্রবৃত্তি নৈতিক ভাবাপন্ন ব্যক্তিকে বিচলিত করিতে চেষ্টা করে, তিনি ভাহাদের প্রভাবের বাহিরে।

স্প্রতি ও কুপ্রতি লইয়া সমত সংগ্রাম যথার্থ আধ্যাত্মিক প্রকৃতিবিশিষ্ট মানবের জীবনে চিরদিনের জন্ম শেষ হয়। তথন প্রকৃত চৈতন্ত বা মানবের দিবাস্থরূপ স্বমহিমায় বিরাজ করে এবং অপূর্ণতা ও স্বার্থপরতার মেঘরাশির উর্ধে স্বয়ংপ্রকাশ স্বের ক্যায় তাহা দীপ্তি পায়। উচ্চতর দিবাশক্তির মৃতি দেব-কৃতগণ, দেবতারা ও এমন কি সমগ্র জগৎ, প্রকৃতিবিজয়কারী এই সমস্ত অধীশ্বরের সম্মুখে অবনত হয়। বৃদ্ধদেব ও যীশুষ্ট

আত্মবিকাশ

এই অবস্থা লাভ করিয়াছিলেন। ত্রিগুণাতীত বা দিব্যস্ক্রপতার অবহা লাভ করিয়াই রাজকুমার গৌতম বা শাক্যমূনি "বুদ্ধর" এবং স্থান্ধরেথবাদী যীশু "খৃষ্টত্" লাভ করিয়াছিলেন। যাহার এই অনুভূতি লাভ হয় তিনি পূর্ণতা লাভ করেন এবং সার্থ-পরতা ও সবপ্রকার অপুর্ণভা হইতেও তিনি মুক্ত হন 🥫 কেবল-মাত্র মানবই দিব্যজ্ঞানের এইরূপ অবস্থায় উপনীত হইতে সক্ষ। ইতরপ্রাণী ও তাহাদের স্থায় নিমন্তরের ব্যক্তিগণকে প্রথমে মানবীয় বা নৈডিক ন্তরে উল্লীত হইতে হইবে, কেননা এই অবস্থায় উন্নীত হইবার পূর্বে তাহার। ঈশ্বরলাভের চেষ্টা পর্যান্তও করিতে পারে না। পশুস্বভাব ব্যক্তি ক্রমিক অভি-ব্যক্তির নিয়মে যখন নৈতিক বা মানবীয় স্তরে উন্নীত হয় তখন ভাহার উক্ত অবস্থা লাভ করিবার শক্তি ক্রমশঃ বৃদ্ধি পায় এবং তথন হইতে সে আধ্যাত্মিকভার উচ্চ হইতে উচ্চতর তরে উন্নীত হয়। আধ্যাত্মিকভার সেই চরম-অবস্থায় উপনীত হইলে তবে মাতুষ ভাহার আপন দিবাস্থরণ উপলব্ধি কবিয়া থাকে। ইহাই আপাডপ্রভীয়মান 'অহং'-এর (জীবাত্মার) আধ্যাত্মিক উন্নতির পরাক্ষারাপ অখণ্ড আনন্দ ও পূর্ণছের অবস্থা।

সমাধি বা দিবাজ্ঞানের অবস্থা অপেকা কোন উচ্চতর অবস্থা আমরা কল্লনা করিতে পারি না, কারণ এই অবস্থায় পরমাত্মার সহিত জীবাত্মা এক হইয়া যায় এবং উপলব্ধি করে প্রেম, জ্ঞান ও চৈতন্মের অনস্ত উৎসের সহিত সে অভিন্ন। এই সময়ে জীবাত্মা বা "অহং" পরামাত্মা বা পরমণিতার সহিত

(Father in Heaven) একাখ্যতা লাভ করে। জীবাত্মা ও প্রমাত্মার এই মিল্স বা একছের অবস্থা অপেক্ষা কোন উচ্চতর অবস্থা আপনারা কল্পনা করিতে পারেন কি ? স্তরাং দেখা <u>যাইডেছে দিব্যক্তান লাভের পূর্বে আপাত প্রতীয়মান 'অহং'</u> অর্থাৎ জীবারা। ভিনটি প্রধান অবস্থা অভিক্রম করে। প্রথম, পশুস্বভাব : এবং নৈতিক প্রকৃতির দ্বারা ইহাকে দমন করিতে হয় ; দ্বিতীয়, নৈভিক প্রকৃতি এবং তৃতীয় ঐ নৈতিক প্রকৃতিই বিকশিত হইয়া আধ্যাত্মিকতায় পরিণত হয়। মানুষ যথন পশুস্তরে অবস্থান করে তখন দে অত্যন্ত স্বার্থপর, বাসনাবদ্ধ এবং সংযমহীন হয়; সে ইন্দ্রিয়সুখের ও রিপুগণের দাসের ফায় থাকে। তখন তাহার পবিরতা, সভানিষ্ঠা বা জীবনের কোনরূপ নৈতিক আদর্শের বোধ খাকে না, দৈহিক সুখই তাহার সর্বোচ্চ আদর্শ হইয়া দাড়ায়; আধ্যাত্মিক বিষয়মাত্রকৈ ই **সে** ঘুণা করে এবং মনে করে আধ্যাত্মিক তত্ত্বে বিষয় প্রবণ ও সে বিষয়ে আলাপ করাও নিজের সময় ও শক্তির রুখা অপবায় মাত্র। কিন্তু সেই মানুষই আবার যথন অন্তরের মহৎ প্রেরণায় কিংবা সাধনসিদ্ধ সদৃগুরুর কুপায় অবিছা অন্ধকার ইইতে মুক্ত ও মোহনিল্রা হইতে জাগ্রত হয় তখন সে নৈতিক জীবনযাপনের জ্ঞ্য আবার প্রয়াস করিতে আরম্ভ করে এবং ইহাই তাহার ধর্মবোধের সূচনা অথবা আখ্যাত্মিক জ্ঞাগরণের অবস্থা। এই অবস্থাই ঈশ্বর প্রান্তির জম্ম সাধনের প্রথমাবস্থা। তাহার পরে সে নৈতিক ও পুণ্য জীবনযাপন করিতে চেষ্টা ও নিজের স্বভাবকে-

পরীক্ষা ও বিশ্লেষণ করিতে আরম্ভ করে এবং স্থীয় দোষ ও ভূবলভার সন্ধান করিয়া জাহ। সংশোধন করিতে যতুবান হয়। ইহাই চিত্ত ভদ্ধির অবস্থা এবং আধ্যাত্মিক বিকাশের দিতীয় স্তর। ইহাকেই সংস্কৃত ভাষায় "সাধক"–এর <mark>অবস্থা বলা</mark> হয়। নৃতন প্রবর্তিত সাধকের নিজ স্বভাব জয়, রিপুদমন এবং অভ্যাসগুলিকে সংযত করিয়া পশুপ্রকৃতির প্রচণ্ড শক্তিকে সম্পূর্ণরূপে বশীভূত করিবার জন্ম প্রোণপণে সর্বদা চেষ্টা করা উচিত। সাধনার এই সমস্ত উপায় না জানা থাকিলে তাহা শিখিবার জন্য যিনি সমাধিতে ব্রহ্মস্বরূপতার অবস্থা উপলব্ধি করিয়াছেন এইরূপ কোন দিদ্ধ মহাযোগীর উপদেশ অনুসরণ ভাহার করা উচিত। দৈনন্দিন জীবনে এই আদর্শ বিশ্বত ইইলে চলিবে না: প্রলোভনের বিক্লপ্তে সর্বদা সভর্ক থাকিয়া সংগ্রাম করিতে হইবে। ভাহাকে বিশেষরূপে শুরণ রাখিতে হইবে স্বয়ং সত্যনিষ্ঠ না হইলে কেহ কখনও চরম ও পরম সত্য উপলব্ধি করিতে পারে না। অসজ্যের দারা সত্য লাভ হয় না; সভ্যের জারাই সভাকে লাভ করিতে হইবে। যদি আমরা সভাস**ন** না হই তাহা হইলে বুঝিতে হইৰে পূৰ্বোক্ত অবস্থা লাভ করিতে আমরা এখনও প্রস্তুত নই। অভএব প্রতি বাকো ও কার্যে সাধকের সভ্যপরাম্বণ হইতে চেপ্তা করা উচিত, কারণ যে পরিমাণে সে এই বিষয়ে অকৃতকার্য হইবে ঠিক সেই পরিমাণে ভাহার শাশ্বত সতালাভের প্রয়াসও বার্থ হইবে।

চিত্তত্তব্দি লাভ ও পশু প্রকৃতিকে জয় করিবার জন্ম চারিটি

শুণ একান্ত আবশ্যক। প্রথম আত্মসংযম অর্থাৎ ধারণা বা একাগ্রতা অভ্যাস দ্বারা ইস্প্রিয়দমন ও মনঃসংযম; দিতীয় সভানিষ্ঠা; তৃতীয়, সর্বজীবে নিঃস্বার্থপ্রেম ও চতুর্থ নিজামকর্ম। উপনিষদে দেখা যায় যে ব্যক্তি চ্নীতি হইতে বিরত হয় নাই ইস্প্রিয়গণকে দমন করে নাই, ধারণার অভ্যাস দ্বারা মনকে বশীভূত করিয়া সভানিষ্ঠ হয় নাই এবং যে সকলের প্রতি দ্যালু নয় সে ব্যক্তি কথনও আধাাত্মিক জ্ঞানলাভ করিতে পারে না। জগতের সকল নীতিবিজ্ঞান ও ধর্মশাস্ত্রের তত্ত্ব মাত্র এই কয়েকটি কথাতে নিহিত। ভাহা দ্বাড়া এই চারিটি তুর্লভ শুণের অভ্যাসেই আধ্যাত্মিক উন্নতির যাবভীয় উন্নতির রহস্কের সন্ধান পাওয়া যায়।

স্থারে আমরা বিশ্বাসী হই সথবা না হই কোন অবতার পুরুষে আমাদের বিশ্বাস থাকুক অথবা না থাকুক, যদি আমাদের আত্মসংখ্য, চিন্তের একাগ্রতা, সতানিষ্ঠা ও সর্বজীবে নিঃস্বার্থ প্রেম থাকে তাহা হইলে আমরা নিশ্চয়ই আধ্যাত্মিক সিদ্ধি-লাভের পথে অগ্রসর হইতেছি বুঝিতে হইবে। কিন্তু কেহ যদি স্থারে বা কোন ধর্মমতবিশেষে বিশ্বাসী হয় অথচ এই সাধনচত্ইয়ের অর্থাং ঐ চারিটি গুণসম্পদের অধিকারী না হয় ভাহা হইলে একজন সাধারণ সংসারী মানুষ অপেকা সে আর অধিক ধর্মভাবাপন্ন নহে। বাস্তবিক ভাহার বিশ্বাস কেবলমাত্র

১। নাবিরতো ছল্ডবিভালালালো নাসমাহিত:। নালাভ্যন্দো হাপি প্রজানেনৈর মাথুরাং ।

আৰুবিকাশ

মৌখিক ব্যাপার। আমাদের স্মরণ রাখা উচিত যে ব্যক্তিতে এই সকল গুণের বিকাশ হইয়াছে সেই ব্যক্তির আধ্যাত্মিক শক্তিসমূহের বিকাশ হইতে আরম্ভ হইয়াছে। আধ্যাত্মিক শক্তির বিকাশের সময় স্থভাবে আত্মায় অবস্থিত আত্মসংযমরূপে চিত্তের একাগ্রভাশক্তি প্রভৃতি অন্তর হইতে বিকশিত হইতে আরম্ভ করে এবং ঐ শক্তিগুলি মানবের দৈনন্দিন জীবনের সমস্ত কার্যের মধ্য দিয়া ফুটিয়া উঠে।

এই সংসার যেন একটি বিরাট শিক্ষালয়, সমস্ত মানুষ যেন ইহার শিক্ষাথা এবং মানবের আধ্যাত্মিক বিকাশের বিভিন্ন স্তরগুলি যেন ইহার বিভিন্ন শ্রেণী। এক শ্রেণীর পাঠ শেষ হইলে জীবাত্মা উচ্চতর এক শ্রেণীর শিক্ষা আরম্ভ করে। যদি সে পুনঃপুনঃ একই পাঠ অধায়ন করিতে ইচ্ছা করে ভাহা হইলে ভাহাতে বাধা দিবার কিছু নাই। সে একই শেণীতে বহু বংসর—এমন কি বাসনার পরিবর্তন না হওয়ায় বহুজন্ম পর্যস্ত অধ্যয়ন করিতে পারে। কিন্তু যে মুহূর্তে বারংবার একই পাঠ অধ্যয়ন করিতে সে বিরক্ত হয় এবং ভাহাতে আর আনন্দ পায় না সেই মুহূর্তেই সে স্বভাবতংই উচ্চতর শ্রেণীতে উঠিতে চেষ্টা করে ও নৃতন পাঠ গ্রহণ করে। স্থতরাং যতদিন কোন একটি পাঠ আমাদিগকে আকৃষ্ট ও ভন্ময় করিয়া রাখে ততদিন উচা আমাদিগকে ভৃগ্তিদান করে এবং আমরা আর উচ্চতর পাঠ্যবিষয়ের আবশ্যকতা অমুভব করি না, কিন্তু এমন একটি সময় নিশ্চয়ই আসিবে যথন বর্তমান পাঠগুলি

মাধুর্য হারাইয়া নীরস, বিশাদ ও একছেয়ে বোধ হইবে এবং তখনই আমরা ভাহা অপেকাও শ্রেষ্ঠতর ও অধিক্তর চিত্তাকর্ষক পাঠ্য বিষয়ের অনুসন্ধান করিব। জীবাত্মা বর্তমান যাহা-কিছুর অধিকারী ভাহা অপেক্ষা উচ্চতর শ্রেষ্ঠতর বস্তুর জন্ম অনুসন্ধান তাহার ক্রেমিক আধ্যাত্মিক অভিব্যক্তির কারণ। অধিকাংশ মানব ইন্দ্রিয়পুথকর বিষয়ে এমনই অভিভূত যে, কোন উচ্চতর আদর্শের চিন্তা করা তাহাদের পক্ষে অসম্ভব। তাহারা আপনাদিগকে এরপ অসহায় করিয়া কেলিয়াছেন যে, ভাহাদের মানসিক অবস্থা ক্রীভদাসের স্থায় অবনত হইলেও ইহা তাহারা অনুভব করিতে অক্ষম। > সেজ্ঞ ভগবদগীতায় গ্রীকৃষ্ণ বলিয়াছেন: "সহশ্র সহশ্র ব্যক্তিদিগের মধ্যে ছুই একজন মাত্র মুক্তির অধেষণ করে, অপর সকলে দাসত্তেই আনন্দ পায়। আবার এইরূপ সহস্র সহস্র মুক্তি অধ্বেষণকারী-দিগের মধ্যে ছুই একজন মাত্র আধ্যাত্মিক পরিপূর্ণতা ও নিজেদের মুক্তিলাভের জন্ম অধ্যবসায়ের সহিত সাধন। ও চেষ্টা করিয়া থাকে। ^১ জোর জবরদন্তি করিয়া ঔষধের বড়ি খাওয়াইয়া দেওয়াব ভায়ে কেহ কাহাকেও কোনও দিন জোর করিয়া ধর্মভাবাপন্ন করিতে পারে না।

আপাতদৃশ্যমান (apparent) ও সাধারণ মানবের অস্তঃপ্রকৃতির

লোগৈরবপ্রসন্তানাং তবাশহতচেতদান্।
 ব্যবদারাত্বিকা বৃদ্ধিঃ সমাধৌ ন বিধীরতে #—গীতা ২।৪৪

মুদ্রাণাং সহক্রের্ কল্ডিদ্ যতাতি সিশ্বরে।
 যতামণি সিদ্ধানাং কল্ডিঝাং বেতি ভশ্বতঃ ।—গীতা গ্রু

আথবিকাশ

ক্রমিক বিকাশের দ্বারা তাহার আধ্যাত্মিক পরিপূর্ণতা সংসাধিত হয়। প্রত্যেক মানব মনে আপনা হইতে অকস্মাৎ একদিন আত্মাকে জানিবার ইচ্ছা অবশ্যই উদিত হইবে। সেই ইচ্ছা বলবতী হইলে মানবকে অনাত্মা হইতে আত্মাকে, অনিত্য হইতে নিত্যকে, অসত্য হইতে সত্যকে বিচার করিবার প্রেরণা দান করিবে। এই নিত্যানিত্যবস্ত্রবিবেক আত্মবিকাশের তৃতীয় ষ্মবস্থা। যথার্থ বিচার ও বিবেক হইতে পার্থিব স্থভোগ এবং স্বর্গাদি সুথে ইহাসূত্রফলভোগবিরাগ অর্থাৎ জড় ও অনিতা বস্তুতে অনাসক্তি বা বৈরাগ্য সাধনার চতুর্থ অবস্থা। এই সদস্দ্বিচারশীল অবস্থায় মানধের পক্ষে ধন সম্পদ এবং ইন্দ্রিয়সুখের বিন্দুমাত্রও মোহ ও আকর্ষণ থাকে না, তখন তাহার জীবনের সমগ্র লক্ষ্যই আফুল পরিবর্তিত হইয়া যায়। নিখিল ভূবন কাঁপিয়া উঠিলে বা চুণবিচুৰ্ণ হইয়া গেলেও এই অবস্থা হইতে সে আদৌ বিচলিত হয় না। এই অবস্থা লাভের পর সংধক আত্মজানরূপ পঞ্চম অবস্থায় উপনীত হন। আধাাত্মিক ক্রমোম্বতির পথে অগ্রসর হইবার সময় সাধককে অনেকগুলি মধ্যবর্তী অবস্থা অতিক্রম করিতে হয়। সাধক তথন নিজের মধ্যে বছ অলৌকিক শক্তি অমুভৱ করেন এবং নানারূপ বিশায়কর ও চিতাকর্ষক বস্তুর সম্খীন হন: সাধক তাঁহার মনকে যদি এরপ কোন শক্তির দারা আকৃষ্ট হইতে দেন তাহা হইলে সেই স্থানেই ভাঁহার আধ্যাত্মিক উন্নতির গতি রুদ্ধ হইয়া যাইবে। অপরের মনোভাব বলিয়া দেওয়া, দুরবর্তী ঘটনাসমূহ অবগত

হওয়া, ভবিদ্বাৎ বিষয়ের বর্ণনা দেওয়া ও ব্যাধির আরোগ্য করা প্রভৃতি যে সকল যোগজশক্তি প্রতিটি মানবের অন্তরে শৃপ্ত আছে তাহারা সাধককে প্রলোভন দেখাইয়া অধংপাতিত করে। সাধারণ ইন্দ্রিয়প্রথের আকর্ষণী শক্তিই যখন এইরূপ প্রবল তথন উরত মানসিক শক্তিলাভের ফলে স্ক্র্যুপ্রপ্রের আকর্ষণ আরও কত ভীষণ! যাহা হউক, আধ্যাত্মিক পরিপূর্ণতা লাভ করিতে অভিলামী ব্যক্তিকে যেমন করিয়া হউক ঐ সকল প্রলোভন জয় করিতে হইবে, নতুবা তাহার সকল প্রয়াস বার্থ হইবে। তাহাকে নিয়লিখিত সাধু ও কাঠুরিয়ার উপাখ্যানটি শ্ররণ রাখিতে হইবে এবং ব্রহ্ম- সাক্ষাৎকাররূপ যে চরম-আদর্শ তাহার সম্মুথে রহিয়াছে তাহা ছাড়া অক্স-কোন বিষয়ে জ্বেশ্পে না করিয়া সেই দিকেই তাহাকে জ্বমাগত অগ্রদর হইতে হইবে।

উপাখ্যানটি ইইল এই: ভারতবর্ষে এক গভীর অরণাের প্রান্তভাগে কোন একটি প্রানে একজন দরিত্র কাঠুরিয়া বাস করিত।
অরণাে সংগৃহীত কাঠ বিক্রেয় করিয়া ভাহাকে জাবিকা অর্জন ও
সংসার প্রতিপালন করিতে ইইত। সে সমস্তদিন বৃক্ষশাখা
ছেদন করিত ও ভাহা শুক্ষ করিয়া জাটি বাধিত এবং দিবাঅবসানে ভাহা হাটে সইয়া ছই-চারি আনায় বিক্রয় করিত।
সেই সামান্ত অর্থের উপরই ভাহার সমগ্র পরিবারের প্রতিদিনের
ভরণপােষণ নির্ভর করিত। এইভাবে ভাহার কয়েরক বংসর
অতিকস্তৈ অভিবাহিত হইল। একদিন প্রকাণ্ড এক কার্চের

বোঝা লইয়া অবসর দেহে সেই অরণ্য হইতে বাহির হইবার সময়ে দয়াভদ্রচিত্ত এক সাধুর সহিত তাহার সাক্ষাৎ হইল। সাধু ভাহার ত্বরবস্থা দেখিয়া বলিলেন: 'হুহে বাপু, আরও গভীর বনে অগ্রসর হণ্ডনা কেন ?' দরিদ্র কাঠুরিয়া উত্তর করিলঃ 'কেন মহানয়, এখানেই আমি যথেষ্ট কাঠ পাইতেছি, স্বুডরাং আর বেনী দূরে অগ্রদর হইয়া কি ফল অধিক হবে 🤨 কাঠুরিয়ার এই কথা শুনিয়া সাধু পুনরায় তাহাকে অরণ্যের মধ্যে আরও অগ্রসর হুইতে উপদেশ দিয়া চলিয়া গেলেন। তিনি প্রস্থান করিবার পর ভাঁহার বাক্যগুলি কাঠুরিয়ার মনে এক গভীর রেখাপাভ করিল। অরণ্যের যেই স্থানে সাধুর সহিত সাক্ষাৎ হইয়াছিল সেই স্থানে প্রদিন উপস্থিত হইলে মহাপুরুষের উপদেশ তাহার স্মরণ হইল এবং সে তাহা একবার পরীক্ষা করিতে মনস্থ করিয়া অরণোর গভীরতর প্রদেশে প্রবেশ করিল। যথম সে অরণোর বনলতা ভেদ করিয়া গভীরে অগ্রসর ইইতেছিল ও মনে মনে সাধুর উপদেশের অর্থ কি ভাহা চিন্তা করিতেছিল তথন সে হঠাং চন্দনের মধুর সুবাস আগ্রাণ করিল ও ইতস্ততঃ দৃষ্টিপাত করিয়া নিকটেই বহু চন্দনবৃক্ষ দেখিতে পাইল। তখন ভাগার আনন্দের সীমা রহিল না৷ সে সাধুর উদ্দেশ্যে ধ্যুবাদ দিল ও যথাসাধা চন্দনকাষ্ঠ আহরণ করিয়া বাজারে লইয়া গিয়া উচ্চমূল্যে বিক্রয় করিল। পূর্বের স্থায় কার্য করিতে থাকিলেও সে পাঁচ বংসরে যাহা পাইত তাহা অপেক্ষা অধিক লাভ করিল। পরদিন পুনরায় সে অরণ্যে গমন করিল ও সাধুর উপদেশ স্মরণ

করিয়া যনে মনে চিন্তা করিল—'সন্ন্যাসী আমাকে চনদনকাছের কথা কিছুই বলেন নাই, তিনি কেবল 'অগ্রসর হইয়া পড়' কথাই বলিয়াছেন।' এইরূপ ভাবিয়া সে যেই স্থানে চলনকার্চ পাইয়াছিল দেই স্থান অভিক্রম করিয়া আরও অধিক দূরে জঙ্গলের মধ্যে অগ্রসর হইল। অবশেষে সে একটি ভাষ্রখনি দেখিতে পাইল। তখন সে যতদূর সম্ভব তাম সংগ্রহ করিল ও বাজারে ডাহা বিক্রয় করিয়া প্রচুর অর্থ লাভ করিল। পরদিন পুনরায় সাধ্র উপদেশ অগুসারে তাম্থনির নিকট না থামিয়া আরও গভীরতর জললে অগ্রসর হইল এবং একটি রৌপ্যের খনি দেখিতে পাইল। সেই দিন সে খনি হইতে প্রচুর রৌপ্য সংগ্রহ করিল ও সেই সংগৃহীত রৌপা বিক্রয় করিয়া সে প্রচুর অর্থ লাভ করিল। কিন্তু শাধুর সেই অগ্রসর হইবার উপদেশ সে বিস্মৃত হয় নাই। দিনের পর দিন সে ক্রমশঃ বনের মধ্যে অধিক ভর অগ্রসর হইতে লাগিল। পথের মধ্যে যে সকল অদ্ভুত বস্তু আবিষ্কার করিতে লাগিল ভাহাতে সে বিচলিত বা লক্ষ্যভ্ৰষ্ট হইল না। অবশেষে একদিন দে একটি স্বৰ্ণখনি অতিক্রম করিয়া হীরক ও নানাবিধ মূল্যান মণিরত্বের খনিতে আসিয়া উপনীত হইল। সাধু যে তাহাকে ঐ স্থানেই উপস্থিত হইতে উপদেশ দিয়াছিলেন তাহা নিশ্চিত বুঝিয়া দে আর অধিক দূর অগ্রসর হইল না এবং সেই মণিরত্নাদি লইয়া দেশের মধ্যে একজন সর্বশ্রেষ্ঠ ধনী হইল।

যাঁহারা আধ্যাত্মিক পরিপূর্ণতালাভের আকাজ্ঞা করেন

তাঁহাদের সম্বন্ধেও ঠিক ঐ এক উপদেশ। যাঁহার আধাাত্মিক ক্ষেত্রে উন্নতি লাভ করিতে চেষ্টা করিয়াছেন তাঁহাদের সকলেরও প্রতি মহাপুক্ষগণের ঐ উপদেশ—"অগ্রসর হও"। সামান্ত উন্নতির পথে ছই চারিটি সিদ্ধাই, বিভৃতি বা শক্তি লাভ করিয়া সাধনের প্রচেষ্টা হইতে তাঁহারা সাধককে বিরত হইতে বলেন

ে নাম-যশের কমিনা ও নানাপ্রকার ছুরাকাজকায় প্রভারিত হইয়া অনেকে এই সকল সিদ্ধাইকে আধ্যাত্মিক সম্পদ বলিয়া ভ্রম করে এবং ভাবে যে, তাহারা যখন মানসিক শক্তির বলে অপর লোকের ব্যাধি প্রভৃতি আরোগ্য করিতে পারে তথন তাহারা নিশ্চয়ই আধ্যাত্মিক জ্ঞান লাভ করিয়াছে। আমেরিকায় এই প্রকার আত্মপ্রতারিত অলোকিক শক্তি-ব্যবসায়ীদিগের (miracle-mongers) সংখ্যা দিন দিন বুদ্ধি পাইতেছে দেখিয়াছি। যদি কাহারও অন্তরে আধাাত্মিক সিদ্ধি লাভ ও ঈশ্বর-সাক্ষাৎকারের বাসনা থাকে জবে সে যেন ঐ সকল বিভূতির প্রলোভন হইতে সাবধান থাকে। ঐ সকল **শ**ক্তির একটিও সত্যকার আধ্যাত্মিকতার লক্ষণ নহে। অতএক আধাংত্মিক তত্ত্বসাক্ষাৎকারে অভিনায়ী ব্যক্তিকে একাস্থয়ত্ত্বের সহিত আধ্যাত্মিক উন্নতির পথে ঐ সকল প্রতিবন্ধক অতিক্রম করিতে হইবে। মাহারা এই সকল সিদ্ধাই বা শক্তিতে আসক্ত হয় ভাহাদের যতদিন সেই আসক্তি থাকে ততদিন ভাহারা দিব্যক্তান লাভ করিতে পারে না। সিদ্ধাইগুলি মামুষকে মানসিক ভারে (mental plane) আবদ্ধ রাথে ও ভাহাকে

এভাবে মোহমুগ্ধ করে যে, সে আধ্যাত্মিক অনুভূতির ভূমিতে আরোহণ করিবার চেষ্টা পর্যন্তও বিসর্জন করিতে প্রস্তুত হয়।

হিন্দুযোগীরা এই বিভূতিরূপ শক্তিগুলিকে নিম্নস্তরের প্রলোভন অপেক্ষা অধিকতর শক্তিশালী সূক্ষতর প্রলোভন বলিয়া বর্ণনা করিয়াছেন। এই প্রকার শক্তিলাভের আকাজ্ঞা যত্রপূর্বক ত্যাগ করা উচিত। উহারা যদি আপনি আ**দে আস্ক**, কিন্তু উহাদিগকে পাইবার জগু চেষ্টা করা উচিত নয়। উহারা আমাদের উন্নতির নিদর্শনমাত্র (sign-posts), কিন্তু সাধনার ব্দল্য বা সংবাচ্চ বস্তু নহে। উহাদের নিজেদের কোনই মূল্য নাই সেইজন্ম উহাদিগকে তথু সতা-উপলব্ধিক প্রতিবন্ধকরূপে জানিয়া সর্বদা পরিত্যাগ করা শ্রেয়। ধর্মসাধনার প্রকৃত **লক্ষ্য** বিস্মৃত না হইয়া যে সকল সাধক ঈশ্বরসাক্ষাংকারকে ইজাবনের শ্রেষ্ঠ লাভ ও আদর্শ বলিয়া জানেন এবং সেই উদ্দেশ্যকে সর্বদা মনশ্চক্ষুর সম্মুখে রাখিয়া অবিচলিত চিত্তে অগ্রসর হন, ঐ সকল বিভূতি বা যোগশক্তি তাঁহার আর কোন অনিষ্ট করিতে পারে না। যথার্থ সাধক সমাধিতে ত্রন্দানুভূতির অভিলাষী, তাই ভাঁহার৷ সর্বপ্রকার অলৌকিক শক্তির প্রলোভনকে জয় করিয়া অধ্যাত্মবিকাশের পঞ্চমন্তরে উপনীত হন। ক্রমশ তাঁহাদের দিব্যচক্ষু উন্মুক্ত হয় ও পরমভত্ত্বের আভাদ পাইতে থাকেন। এই অবস্থায় উন্নত সাধক উপলব্ধি করেন আ্যা দেহ হইতে সম্পূর্ণ স্বতম্ব। স্কাশরীর কি তাহাও তিনি এই সময়ে

আত্মবিকাশ

হাদয়ক্ষম করেন। আত্মা পুনরায় শরীর ধারণ করে কিনা, এই জন্মের পূর্বেও আনার অন্তিব ছিল কিনা—ইত্যাদি বিচিত্র প্রহোর তথন সমাধান হইয়। থাকে। সেই অবস্থায় দিব্যজ্ঞান লাভ হয় এবং সিদ্ধ অবস্থার ফলে সাধক দৈহিক ও মানসিক সকল জটিল বিষয়ের মীমাংসা করিতে পারেন। ঈশ্বরের সহিত আত্মার প্রকৃত সম্বন্ধ তথন তিনি উপলব্ধি করেন ৷ এই ঈশ্বরামুভূতি বা দিবাজ্ঞানলাভের পর মানুষ আধ্যাত্মিক বিকাশের আরও উন্নত ভূমিতে আরোহণ করেন। ইহা ষষ্ঠ পরিপূর্ণ আধ্যাত্মিকতার আলোকপ্রকাশের বা অধ্যাত্ম-জ্ঞানের চরমভূমি। এই সময়ে সাধক আপন অভিব্যিত লক্ষ্যে উপনীত হন এবং এই জন্মেই ব্রহ্মসাক্ষাৎকার করিয়া শাখত 🥆 আনন্দের অধিকারী হন। বিভিন্ন দেশের ভিন্ন ভিন্ন যোগী ও দার্শনিকগণ এই অবস্থাকে বিভিন্ন নামে অভিহিত করেন। সংস্কৃত ভাষায় ইহার নাম 'সমাধি'। বৌদ্ধগণ ইহাকে 'নির্বাণ' বলিয়া থাকেন। নির্বাণের শর্থ হুংখ-কন্তু, স্বার্থপরতা ও সর্বপ্রকার অপূর্ণতার অবসান এবং প্রমানন্দ লাভ। কেহ কেহ ইহাকে অনস্তিৎ বা শৃত্তার অবস্থা (nothingness) বলিয়াও মনে করেন। কিন্তু প্রকৃতপক্ষে সমাধি অর্থে শৃগুভাকে নির্দেশ

> শৃততা মাধ্যিক বৌদ্ধনের চরমনিদ্ধান্তের প্রিণ্ডি। এই শৃততা voul
কথবা 'nothingness' নয়, কিন্তু 'anchness' বা 'thatness'-এং, অধাং কোন-কিছু
সত্তার নামান্তর। আচার্য শহর এই বলিয়া ব্রদ্ধতা ও উপনিষদ্ভাব্যেও শৃততা থওন
করিয়াহেন এবং বলিয়াচেন, শৃথিতা যে সাধনার চরমপারণতি ইহা কে বলিল এবং কেই
বা ইহা অমুত্র করিল দু অবজই ভাল' চইলে এই শৃংখার একজন বস্তা ও অমুভ্রুক্তা
আছেন বিনি বলেন সভা বা শুণা' দু ভালা হইলে এখন বলিতে হয়, এই

করে না। ইহা আধ্যাত্মিক পূর্ণভালাভের অবস্থা। মধ্যযুগের ধাানী ও মরমী খুষ্টান সাধকরা (mystic) ইহাকে দিব্য-ভাবাবেশ (ecstasy) বলিয়া বর্ণনা করিয়াছেন ও আধুনিক শৃষ্টানগণ ইহাকে ঈশ্বরসাযুজ্য (Divine communion) বলেন। নাম অবশ্য বিভিন্ন হইতে পারে, কিন্তু অবস্থাটি সর্বক্ষেত্রেই এক দেখা যায়। এই অবস্থা বিশ্বের সকল ধর্মের চক্ষে এক ও সমান। খুষ্টান, মুসলমান, বৌদ্ধ, হিন্দু ও অ্যান্ত ধর্মের সভ্যাধেষী সাধকরা স্থুলইন্দ্রিয়রাজ্যের পরপারে অভিস্থা প্রমটেড্রের উপলব্ধির জন্ম কঠোর সাধনা করেন। এই অতীন্দ্রিয় অবস্থায় সমাধি লাভ করিয়াই যীল 'খুষ্ট' হইয়াছিলেন এবং শাকামুনি 'বৃদ্ধ**হ' লাভ করিয়াছিলেন**। খ্রীষ্টীর উনবিংশ শতকে ভারতবর্ষে ভগবান শ্রীরামকুঞ্চদেব আবিভূতি হইয়া এই আত্মোপলব্ধির পর্ম-অবস্থা লাভ করিয়া-ছিলেন। শত-সহস্র লোক বর্তমানে শ্রীরামকুফদেবকে ঈশ্বরের অবতার বলিয়া পূজা করিতেছে। তাহার পর সকল মহাপুরুষ ও লোকগুরুই সমাধিকে ধর্মসাধনার সর্বোচ্চ সিদ্ধির অবস্থা বলিয়া বর্ণনা করিয়াছেন। এই অবস্থায় সমূজ্পানিনী নদীর ন্থায় মানব ঈশ্বরের দিকে অগ্রসর হয় ও ভাহার সেই ব্যাকুলতার গতি কিছুতেই রোধ করিতে পারে না।

প্রতিটি জীবাত্মা অবিশ্রাস্তভাবে ভাহার প্রক্ষরপ্রতা বা শুস্তর বলা ও অনুবক্তা অবগ্রই শুস হইতে পৃথক এবং তিনি পরমটৈতত্ত্বর পর্য বজাহা। স্তরাং পর্যন্ত্র 'nothinguess' বা void কোনাই নন . ওাহার দ্বা অবগ্রই আছে এবং সেল্ল ভাহা শুণারও বোদ্ধা বা জাতা আল্লার বর্মণ।

আত্মবিকাশ

প্রকৃত স্বরূপকে প্রকাশ করিতে চেষ্টা করিতেছে। অমুভূতির এই যঠ ভূমিতে উপনীত হইলেই তাহার সাধনপ্রচেষ্টা সম্পূর্ণরূপে সার্থক হয়। এই অমুভূতি লাভ হইলে জীবন ও মৃত্যুর সকল সমস্তার সমাধান হয়। এই অবস্থায় মনের সকল সংশয়ের চির-অবদান ঘটে ও সকল প্রশ্নের মীমাংদা হইয়া যায়। বই অবস্থায় লোকে সমগ্র পরিদৃশামান বিশ্বজগতে অনুস্থাত অথবা পরিব্যাপ্ত পরমঙ্গতার সহিত একত উপলব্ধি করে ও তথন জীবাত্মা নিখিল জগংগ্রপঞ্চ ও প্রকৃতির মায়িক ্রাভাব হইতে মুক্ত হয়। এইরূপে সাধক সেই অতীন্ত্রিয় অবস্থা হইতে ব্যুখিত হইয়া^ড যখন সাধারণ জ্ঞানভূমিতে অবতরণ করেন তথন দেখা যায়, ভাঁহার সমগ্র স্বভাব বা প্রকৃতি পরিবর্ভিত হইয়া গিয়াছে। প্রতিটি কার্যে তথন তাঁহার দিবাভাব পরিসূট হয় এবং ডিনি চন্দ্র, সূর্য, তারকায়, নিজের আত্ময় ও বিশ্বের সকল ক্ষেত্রে ও বস্তুতে সেই এক দিবাসভা দর্শন করেন। এই দিব্যজ্ঞানের ফলে বিশ্বসম্বন্ধে ভাঁহার দৃষ্টিভঙ্গী পরিবর্তিত হয়। তথম তিনি দিব্যনেত্রে যে দিকে দৃষ্টিপাত করেন সেই দিকেই ব্রহ্মসন্তার ক্ষুরণ ও বিকাশ দেখিতে পান।

বিশ্বচরাচর সেই অসীম দিবাসন্তায় অধিষ্ঠিত। ভারতবর্ষ ও অক্সান্সদেশের বহু দার্শনিক এই অবস্থা লাভ করিয়াছেন।

ভিছতে এবরগ্রিক্সিক্সেক্ সর্বসংশয়াঃ।
কারতে চ,ত কথানি তালিন্ দৃষ্টে পরাবরে #—মুগুকোপনিবং

৩। 'বৃহথান' অনেকটা অর্থবাদের স্থার। এছত্রানীর পক্ষে উথান বা বৃহ্বান বলিয়া কোন কথাই প্রকৃতপক্ষে যুক্তিবৃক্ত হইতে পাবে না।

যীভখুষ্টের ছই শতাকী পরবর্তীকালে নবপ্লেটোপদ্বী (Neo-Platonist) প্রটাইনাস (Plotinus) তাঁহার জীবনে চারিবার এই দিব্যাঅনুভূতি লাভ করিয়াছিলেন । সমাধির নামে কেহ কেহ এরপ আশদা করেন যে, ইহাতে মানুষের ব্যক্তিস্বাভন্তা वो वाक्रिमदा একেবারে বিলুপ্ত ३ইয়া যায়। কিন্তু সমাধির অবস্থায় আমরা কখনই আমাদের ব্যক্তির হারাই না। এই অবস্থা পাভ করিয়া প্রটাইনাস ভাঁহার বন্ধু ফ্লাকাসকে (Flaccus) বলিরাছিলেন: "ইহাতে আমাদের অন্তরে এক গভীর-উপলব্ধি হয়। তুমি জিজ্ঞাসা করিতেছ যে, কিরূপে ভগবানকে জানা যায় ? আমি খলি, যুক্তি বা বিচার দ্বার। ভাঁগকে জানা যায় না। কেননা যুক্তির কার্য কোন এক বস্তুকে অপর বস্তু হইতে পৃথক করিয়া দেখানো ও সেই বস্তুসম্বন্ধে জ্ঞানের আলোকপাত করা। স্থুতরাং আত্মা কখনও ইন্দ্রিয়ের বিষয়ীভূত হইতে পারেন না। তুমি কেবল বিচার অপেকা শ্রেষ্ঠতর কোন খুত্তি লাভ করিয়া তুমি আর সাস্ত ও 'অহং'-সত্তা-বিশিষ্ট না থাকিয়া দিব্যপ্রকৃতির অধিকারী হও সেই অবস্থায় প্রবেশ করিয়া অনম্ভের স্বরূপ ভগবানকে উপলব্ধি করিতে পার। ইহাই অতীব্রিয় ভাবের অবস্থা (ecstasy)। এই অবস্থায় সমস্ত জাগতিক অশাস্তি ও উদ্বেগের ভাব হইতে মন মুক্ত হয়। সমপ্রকৃতিবিশিষ্ট বস্তুই সমানধর্মী বিষয়কে क्वित्र छेललिक कतिराज लारतः, पार्थाः कान विषयरक সমাকরপে বুঝিতে হইলে আমাদিগকে তাহার নাায় সমগুণ-

আত্মধিকাৰ

বিশিষ্ট হইতে হইবে। এই অবস্থায় ভূমি সকল সীমার অতীত হও বলিয়াই ভূমা অর্থাৎ অংগ্রের সহিত তোমার একত উপলব্ধি কবিতে পার। আপন স্বরূপে ও দিব্যপ্রকৃতিতে আত্মাকে একীভূত করিলে তুমি সেই মিলন বা একত্ব উপলব্ধি করতে পার।" পরফাইরিয়াস্ (Porphyrius) ছেষট্ট বংসব বয়দে এই চরম-অতীন্দ্রিয় অবস্থা লাভ করিয়াছিলেন। সৃষ্টীয় পঞ্চম শতকে ডাইওনিসিয়াস্ (Dionysious) ইহাকে ভাবাবস্থা অথবা ঈশ্বরের সহিত আত্মার মিলন বলিয়াছেন। চতুদ শ শতকের বিখ্যাত খুষ্টান মরমী-দার্শনিক এক্হার্ট (Meiset Eckhart) সমাধিতে ভগবদমূভূতির অবস্থাকে এইভাবে বর্ণনা করিয়াছেন: "দ্রদযে পূর্ণশান্তি বিরাজ করা চাই এবং কেবল তখনই ঈশ্বরের মৌনবাণী আমাদের অস্তরে প্রবেশ করিবে এবং ঐশ্বরিক দিব্যজ্যোতিঃ মানুষকে উদ্তাসিত করিয়া তাহাকে ঈশ্বরে অর্থাৎ শিবে পরিণত করিতে পারে। যখন রিপুগণের উত্তেজনা প্রশমিত সমস্ত পার্থিব বাসনা শান্ত হয় এবং তথনই ঐশবিক বাণী প্রবণ করা যায়।"

প্রকৃতপক্ষে ঐশবিক বাণী শুনিতে হইলে আমাদের
চক্ষল চিত্তকে সর্বতোভাবে শাস্ত, সমাহিত ও একাগ্র কবিতে হইবে। আমাদের মন যদি ছঃখ, বাসনা ও উদ্বেশের মারা বিচলিত হইতে থাকে ভাহা হইলে ঈশবের বাণী প্রবণ করা আমাদের পক্ষে কিরুপে সম্ভব হইতে পারে ?

যথাসময়ে ঐশ্বরিক বাণী শুনিবার জন্ম আমাদিগকে ঐ সকল প্রতিবন্ধক হইতে মনকে মুক্ত করিয়া শান্তি লাভ করিতে হইবে। এই শান্তিময় অবস্থায় ঈশবের আদেশ লাভ করা যায় এবং ঐ আদেশ বা ভগবদ্পেরণার অর্থ হইল অন্তরে উচ্চতর চৈত্তগ্রের অভিব্যক্তি লাভ করা। আমরা এই চৈত্রগ্র প্রকাশের পর আধুনিক বিজ্ঞান যাহাকে 'অজ্ঞাত ও অক্ষেয়' (unknown and unknowable) বলে ভাহার **স্বরূপ হাদয়ঙ্গম করিতে পারি। তখন উহা 'জ্ঞাত ও জে**য়' (known and knowable) হয়। কিন্তু সাস্ত ও স্মীন মনের দারা সেই অসীম চৈত্তগ্রস্কুপ আত্মজান লাভ করা যায় না। বরং মনকে অনন্ত ও বৃত্তিপৃত্য করিতে হইবে এবং তবেই আত্মজান লাভ হয়। অধ্যাত্মসাধনার দারাই তাহা সম্ভব। যে ব্যক্তি এই দিবাচেতনা লাভ করে নাই সে ইহার অর্থ উপলব্ধি করিতে শত শতবার জীবনে ভূল করিবে। সে হয়তো বলিবে: "সৃষ্ট জীবের পক্ষে শ্রষ্টার সহিত অভিন হওয়া কিরূপে সম্ভব ?" অথবা বলিবে: "জন্ম হইতে যে মানব পাণী—দে কি কখনও এই অবস্থা লাভ করিতে পারে 🕍 কেহ কেহ বলিবে উহা শৃন্যতার অবস্থা। হোরেসিও ড্রেসার (Horatio Dresser), স্থাভেজ (Savage) এবং অপর কেই কেহ ইহাকে সংজ্ঞাশুমূতা বা চৈতস্থারহিত অবস্থা বলিয়া মনে করেন। পাশ্চাভ্যের কোনও অধ্যাপক একবার আমাকে বলিয়াছিলেন যে, অতীম্প্রিয় অবস্থা বলিয়া কিছু

নাই। যুক্তি বা বিচার বাকাদ্বারা সকল বক্তির বিশ্বাস উৎপাদন করা যায় না। নিজের মধ্যে এই অবস্থাকে উপলব্ধি করিতে হইবে। সকল সভাজ্ঞী মহাপুক্ষ স্বীকার করিয়াছেন এইরূপ একটি অবকা আছে। ইহা মূছা, বায়ুরোগ বা সংজ্ঞাহীনতার ফলে কুত্রিম নিজাবস্থা (hypnotic sleep) নহে। এই ভূথীয় অবস্থায় সমগ্র মানবপ্রকৃতি সম্পূর্ণ পরিবর্তিত হয়। যিনি এই অবস্থা লাভ করিয়াছেন তিনি আর পূর্বের স্থায় জীবন যাপন করেন না: তিনি প্রজালাভ করেন, তাঁহার মুখ্মওল দিবা-জোতিতে উদ্রাসিত হয় ও তাঁচার দৃষ্টিভঙ্গীর সম্পূর্ণ রূপান্তর ঘটে। হয়তো তিনি পূর্বে দ্বৈতবাদী ছিলেন ও কিশ্বাস করিতেন ঈশ্বর এই বিশ্বের বাহিরে অবস্থিত, কিন্তু জান-লাভের পর তিনি সর্বত্র ব্রহ্মদর্শন করেন। তিনি সম্পূর্ণ স্বার্থপুনা হইয়া নিখিল বিশ্বে এক সর্বব্যাপী ঐশী ইচ্ছাকে সর্বত্র ক্রিয়মান হইতে ও এবং নিজের অসীম ইড়াকে আর বিশ্ববাপী অসীম ইচ্ছা হইতে স্বতন্ত্র বোধ করেন না। যিনি এই বিরাট ইচ্ছায় বাক্তিগত ইচ্ছা সমর্পণ করিয়া বৃস্তচাত পত্রের স্থায় শান্তভাবে অবস্থান করেন তিনিই আধ্যাত্মিক পূর্বতঃ লাভ করেন। বুক্ষশাখা হইভে পতিত কোন পত্র থেমন একট কান হইতে স্থানান্তরে সঞ্চালিত হয় তেমনি প্রকৃত আধাামভাবাপর মানব স্বার্থসম্বন্ধে সম্পূর্ণ স্পৃহাশূল হইয়া শাস্তভাবে অবস্থান করিলে ঈশ্বরের অনস্ত ও বিরাট रे ज्हा বায়ুর ন্যায় ভাহার দেহ ও মনকে চালিত করে।

এইরূপ ব্যক্তির মন ও দেহ সর্বশক্তিময়ী ইচ্ছার যন্ত্র ও ক্রীড়াভূমিতে পরিণত হয়। ইহাই আধাাত্মিক বিকাশের সপ্তম ও চরম-অবস্থা। হিন্দুদর্শনে ইহাকে জীবক্তিক বলে। সাধক এই সময়ে খৃষ্টই বা বৃদ্ধই লাভ করেন। তবে এই পুইটি শক্তে আধ্যাত্মিক সভ্যান্ত্রভূতির সর্বোচ্চ অবস্থা নুঝায়. কোন ব্যক্তিবিশেষকে বৃঝায় না।

যদি কেই বলেন, এইরপে অবস্থা লাভ করা অসম্ভব, তাহা হইলে যীশুখ্রীষ্ট যে আপনার দিব্যস্বরূপ উপলব্ধি করিয়া-ছিলেন ভাহাই বা কিরুপে সম্ভব হইতে পারে ? ভাঁহাকে ভিত্তি করিয়াই সমগ্র খৃষ্টধর্মরূপ সৌধ নির্মিত হইয়াছে এবং তিনি অতীন্ত্রিয় বা দিবাজ্ঞান লাভের প্রমাণ্ড প্রদর্শন করিয়াছিলেন। কোন কোন ব্যক্তি এই অবস্থাকে অবজ্ঞা করিতে পারেন ও এই শিক্ষাকে মরমীবাদ (mysticism) বলিতে পারেন। যদি ইহা ছুজে য় ভাবাবন্ধা হয় তাহা হইলে যীশুঞীইও একজন ভাববিদশ্ধ যোগী বা মর্মী ছিলেন . তিনি ভাঁহার দিবাস্থরূপ উপলব্ধি করিয়াছিলেন, সুত্রাং মর্মীবাদের উপরই তাঁহার ধর্ম প্রতিষ্ঠিত। আর যী শুরুষ্ট যদি সেই ব্রহ্মান্তভূতির অবস্থা লাভ করিয়া থাকেন তাহা হইলে প্রত্যেকেই তাহা লাভ করতে পারেন। কেহ কেই ভাবিয়া থাকেন যে, তিনি সাধারণ প্রাকৃতিক নিয়মের ব্যতিক্রম (exception) ছিলেন। কিন্তু বস্তুত আমরা প্রত্যেকে এই অবস্থা লাভ করিতে পারি; আমাদের কেহই নই হইবে না বা

অথবা অনন্ত নরকগামী হইবে না। এই ব্রহ্মদর্শন বা দিব্যজ্ঞান লাভেরও আবার বহু পথ আছে। যদি আমরা ঈশবোপলকিকে জীবনের শ্রেষ্ঠ আদর্শরূপে গ্রহণ করি, সত্যলাভের জন্ম মনকে উন্মুক্ত বাখি ও অশ্বভাবে যে কোন শিক্ষার অনুসরণ না করিয়া সাধারণ জ্ঞান (common sense) ও যুক্তি প্রয়োগ করি তাহা হইলে সরলতা ও বিচারশক্তি পরিচালিত ঐকাস্থিকতা ও প্রাকৃত অধ্যাত্মজানসম্পন্ন গুরুর উপদেশ অভযায়ী সভোর জন্ম ব্যাকুল অনুসন্ধান নিশ্চয়ই আমাদিগকে সকল অবস্থার মধ্য দিয়া ব্রহ্মামুভূতি ও আধ্যাত্মিক পূর্বার অবস্থায়ই লইয়া যাইবে। তাই যদি তুমি এই জীবনেই সেই অবকা লাভ করিতে চাও এবং ইন্দ্রিয়সুখের দাস না গুইয়া নিজেই নিজের প্রভুরূপে আধ্যাত্মিক জগতে অবস্থান করিতে ইচ্ছা কর ভাহা হইলে তোমাকে প্রথমে উন্নত ও দিবা-প্রকৃতিদ্বারা পশুপ্রবৃত্তিকে দমন করিতে হইবে। এই উচ্চতর প্রকৃতি পূর্ব হইভে জোমাব মধ্যে নিহিত—ইহা উপলকি কর। তোমার নীচপ্রবৃত্তি ও রিপুগুলিকে সম্পূর্ণভাবে দমন কর, তাহা হইলে তুমি ইন্দ্রিয়ন্থের উপর আধিপত্য স্থাপন করিয়া আধ্যাত্মিক স্তরে স্বাধীনভাবে অধিষ্ঠিত হইতে সমর্থ হইবে। যদি এইরূপ জীবন যাপন করিতে না পার তবে যাহাবা আত্মজয়ী হইয়াছেন তাঁহাদের সঙ্গ কর। এই সাধুসক্ষের ফলে ভোমার জীবনে ভাঁহাদের আদর্শ প্ৰতিফলিত হইবে।

এক্ষণে তুমি বলিতে পার যে, এইরূপপুণ্যচরিত্র সাধু বাক্তি কোথা পাইব ় এইরূপ ব্যক্তির সন্ধান করা যদি তোমার পক্ষে অসম্ভব হয় ভাহা হইলে যেকোন আদর্শ-জীবন গ্রহণ করিয়া ভাঁহার অমুসরণ কর এবং সেইরূপ হইতে চেষ্টা কর। যদি থী শুখুষ্টের^১ উপর ভোমার বিশ্বাস থাকে তবে সেই আদর্শকেই নিজের মনের সম্মুখে সর্বদা রাখিবে এবং ভাঁহার জীবনকৈ আদর্শ করিয়া তদমুসারে স্বীয় জীবন গঠিত করিতে চেষ্টা করিবে। আদর্শসম্বন্ধে অক্স কাহারও বাখ্যা বা অভিমত প্রবণ করিবে না। সর্ববিধ দেববাদ, কুসংস্কার ও পুরোহিতকুলের মনগড়া যুক্তিকৌশল দূরে সরাইয়া দিয়া যীতথ্টের স্থায় পবিত্র জীবন যাপন করিতে যত্নবান হইবে এবং তাহা হইলেই সম্স্ত সমস্থার সমাধান আপনার অস্তর হইতে আসিবে। যদি এইরপ করিতে না পার এবং ঈশ্বর ও প্রার্থনায় বিশ্বাস থাকে তবে ঈশ্বরের উপাসনা কর এবং ভাঁহার নিকট এই ব্রহ্মশাক্ষাংকারের জন্ম প্রার্থনা কর, তোমার প্রার্থনা নিশ্চয়ই পূর্ব হইবে ৷ যদি ভগবানের নিকট প্রার্থনায় তোমার বিখাস না থাকে ও যীশুর জীবন অনুসরণ করিতেও প্রবৃত্তি না হয় ভাহা হট্লে ভোমার পথ পুনরায় ভিন্ন হইবে। কিন্তু ভাহা হইলেও হতাশ হইবে না, কারণ অন্য পথ বা উপায়ও আছে : ঈশ্বরকে বিশ্বাস বা যীশুকেই ভোমার কেবল পূজা করিতে হইবে

১। আমেরিকার গৃষ্টান লোভ্রর্গের সম্পুথে এই বফুতা প্রদন্ত হইয়াছিল বলিয়।
.এখানে বিশেষভাবে বীওপৃষ্টের কথাই উল্লেখ করা হইয়াছে।

আক্রবিকাশ

না। যথার্থ সভ্যের অধ্যেষণ করা পরিণামশীল হইতে অপরিণা∹ মীর সন্তার এবং ভৌতিক হইতে আধ্যাত্মিক তত্ত্বের পার্থক্য বিচার কর। এই বিবেক বা বিচারশক্তি পূর্ব হইতে তোশার মধ্যেই নিহিত। সত্যজ্ঞানের জন্ম তোমার 'ভিক্ষা করিয়া বেড়াইতে হইবে না। ভোমার মনশ্চকু উশীলিত কর। চৈত্র কি, জড়পদার্থ কি, জড় হইতে চৈতন্ত্যের উদ্ভব সম্ভব কিনা এবং এই জীবন আৰুস্মিক বা কার্য-কারণ-নিয়মসম্ভূত কিনা ভাহা বিচার ও অনুভব কর। এইভাবে বিচার করিতে অসমর্থ হইলে তুমি কে ও বিশ্বের সহিত তোমার কি সম্বন্ধ ভাহাই জানিতে চেষ্টা কর। ইহাও সহজসাধা বলিয়া মনে না হইলে নিঃস্বাৰ্থ কৰ্ম অৰ্থাং ফশাকাজ্ঞানা করিয়া কেবল কর্মের জন্ম কর্ম কর। তোমার দৈনন্দিন জীবনে যখন কোন কৰ্ম আসিবে তখনই ভাবিবে— যেন তোমার ঋণ পরিশোধ করিতেছে, কোন-কিছু লাভের জম্ম কর্ম করিতেছ না। আপনার কর্তব্য যথাসম্ভব সম্পন্<u>ন</u> করিবার চেপ্তা কর এবং ফলের জম্ম আদৌ চিস্তিত হইবে না। ইহাও যদি অসম্ভব বলিয়া বোধ হয়, তবে সকল জীবকে আত্মবৎ ভাষবাসিতে চেষ্টা কর। যদি আবার মনে কর যে, ভাহাতেও সহজে কৃতকাৰ্য হইবে না তাহা হইলে ভৌমার উচ্চতর প্রকৃতিতে মন একাগ্র করিয়া পবিত্র কোন মন্ত্র অথবা কোন পবিত্র ভাব সইয়া ধ্যান কর।

ব্রহাদর্শন ও আধ্যাত্মিক পূর্ণতালাভের শত শত উপায়

আছে। সভ্যাধেষীর সংখ্যা যত, সতালাভের পথও ভত। বেদাস্ত-দর্শনের শিক্ষার ইহাই বিশেষঃ যে, ইহা কেবল মাত্র উপায় নির্দেশ করিয়া অন্যগুলিকে নিন্দা করে না। বেদাস্থ বলে, প্রতিটি পথ জীবাত্মার শক্তি, প্রবৃত্তি ও সামর্থাচুযায়ী হওয়া একজনের পক্ষে যে পথ হিতকর, অ*লোব পক্ষে* তাহা সেইরূপ নাও হইভে পারে। তাহার পর আমরা যে স্তরে বাস করি, উন্নতির জন্ম ঠিক সেই স্থর হইতে আমাদিগকে পুনরায় সাধনা আরম্ভ করিতে হইবে। আমরা প্রতিটি ক্রমবিকাশের এক একটি স্থরে বা সোপানে অবস্থিত। স্থুতরাং প্রত্যেকেরই নিজ নিজ স্বভাবের উপযোগী পত্ন অবলম্বন করিয়া অকপটভাবে তাহার অনুসরণ করা উচিত এবং অপরের মতামতে মনকে বিচলিত হইতে দেওয়া উচিত নয়। আমাদিগকে আপন বিচারশক্তি ও সাধারণ জ্ঞান (common sense), অর্থাৎ যাহা আমাদের সাধারণ জ্ঞান ভাহারই প্রথমে অমুশীঙ্গন করিতে হইবে। এইরূপ ক্রমাগত অফুশীলনের ফলে আমাদের হুদয়াকাশে আধ্যাত্মিক জ্ঞান-সূর্য উদিত হইবে ও তথ্নই আমরা সকল বল্ভর স্বরূপ প্রভাক করিতে সমর্থ হইব। পক্ষান্তরে অপরের মতানুসারে চলিলে আমাদের বিশেষ-কিছুই লাভ হইবে না। বিখে সহস্র সহস্র প্রচারক, দার্শনিক ধর্মাজক ও পুরোহিত আছেন বাঁহারা সকলেই নিজ নিজ সাধনার পথকে সর্বশ্রেষ্ঠ ও একমাত্র সভাপথ বলিয়া ব্ঝাইবার চেষ্টা করিভেছেন।

এখন কোন্টি যে ঠিক পথ তাহা কে স্থির করিবে? যে পর্যস্ত না আমাদের জ্ঞানের সর্বোচ্চ অবস্থা লাভ হয়, সেই পর্যস্ত কোন্টি যে সর্বশ্রেষ্ট বা চরমপথ তাহাও আমরা নির্ধারণ করিতে পারি না। কারণ আমাদের সিদ্ধান্ত কতকগুলি অবস্থা বা আদর্শের (standard) উপর নির্ভর করে। ভাহারাও আবার পরিবর্তনশীল। আজ যাহাকে সর্বোচ্চ বলিয়া বোধ ইইতেছে, কাল হয়তো তাহাকে সেইরূপ বোধ নাও হইতে পারে। যিনি মানব-জীবনের সর্বোচ্চ আদর্শে উপনীত হইয়াছেন তিনিই কেবল বলিতে পারেন যে, কোনটি প্রকুতপক্ষে সর্বোচ্চ ও সর্বোন্ডম। আদর্শ বিভিন্ন দেশে বিভিন্ন যুগে পৃথক পৃথক—এইকথা বিশ্বের মহাজ্ঞানী ও ব্রেণ্য ধর্মগুরুগণ একবাক্যে ঘোষণা করিয়াছেন। ভাঁহারা বলেন, দিব্যজ্ঞানের অবস্থা সর্বত্রই একরপে এবং এই অবস্থা বর্ণনায় ভাঁহারা সকলেই একমন্ত। यो শুখুই, বুদ্ধদেব, শ্রীকৃষ্ণ, শ্রীরামকৃষ্ণ এবং এমন কি চিন্তাশীল মরমিগণ গ্লাটিনাস্ ও একহাট প্রভৃতি সকলের উক্তিতে এই সম্বন্ধে বিশেষ কোন প্রভেদ নাই। তাঁহারা প্রত্যেকেই শিক্ষা দিয়াছেন যে, সকল সত্যাম্বেমীর পক্ষে সার্বভৌম সত্য এক এবং ব্রহ্ম-সাক্ষাংকার বা দিব্যজ্ঞান লাভই সকলের চরমলক্ষা।

দিব্যজ্ঞান লাভ সমস্ত ধর্মের সর্বেচ্চ আদর্শ। আমরা যে কোন মতভুক্ত বা সম্প্রদায়ভুক্ত হই না কেন, তাহাতে কিছু আসে হায় না। আধ্যাত্মিকতা কোন মতবাদে বা সম্প্রদায়ে আবদ্ধ কিংবা কোন সজ্ঞবদ্ধ ধর্মবিশেষে সীমার্যদ্ধ থাকিতে পারে না। ইহা মানবের আভান্তরিক দিব্যপ্রকৃতির পরিপূর্ণভার উপরেই নির্ভর করে। যে ধর্ম ইহা শিক্ষা দেয় না এবং যাহা বলে না যে, ব্রহ্মদর্শন বা ঈশ্বরের উপল্লিডে জাতি-ধর্ম-নির্বিশেষে সকলেরই সমান অধিকার। সেই ধর্ম ধর্ম নামের যোগ্য নহে, সেইরূপ ধর্ম কুত্রিম, স্বতরাং নিম্প্রয়োজন। অনেকে বেদান্তকে শুরুবিচার ও তর্কপূর্ণ দর্শনশাস্থ বলিয়া মনে করেন, কিন্তু প্রকৃতপক্ষে সেকথা সভা নহে। প্রতিটি জীবাত্মাকে আধাাত্মিক পূৰ্ণতা লাভ এবং প্ৰত্যেক আত্মাকে সনাতন স্ত্যের সাক্ষাংকার করানোই বেদান্তের আদর্শ। বেদাস্তমতে প্রতিটি জীব বা আত্মাই আধ্যাত্মিক ক্রমবিকাশের প্রণাদী অনুসারে শীঘ্র হউক আর বিলম্বেই হউক কোন-না-কোন কালে ব্ৰক্জানের অবস্থা লাভ করিবে। শত শত জন্ম পাপকার্য করিয়া আসিতেছে এইরূপ মহাপাণীও যদি মুহূর্তের জ্বন্য ভাষার দিব্যস্বরূপ উপলব্ধি করিতে পারে ভাহা হইলে সে সর্বপাপমুক্ত হইয়া এই জীবনেই পবিত্র, পূর্ণ ও ঐশ্বরিক ভাবসম্পন্ন হইবে। যে কেহ সমাধি, আত্মসাক্ষাৎকার বা দিব্যজ্ঞানের অবস্থা লাভ করে সে ব্যক্তিই ব্রক্ষের সহিত নিজ্ফরপের একাল্মতা ও অভিনতা উপলব্ধি করিয়া ধন্য হয় !

।। উপসংহার ॥

জীবাস্থা ও পরমানা, অনাত্মা ও আত্মা, জড় ও চৈডস্থ, ভূমি ও ভূমা, জীব ও ঈশ্বর, অবিল্যা ও বিল্লা, অন্ধকার ও আলোক—এই হুইটি সত্তা ও পদার্থকে লইয়াই প্রতিটি শাস্ত্রের ও সাধনার প্রচেষ্টা, প্রতিটি মানবের জীবনকর্মের আকুলতা ও জীবনের জিল্ঞাসা। তুই আছে বলিয়াই আমরা একে বা অদিতীয় বস্তুতে উপনীত হইতে চেষ্টা করি। কিন্তু আত্মার বিকাশ বলিতে আমরা বুঝি কি ? আমরা বুঝি জীব বা মানুবের যথার্থ স্বরূপের বিকাশ, নচেৎ আত্মা অথণ্ড, এক ও অদ্বিতীয়। আ্যার গতি অপূর্ণ হইতে পূর্ণতা বা পরিপূর্ণতার দিকে। তিনি শুদ্ধ বুদ্ধ মুক্ত অপাপ-বিদ্ধ, স্থতরাং অপূর্ণতা হইতে তাঁহার মুক্তি বা পূর্ণপ্রকাশের কোন সার্থকতাই পাকিতে পারে না। অবিভামোহিত জীব বা সাধারণ মানবাঝার ব্থার্থসতার বিকাশরপ পরি-পূর্ণতার নামই 'আহাবিকাশ'। অতা কথায়, মানুষ বা সকল প্রাণীর যথার্থ স্বরূপসত্তার বিকাশ ও ভাহার অরুভূতিই 'আত্মবিকাশ'-শব্দের সার্থকতা।

মায়াসমাচ্ছর জীবের বা মারুযের অসম্পূর্ণ সন্তার পূর্ণ-প্রকাশকে সার্থক করার জন্মই আত্মসংযম, আত্মসংযমের পর ধারণা ও ধ্যান, অর্থাৎ বিভিন্ন দিকে বিচ্ছুরিত মনের একীকরণ াা সণীকরণ এবং পরে ঈশ্বরচৈতকারপে আত্মার বা বন্দোর পরিপূর্ণ অকুভূতি। এইরূপ আত্মবরূপের পূর্ণাকুভূতির নাম গড্কন্সাসনেস্'বা ঈশ্বরায়ভূতি।

আত্মসংযম বা আত্মদমন এই কারণে প্রয়োজন যে, সাধারণ আত্মা বা জীবাত্মারপ মানুষের মন চক্ষু-কর্ণ-নাসিকা প্রভৃতি পঞ্চ ইন্দ্রিয়ের সাহায়ো রূপ-রস-গদ্ধপূর্ণ পৃথিবীর সকল বস্তুতে আসক্ত থাকে। এই আসক্তি-নিরাসক্তিরূপ যথার্থস্বরূপের সন্ধান দিতে পারে না। ঈশ্বরবিমুখ ভোগাসক্ত মন সর্বদাই চকল। এইরূপ মন বাহাবস্তুর দৌনদর্যেই সর্বদা মোহিত থাকে, অন্তরে বা সকলের হৃদয়ে আসীন পরমান্মার দিকে ধাবিত হয় না। সেইজন্ত 'কঠোপনিষেদে' বলা হইয়াছে--"পরাঞ্চি খানি বাতৃণং সমৃত্তুস্তমাৎ পরাত্ত,পশ্যতি নান্তরাঅন্"। 'থানি' কিনা ইন্দ্রিয়ানি। আমাদের ইন্দ্রিয়সমূহ বিধের বাহ্য-সৌন্দর্যেই আসক্ত হইয়া থাকে, অন্তর্যামীরূপে অস্তরে সে সর্ববন্ধনমুক্ত আত্মা সমাসীন তাঁহার প্রতি আকৃষ্ট হয় না। আত্মসংযমরূপ সাধনা বা কর্ম বহির্বস্তুর দিকে চালিত ও বিক্রিপ্ত মনকে একটি বস্তুতে কেন্দ্রীভূত করে এবং সেই কেন্দ্রগত স্থির ও অচঞ্চল মন আত্মস্বরূপের নিরাবরণরূপে নিবদ্ধ হইবার চেষ্টা করে। ঋষি পতঞ্জলি যোগদাধনার প্রবর্তন করিয়া এই সচঞ্চল মনকে নিরুদ্ধ বা স্নাহিত করিতে শিক্ষা দিয়াছেন। তিনি বলিয়াছেন "যোগশ্চিত্তবৃত্তি-নিরোধঃ"। 'যোগ' অর্থে মনকে সমাহিত বা বিশুদ্ধচৈতত্তে

আত্মবিকাশ

কেব্রায়িত করা। বিক্লিপ্ত চঞ্চল মনই সংসার ও বন্ধন এবং অচঞ্চল মন বিশুদ্ধতৈত্ত। যোগবাশিষ্ঠ-রামায়ণে মনকেই জগৎ-এর কর্ভা বা স্রপ্তা বলা হইয়াছে। মন সংযত হইলে বা সচঞ্চল মন স্থির-ধীর-অচঞ্চল হইলে মানুষ নিজের পরিশুদ্ধ স্থরপকে অমুভব করিতে পারে। মনের চাঞ্চল্যরূপ বৃত্তিকে স্থির করিবার জন্মই ধারণা ও ধ্যানের প্রয়োজন। 'ধারণা' -শব্দের অর্থ মানুষ যে অজ্ঞানাবদ্ধ প্রাণী নহে, জগ্ম-মৃত্যুরূপ আবর্তনের অধীন নহে—ইহা বারবার চিন্তা বা মনন করা। এইরপ বারংবার চিন্তা বা মনন যখন ঘণীভূত হয় তখনই হয় ধ্যান। 'ধ্যান' কিনা আত্মাচৈতগুরূপ বিশুদ্ধস্বরূপে মনকে সম্পূর্ণভাবে স্থির করা। বায়্বিহীন নিস্তরক স্থানে প্রদীপের শিখা যেইরূপ সর্বদা অচঞ্চল, স্থির, ধীর থাকে সেইরূপ মনে বাসনা-কামনারূপ বৃত্তি বা ভরঙ্গ না থাকিলে মন আত্মস্বরূপে স্থির ও'স্থিত হয়। মনের এই অচঞ্চলরূপের স্থিতির নামই 'ধাান'। ধাানে মন একাগ্র হয়, চৈতক্তরূপ আত্মায় স্থিত হয় এবং আত্মস্বরূপের জ্ঞানে মহিমারিত হয়। গীতা ও অস্থায় অধ্যাত্মশান্ত্রে এই ধ্যানের বর্ণনা করা হইয়াছে এবং ঋষি পতঞ্জলি বিশেষভাবে থানের মহিমা কীর্তন করিয়াছেন।

ধ্যানের স্থিতাবস্থার নাম 'সমাধি'। 'সমাধি' বিভিন্ন প্রকারের, কিন্তু নির্বিকল্প বা সকল কল্পনা ও রুত্তিবিহীন অবস্থাই সমাধির চরমরূপ। এই নির্বিকল্প অবস্থায় 'আমি'-র সংস্কারও থাকে না, থাকে একমাত্র আত্মাহ্নভূতি বা ব্রহ্মাহ্নভূতি।

ব্রনার্ভূতির অপর নাম ঈশ্বরচেতনা, ঈশ্বার্ভূতি বা 'গড্কনসাদনেদ্'। ঈশ্বর বলিতে সগুণ ঈশ্বর নহেন— যিনি মায়ার (মহামায়ার) সাহায্যে সৃষ্টি-স্থিতি-প্রলয় কার্য করেন, এই ঈশ্বর বিশুদ্ধচৈততা—যাহাকে বেদান্তদর্শন 'তৃরীয়' বা 'চতুর্থ চৈততা' বলিয়। অভিহিত করিয়াছে। এই ঈশ্বরে অবিছা বা মায়া নাই, এমন কি মায়ার কল্পনাও নাই, কারণ মায়াই বন্ধনের সীমরেখা সৃষ্টি করে। মন সমাজিত হইলে নির্বিকল্পমাধি ও তাহাতে স্থিত হইলে বিশুদ্ধতৈভয়ুরূপ ঈশ্বর বা ব্রহ্মের অপরোকাত্মভূতি হয়। 'অপরোক্ষ' অর্থে সাক্ষাং, অর্থাং অপরোক্ষ-অমুভূতিতে মানুষের যথার্থস্কাপ যে আত্মা বা ব্রহ্ম ইহা সন্দেহাতীতরূপে প্রতীতি বা জ্ঞান হয়। এই জ্ঞানের নাম 'ব্রক্ষবিজ্ঞান'। এই ব্রক্ষবিজ্ঞান-রূপ স্বরূপজ্ঞানের অনুভব হইলে সকল হৃদয়গ্রন্থীর নিরসন হয়, সকল সংশয় দ্রীভূত হয় ও সকল প্রকার সকাম কর্মের তথা বাসনা-কামনার নির্তি হয় এবং তখনই ঈশ্বদর্শন হয়। ঈশ্বদর্শন ও আত্মান্তভূতি এককথা। এই অনুভূতিলাভই সকল মামুধের জীবনের চর্মলক্ষা।